and have been formed into a Chief Commissionership, called the Chief Commissionership of Assam, and a Chief Commissioner has been appointed for the same:

And whereas it is expedient to provide for the exercise within the said territories of the powers heretofore exercised therein under or by virtue of any law or regulation by the Lieutenant-Governor of Bengal and the Board of Revenue for the Lower Provinces of the Presidency of Fort William in Bengal, respectively; It is hereby enacted as follows:—

Powers of Lieutenant-Governor and Board transferred to Governor-General in Council

1. All powers over the whole or any portion of the said territories which at the time of the formation of the said Chief Commissionership were under or by virtue of any law or regulation vested in, or exerciseable by, the said Lieutenant-Governor or Board of Revenue, shall be taken to have been, on the formation of the said Chief Commissionership, transferred to and vested in the Governor-General in Council.

Delegation of such powers.

2. The Governor-General in Council may, from time to time, delegate to the said Chief Commissioner all or any of the said powers, and withdraw any powers so delegated.

Saving of power of Lieutenant-Governor to complete certain arrangements with zamíndárs.

3. Nothing herein contained shall be deemed to affect the power of the said Lieutenant-Governor to complete and carry out arrangements pending at the passing of this Act for making compensation to zamíndárs or other persons under Act No. XXII of 1869, section seven.

THE SCHEDULE.

Kámrúp.	Gáro Hills.
Darrang.	Khásí and Jaintiá Hills.
Nowgong.	Nága Hills.
Sibságar.	Cachar.
Lakhimpur.	Goálpára.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 21*st April* 1874.]

অধীনে লইয়া "আসামের প্রধান কমিশ্যনরী" নামে প্রধান কমিশ্যনরের এলাকা করিয়া, তথায় এক জন প্রধান কমিশ্যনর নিযুক্ত করিয়াছেন।

আরো বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ও বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বঙ্গ-প্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সাহেবেরা সেইং প্রদেশের মধ্যে কোন আইনের কি ব্যবস্থার বলে কি তৎক্রমে যেং ক্ষমতানুসারে কার্য্য করিয়া আসিতেছেন, সেইং ক্ষমতাক্রমে কার্য্য হইতে থাকিবার বিধান করা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা গেল।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ও বোর্ডের ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি অর্পণ করিবার কথা।

১ ধারা। উক্ত প্রধান কমিশ্যনরী স্থাপন করিবার সময়ে উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের কি রেবিনিউ বোর্ডের প্রতি কোন আইনের কি ব্যবস্থার বলে কি তৎক্রমে উক্ত প্রদেশের সমুদয় কি কোন অংশের উপর যে সকল ক্ষমতা বর্ত্তিত, কিম্বা উক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কি রেবিনিউ বোর্ড যেং ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিতেন, উক্ত প্রধান কমিশ্যনরী স্থাপন করা গেলেই সেই সকল ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি হস্তান্তরিত হইয়া অর্পণ করা গেল, এমত জ্ঞান করিতে হইবে ইতি।

ঐং ক্ষমতা হস্তান্তর করিবার কথা।

২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং উক্ত প্রধান কমিশ্যনর সাহেবের প্রতি উক্ত সকল কি তন্মধ্য কোন ক্ষমতা অর্পণ করিতে পারিবেন, ও তদ্রূপ অর্পিত ক্ষমতা পুনঃগ্রহণও করিতে পারিবেন ইতি।

জমীদারদের সঙ্গে কোন বন্দোবস্ত শেষ করিয়া ফেলিবার বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের ক্ষমতা রক্ষার কথা।

৩ ধারা। এই আইন প্রচলিত হওনসময়ে, ১৮৬৯ সালের ২২ আইনের ৭ ধারামতে জমীদারদের কি অন্য ব্যক্তিদের হানিপূরণ করিবার বন্দোবস্তের যে কার্য্য উপস্থিত থাকে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সেই বন্দোবস্ত সমাধা করিয়া তদনুসারে কর্ম্ম চালাইবার যে ক্ষমতা আছে, এই আইনের কোন কথা দ্বারা তাহার ব্যাঘাত হইল, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

তফসীল।

কামরূপ।	গারো পর্ব্বত।
দরঙ্গ।	খাসি ও জয়ন্তীয়া পর্ব্বত।
নওগাঁ।	নাগা পর্ব্বত।
শিবসাগর।	কাছাড়।
লক্ষীপুর।	গোয়ালপাড়া।

উইটলি ষ্টোক্‌স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 7th April 1874, and is hereby promulgated for general information :—

Act No. IX of 1874.

THE EUROPEAN VAGRANCY ACT, 1874.

CONTENTS.

Preamble.

PART I.

Preliminary.

Sections.

1. Short title.
   Local extent.
   Commencement.
2. Repeal of Acts.
3. Interpretation-clause.

PART II.

Procedure.

4. Power to require apparent vagrant to go before Magistrate.
5. Summary inquiry into vagrant's circumstances.
   Order to go to work-house.
6. Forwarding vagrant to place of employment.
7. Assistance to obtain employment.
8. Subsistence allowance.
9. Power to give certificates.
   Form of certificate.
10. Power to invest certain officials with jurisdiction of Justices under sections 5, 7, 8 and 9.

PART III.

Government Work-houses.

11. Provision of Government work-houses.
    Scale of diet.
12. Superintendence of work-houses.
13. Search of vagrants.
14. Discipline.
15. Refusal to accept employment.

PART IV.

Removal from India.

16. Removal of vagrants.
    Cost of removal.
17. Agreements with vagrants.
    Form of agreement.
18. Power to perform agreement.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪ ২১ আপ্রিল।]

মন্ত্রিবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ৭ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের নিম্নলিখিত আইনবিষয়ে সম্মতি প্রকাশ করাতে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল

১৮৭৪ সালের ৯ আইন।

ইউরোপীয় বেটুয়াগিরিবিষয়ক ১৮৭৪ সালের আইন।

সূচীপত্র।

হেতুবাদ।

প্রথম খণ্ড।

পরিভাষা।

ধারা।

১। আইনের সংক্ষেপ নাম।
   যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।
   যে অবধি চলিবে তাহার কথা।
২। যে২ আইন রহিত করা গেল তাহার কথা।
৩। অর্থ করণের ধারা।

দ্বিতীয় খণ্ড।

কার্য্য প্রণালীর বিধি।

৪। যাহাকে বেটুয়া জ্ঞান হয় তাহাকে মাজিষ্ট্রেটের নিকট যাইতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।
৫। বেটুয়ার অবস্থার সরাসরি সন্ধান লইবার কথা।
   হরিনবাড়ীতে যাইবার আজ্ঞার কথা।
৬। বেটুয়াকে কর্ম্ম স্থানে চালান করিবার কথা।
৭। কর্ম্ম পাইবার সাহায্যের কথা।
৮। খোরাকীর কথা।
৯। সর্টিফিকট দিবার ক্ষমতার কথা।
   সর্টিফিকটের পাঠ।
১০। কোন২ কর্ম্মকারকদের প্রতি ৫, ৭, ৮, ৯ ধারা মতে জষ্টিসদের বিচারাধিপত্য প্রদান করিবার কথা।

তৃতীয় খণ্ড।

গবর্ণমেণ্টের হরিনবাড়ীর বিধি।

১১। গবর্ণমেণ্টের হরিনবাড়ী নিরূপণ করিবার কথা।
   আহারের নিয়মের কথা।
১২। হরিনবাড়ীর কর্ত্তৃত্বের কথা।
১৩। বেটুয়াদের গা তলাশীর কথা।
১৪। শাসনের কথা।
১৫। কর্ম্ম লইতে স্বীকার না করিলে তাহার কথা।

চতুর্থ খণ্ড।

দেশান্তরে পাঠাইবার বিধি।

১৬। বেটুয়াদিগকে দেশান্তরে পাঠাইবার কথা।
   দেশান্তরে পাঠাইবার খরচের কথা।
১৭। বেটুয়াদের সহিত নিয়মপত্রের কথা।
   নিয়মপত্রের পাঠ।
১৮। নিয়মপত্র সফল করিবার ক্ষমতার কথা।

PART V.

Penalties.

Sections.

19. Refusal to go before Magistrate.
Assaulting Police.

20. Escaping from Police.
Quitting work-house without leave.
Failing to return to work-house.

21. Failing to proceed to port of embarkation
Refusing to go on boardship.
Escaping from ship.

22. Returning to India.

23. Begging.

24. Procedure on close of imprisonment.

25. Penalty on shipmaster bringing European convicts to India.
Power to exempt certain shipmasters.

26. Recovery of fines.
Payment of fines.

27. Prosecutions.

28. Limits of jurisdiction.

29. Validity of proceedings where Magistrate is not the nearest.

PART VI.

Miscellaneous.

30. Deprivation of privileges of European British subjects under Criminal Procedure Code.

31. Liability of importers of Europeans or employers of soldiers becoming vagrants.
Recovery of charges.

32. Liability of consignee in case of Europeans who arrive in charge of animals and become vagrants.
"Consignee" defined.
"Agent" defined.

33. Evidence of declaration under section five.

34. Exercise of powers conferred on Local Government.

35. Exercise in Native States of powers conferred on Magistrates, Justices and Police.

36. Power to make rules for guidance of officers
The first Schedule (form of Certificate).
The second Schedule (form of Agreement.)

[*Government Gazette*, 21*st April* 1874.]

পঞ্চম খণ্ড।

দণ্ডের বিধি।

ধারা।

১৯। মাজিষ্ট্রেটের সম্মুখে যাইতে স্বীকার না করিবার কথা।
পোলীসের উপর আক্রমণ করিবার কথা।

২০। পোলীসের হাতহইতে পলায়নের কথা।
অনুমতিবিনা হরিনবাড়ীহইতে চলিয়া যাইবার কথা।
হরিনবাড়ীতে ফিরিয়া না যাইবার কথা।

২১। যে বন্দরে জাহাজে উঠিবে সেই বন্দরে না যাইবার কথা।
জাহাজে না যাইবার কথা।
জাহাজহইতে পলাইবার কথা।

২২। ভারতবর্ষে ফিরিয়া আসিবার কথা।

২৩। ভিক্ষার কথা।

২৪। কারাদণ্ডের সময় গত হইলে কার্য্যপ্রণালীর কথা।

২৫। ইউরোপীয় বন্দিদিগকে ভারতবর্ষে আনিলে জাহাজের অধ্যক্ষের দণ্ডের কথা।
কোন২ জাহাজের অধ্যক্ষকে মুক্ত করিবার কথা।

২৬। অর্থদণ্ডের টাকা আদায় করিবার কথা।
অর্থদণ্ডের টাকা যাহাকে দেওয়া যাইবে তাহার কথা।

২৭। অভিযোগের কথা।

২৮। বিচারাধিপত্যের সীমার কথা।

২৯। অতি নিকট মাজিষ্ট্রেট না হইলেও কার্য্যসিদ্ধির কথা।

ষষ্ঠ খণ্ড।

বিবিধ বিধি।

৩০। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ব্রিটনীয় প্রজাদের পক্ষে যে বিশেষ অনুগ্রহের বিধি আছে তাহা রহিত হইবার কথা।

৩১। ইউরোপীয়েরা বেটুয়া হইলে, যাহারা তাহারদিগকে এই দেশে আনান কি কর্ম্ম দেন তাঁহারদের দায়ের কথা।
খরচ আদায় করিবার কথা।

৩২। এই দেশে ইউরোপীয় ব্যক্তিদের জিম্মায় পশ্বাদি আনা গেলে ও সেই ব্যক্তিরা বেটুয়া হইলে ঐ পশ্বাদি যাহারদের নিকট আনা গেল তাহাদের বা এজেন্টদের দায়ের কথা।
কানসাইনী শব্দের অর্থ।
এজেন্ট শব্দের অর্থ।

৩৩। ৫ ধারামত নির্দ্দেশ লিপির প্রমাণের কথা।

৩৪। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতার্পণ হইল তদনুসারে কার্য্য করিবার কথা।

৩৫। মাজিষ্ট্রেটদের ও জষ্টিসের ও পোলীসের প্রতি যেং ক্ষমতা প্রদত্ত হইয়াছে এতদ্দেশীয় রাজগণের অধিকারে সেইং ক্ষমতাক্রমে কার্য্য হইবার কথা।

৩৬। কার্য্য কারকদের কার্য্য পদ্ধতি দর্শাইবার বিধি করিবার ক্ষমতার কথা।
তফসীল।

An Act to consolidate and amend the Law relating to European Vagrancy.

Preamble.

Whereas it is expedient to consolidate and amend the laws relating to persons of European extraction who wander in a destitute condition throughout India; It is hereby enacted as follows:—

PART I.

Preliminary.

Short title.

1. This Act may be called "The European Vagrancy Act, 1874:"

Local extent.

It extends to the whole of British India and to the dominions of Princes and States in India in alliance with Her Majesty;

Commencement.

And it shall come into force at once: Provided that sections four to sixteen (both inclusive), nineteen, twenty, twenty-four and twenty-nine shall not come into force in Coorg, or in the Andaman and Nicobar Islands, or in any of the dominions of the Princes and States in India in alliance with Her Majesty not situate within the limits of any Presidency, Lieutenant-Governorship or Chief Commissionership in British India, until such day or respective days as the Governor General in Council from time to time, by notification in the *Gazette of India*, appoints in this behalf.

Repeal of Acts.

2. Acts No. XXI of 1869 *(to provide against European Vagrancy)* and No. XXVIII of 1871 (*to amend the European Vagrancy Act*, 1869), are hereby repealed.

But all appointments and orders made, workhouses provided certificates given, powers conferred, rules prescribed and exemptions granted under the former Act, shall be deemed to have been respectively made, provided, given, conferred, prescribed and granted under this Act.

Interpretation-clause.

3. In this Act—

"Person of European extraction."

"Person of European extraction" includes—

(*a*) persons born in Europe, America, the West Indies, Australia, Tasmania, New Zealand, Natal, or the Cape Colony,

(*b*) the sons and grandsons of such persons,

ইউরোপীয় লোকদের বেটুয়াগিরি করণ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করনার্থ আইন।

ভূমিকা।

ইউরোপীয় লোকদের বংশজ যে লোকেরা হীনাবস্থায় ভারতবর্ষের নানা স্থানে বেড়ায়, তাহারদের বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

প্রথম খণ্ড।

পরিভাষা।

আইনের সংক্ষেপ নাম।

১ ধারা। এই আইন "ইউরোপীয় লোকদের বেটুয়াগিরি বিষয়ক ১৮৭৪ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের সমস্ত স্থানে, এবং শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে ভারতবর্ষীয় যেং রাজগণ ও রাজ্যাধিকার সন্ধিবদ্ধ আছেন তাঁহারদের রাজ্যেও প্রচলিত হইবে।

যে অবধি চলিবে তাহার কথা।

এই আইন একেবারে প্রচলিত হইবে। কিন্তু কূর্গে কিম্বা আন্দামান ও নিকবার উপদ্বীপে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ ভারতবর্ষীয় রাজগণের যে দেশ ও যে রাজ্যাধিকার ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন প্রেসীডেন্সীর কি লেপ্টেনেন্ট গবরনর কি প্রধান কমিশ্যনর সাহেবদের শাসনাধীন দেশের সীমার মধ্যে না থাকে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়েং ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া সেইং দেশে এই আইনের ৪ অবধি ১৬ পর্য্যন্ত সমস্ত ধারা ও ১৯, ২০, ২৪ ও ২৯ ধারা প্রচলিত হইবার দিন নিরূপণ না করিলে, ঐং ধারা তথায় প্রচলিত হইবে না ইতি।

যেং আইন রহিত করা গেল তাহার কথা।

২ ধারা। ইউরোপীয় লোকদের অন্যায় পরিভ্রমণ নিবারণের বিধান করণার্থ ১৮৬৯ সালের ২১ আইন এবং ইউরোপীয়দের অন্যায় পরিভ্রমণ বিষয়ক ১৮৬৯ সালের আইন সংশোধন করণার্থ ১৮৭১ সালের ২৮ আইন এতৎক্রমে রহিত করা গেল।

কিন্তু প্রথমোক্ত আইনমতে যে সকল নিয়োগ ও আজ্ঞা করা যায় ও যেং কর্ম্মাগারের বিধান করা যায় ও যেং সর্টিফিকট দেওয়া যায় ও যেং ক্ষমতা অর্পণ করা যায় ও যেং বিধি নির্দ্দিষ্ট হয় ও যেং নিষ্কৃতি দেওয়া যায়, তাহা এই আইনমতে করা গেল ও দেওয়া গেল ও অর্পিত ও নির্দ্দিষ্ট হইল, এমত জ্ঞান করিতে হইবে ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। এই আইনে—

"ইউরোপীয় লোকদের বংশজ।"

"ইউরোপীয় লোকদের বংশজ" এই কথার মধ্যে

(ক) ইউরোপ, আমেরিকা, ওয়েষ্ট ইণ্ডিস, অষ্ট্রেলিয়া, টাসমেনিয়া, নিউ জীলাণ্ড, নেটাল ও কেপকলনি নামক দেশজাত ব্যক্তিরা ও

(খ) তাহারদের পুত্র ও পৌত্রগণ গণ্য।

but does not include persons commonly called Eurasians or East Indians :

"Vagrant."

"Vagrant" means a person of European extraction found asking for alms, or wandering about without any employment or visible means of subsistence :

"Master of a ship."

"Master of a ship" includes any person in charge of a decked vessel :

"Magistrate."

And in Parts III and V of this Act "Magistrate" means, within the limits of the towns of Calcutta, Madras and Bombay, a Magistrate of Police, and, outside those limits, a person exercising powers under the Code of Criminal Procedure not less than those of a Magistrate of the second class.

PART II.

Procedure.

Power to require apparent vagrant to go before Magistrate.

4. Any Police officer may within the limits of the towns of Calcutta, Madras and Bombay, require any person who is apparently a vagrant to accompany him or any other Police officer to, and to appear before, the nearest Magistrate of Police, and may, without those limits, require any such person to accompany him or any other Police officer to, and to appear before, the nearest Justice of the Peace exercising the powers of a Magistrate of the first class under the Code of Criminal Procedure.

Summary inquiry into vagrant's circumstances.

5. The Magistrate of Police or Justice shall in such case, or in any other case where a person apparently a vagrant comes before him, make a summary inquiry into the circumstances and character of the apparent vagrant; and if he is satisfied that such person is a vagrant, he shall record in his office a declaration to that effect.

Order to go to work-house.

If he is further of opinion that the vagrant is not likely to obtain employment at once, or if he has reason to believe that a declaration of vagrancy has on any former occasion been recorded in respect of such vagrant, he shall require the vagrant to go to a Government work-house, and shall draw up an order to that effect.

কিন্তু যাহাদিগকে সচরাচর ইউরেশিয়ান কি ইস্ট-ইণ্ডিয়ান নামে বলা যায় তাহারা ঐ শব্দে গণ্য নহেন।

"বেটুয়া"।

"বেটুয়া" শব্দে ইউরোপীয় লোকদের বংশজ যে ব্যক্তিকে ভিক্ষা মাগিতে, কিম্বা নিষ্কর্ম্মা হইয়া কি জীবিকা নির্ব্বাহের স্পষ্ট উপায় বিনা স্থানে২ বেড়াইতে দেখা যায়, তাহাকে বুঝাইবে।

জাহাজের অধ্যক্ষ।

যেব্যক্তি ডুস্তকওয়ালা কোন নৌকাদির অধ্যক্ষ হন "জাহাজের অধ্যক্ষ" শব্দে তিনিও গণ্য।

"মাজিষ্ট্রেট।"

এই আইনের তৃতীয় ও পঞ্চমখণ্ডে "মাজিষ্ট্রেট" শব্দ থাকিলে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার মধ্যে পোলীসের মাজিষ্ট্রেটকে বুঝাইবে। ঐ সীমার বহির্ভূত স্থানে, যে ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন অনুসারে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ন্যূন ক্ষমতাক্রমে কার্য্য না করেন তাঁহাকে বুঝাইবে ইতি।

দ্বিতীয় খণ্ড।

কার্য্যপ্রণালীর বিধি।

যাহাকে বেটুয়া জ্ঞান হয় তাহাকে মাজিষ্ট্রেটের নিকট যাইতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪ ধারা। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার মধ্যে যাঁহাকে দেখিলে বেটুয়া বোধ হয়, পোলীসের কোন কর্ম্মকারক এমত ব্যক্তিকে আপনার কি পোলীসের অন্য কর্ম্মকারকের সঙ্গে২ পোলীসের অতিনিকটবর্ত্তি মাজিষ্ট্রেটের কাছে গিয়া উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও উক্ত সীমার বহির্ভূত স্থানে, পোলীসের কর্ম্মকারক তদ্রূপ কোন ব্যক্তিকে আপনার কিম্বা পোলীসের অন্য কর্ম্মকারকের সঙ্গে২ গিয়া ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনক্রমে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি শান্তিরক্ষার্থ অতিনিকট জষ্টিসের সম্মুখে উপস্থিত হইবার আদেশ করিতে পারিবেন ইতি।

বেটুয়ার অবস্থার সরাসরী সন্ধান লইবার কথা।

৫ ধারা। পূর্ব্বোক্ত স্থলে, কিম্বা অন্য কোন স্থলেও যাহাকে বেটুয়া বলিয়া বোধ হয় এমত ব্যক্তি পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের কি জষ্টিসের সম্মুখে আইলে, তিনি সরাসরীমতে ঐ ব্যক্তির অবস্থার ও চরিত্রের অনুসন্ধান লইবেন। ও সেই ব্যক্তি বেটুয়া, ইহা হৃদ্বোধমতে জানিতে পাইলে আপন আফিসে সেই মর্ম্মের নির্দ্দেশ লিপি লিখিয়া রাখিবেন।

শ্রমবাড়ীতে যাইবার আজ্ঞার কথা।

আরো তৎকালে ঐ বেটুয়ার কর্ম্ম পাইবার সম্ভাবনা নাই এমত জ্ঞান করিলে, অথবা পূর্ব্ব কোন সময়ে তাহার বেটুয়া হওনবিষয়ক নির্দ্দেশলিপি লেখা গিয়াছে এমত জানিবার কারণ থাকিলে, তিনি ঐ বেটুয়াকে গবর্ণমেণ্টের শ্রমবাড়ীতে যাইতে আজ্ঞা করিয়া, সেই মর্ম্মের আজ্ঞাপত্র লিখিয়া দিবেন।

The vagrant shall then be placed in charge of the Police for the purpose of being forwarded to the work-house, and the said order shall be a sufficient authority to the Police for retaining him in their charge while he is on his way to the work-house, and to the Governor of the work-house for receiving and detaining such vagrant.

তাহা হইলে বেটুয়াকে ঐ ফরিদবাড়ীতে আনাইবার জন্যে পোলীসের জিম্মা করিয়া দেওয়া যাইবে, ও সেই আজ্ঞাপত্র খানি ফরিদবাড়ী যাইবার পথে বেটুয়াকে পোলীসের জিম্মা করিয়া লইবার ও তাহাকে ফরিদবাড়ীর অধ্যক্ষের আটক করিয়া রাখিবার যথোচিত ক্ষমতাপত্র হইবে ইতি।

Forwarding vagrant to place of employment.

6. Where the officer making the inquiry mentioned in section five is of opinion that the vagrant is likely to obtain employment in any place subject to the Local Government, or (when the vagrant is in any part of the dominions mentioned in section one) in any place subject to any adjacent Local Government, such officer may in his discretion forward the vagrant to such place in charge of the Police, and draw up an order to that effect.

Such order shall be a sufficient authority to the Police for retaining the vagrant in their charge while he is on his way to such place of employment.

বেটুয়াকে কর্ম্ম স্থানে চালান করিবার কথা।

৬ ধারা। স্থানীয় গবর্ণমেন্টের শাসিত দেশের কোন স্থানে বেটুয়ার কর্ম্ম পাওয়ার সম্ভাবনা, কিম্বা ১ ধারার উল্লিখিত রাজ্যের কোন স্থানে থাকিলে অতিনিকট স্থানীয় গবর্ণমেন্টের শাসিত কোন স্থানে তাহার কর্ম্ম হইতে পারে যে কার্য্যকারক ৫ ধারার উল্লিখিত অনুসন্ধান লন তাঁহার এমত বোধ হইলে, তিনি স্বীয় বিবেচনামতে সেই বেটুয়াকে পোলীসের জিম্মা করিয়া দিয়া সেই স্থানে চালান করিবেন ও সেই মর্ম্মের আজ্ঞাপত্র লিখিয়া দিবেন।

সেই পত্রখানি বেটুয়াকে সেই কর্ম্ম স্থানে যাইবার পথে পোলীসের জিম্মা করিয়া লইবার যথোচিত ক্ষমতাপত্র হইবে ইতি।

Assistance to obtain employment.

7. Upon his arrival at the place of employment, the vagrant shall be taken before the nearest Magistrate of Police or Justice of the Peace exercising powers as aforesaid, to whom the order for transmission shall be delivered.

Such officer shall thereupon, to the best of his ability, assist the vagrant in seeking employment, and may in the meantime, if he think fit, keep the vagrant in the charge of the Police.

Should the vagrant fail to obtain suitable employment within a reasonable time not exceeding fifteen days from such arrival, such officer shall forward him to a Government work-house in the manner provided by section five.

কর্ম্ম পাইবার সাহায্যের কথা।

৭ ধারা। কর্ম্মস্থানে পঁহুছিলে, বেটুয়াকে পোলীসের অতি নিকট মাজিষ্ট্রেটের কিম্বা পূর্ব্বোক্ত ক্ষমতামতে কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকট উপস্থিত করা যাইবে, ও তাঁহাকে সেই ব্যক্তির চালান করিবার আজ্ঞাপত্র দেওয়া যাইবে।

তাহা হইলে সেই কর্ম্মকারক ঐ ব্যক্তির কর্ম্ম পাইবার চেষ্টায় সাধ্যমতে তাহার সাহায্য করিবেন। ইতিমধ্যে উচিত বোধ করিলে তাহাকে পোলীসের জিম্মায় রাখিতে পারিবেন।

বেটুয়া পঁহুছিবার পর পনেরো দিন পর্য্যন্ত উপযুক্ত সময়ের মধ্যে কর্ম্ম না পাইলে, সেই কর্ম্মকারক ৫ ধারার বিধানমতে তাহাকে গবর্ণমেন্টের ফরিদবাড়ীতে পাঠাইবেন ইতি।

Subsistence allowance.

8. Every person while in charge of the Police whether before inquiry as to his vagrancy, or while he is on his way, under section five, to the work-house, or, under section six, to a place of employment, shall be entitled to an allowance for his subsistence at the rate of eight annas per diem.

The Magistrate of Police or Justice, before whom any vagrant is taken under section seven, may, if he think fit, order the vagrant to receive a similar allowance while he is seeking employment.

The Local Government shall cause such allowance to be paid out of such funds at its disposal and in such manner as it may from time to time direct.

খোরাকীর কথা।

৮ ধারা। কোন ব্যক্তির বেটুয়াগিরি করিবার কথার সন্ধান লইবার পূর্ব্বে, কিম্বা ৫ ধারামতে সে ফরিদবাড়ীতে, কিম্বা ৬ ধারামতে কর্ম্মস্থানে যাইবার পথে, যত দিন পোলীসের জিম্মায় থাকে, তত দিন তাহার দিন প্রতি ।০ আনা খোরাকী পাইবার অধিকার থাকিবে।

৭ ধারামতে বেটুয়াকে পোলীস মাজিষ্ট্রেটের কি জষ্টিসের নিকটে উপস্থিত করা গেলে, তিনি উচিত বোধ করিলে বেটুয়া যত দিন কর্ম্মের চেষ্টা করে তাহার তত দিন সেই খোরাকী পাইবার আজ্ঞা দিতে পারিবেন।

স্থানীয় গবর্ণমেন্টের নিকট খরচের যে টাকা থাকে, গবর্ণমেণ্ট সময়েং যে প্রকারে ঐ খোরাকী দিতে আজ্ঞা করেন তাহা সেই টাকাহইতে সেই প্রকারে দেওয়া যাইবে ইতি।

9. Any Magistrate of Police or Justice of the Peace exercising powers as aforesaid may, on being satisfied that any person of European extraction is not likely to become a vagrant, give such person a certificate under his hand stating that for a certain time (mentioning it) not exceeding six months from the date of the certificate, and within certain limits (mentioning them), nothing in sections four, five, six and seven shall apply to the holder of such certificate; and thereupon so long as the certificate remains in force nothing in sections four, five, six and seven shall apply to such person within such limits as aforesaid.

Power to give certificates.

Every such certificate shall be in the form set forth in the first schedule to this Act annexed, or as near thereto as circumstances will admit.

Form of certificate.

10. The Local Government may from time to time, by notification in the official Gazette, invest any Justice of the Peace, District Superintendent of Police, or Assistant District Superintendent of Police with the jurisdiction and powers conferred by this Part on a Justice of the Peace exercising powers as aforesaid.

Power to invest certain officials with jurisdiction of Justices, under sections 5, 7, 8 and 9.

PART III.

GOVERNMENT WORK-HOUSES.

11. The Local Government, with the previous sanction of the Governor General in Council, may provide work-houses, with their necessary furniture and establishment, at such places as it may think proper, for the temporary reception of vagrants,

Provision of Government work-houses.

or may, by writing under the hand of a Secretary to such Government, certify any building, or part of a building not provided as a work-house under the former part of this section, to be fit for a work-house for the purposes of this Act. Every such certificate shall be published in the local official Gazette, and thereupon such building or part of a building shall, until the Local Government otherwise orders, be deemed a Government work-house under this Act.

৯ ধারা। ইউরোপীয় লোকের বংশজ কোন ব্যক্তির বেটুয়া হওয়ার সম্ভাবনা নাই, পোলীসের কোন মাজিষ্ট্রেট কিম্বা পূর্ব্বোক্ত ক্ষমতামতে কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিস ইহা জ্ঞানমতে জানিলে, সর্টিফিকট স্বাক্ষর করিয়া সেই ব্যক্তিকে দিতে পারিবেন। সর্টিফিকটের মর্ম্ম এই, ঐ সর্টিফিকট যাহাকে দেওয়া গেল সর্টিফিকটের তারিখ অবধি ছয় মাসের অনধিক এতকাল অমুক২ সীমার মধ্যে তাহার প্রতি ৪, ৫, ৬, ও ৭ ধারার কোন কথা বর্ত্তিবে না। তাহা হইলে ঐ সর্টিফিকট যত দিন প্রবল থাকে তত দিন উক্ত সীমার মধ্যে ঐ ব্যক্তির প্রতি ৪, ৫, ৬, ও ৭ ধারার কোন কথা বর্ত্তিবে না।

সর্টিফিকট দিবার ক্ষমতার কথা।

উক্ত প্রত্যেক সর্টিফিকট এই আইনের প্রথম তফসীলের পাঠে কিম্বা গতিক বিবেচনায় তদনুসারে লেখা যাইবে ইতি।

সর্টিফিকটের পাঠ।

১০ ধারা। এই খণ্ডদ্বারা পূর্ব্বোক্ত ক্ষমতামত কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি যে বিচারাধিপত্য ও যে ক্ষমতা দেওয়া গেল, স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া শান্তিরক্ষার্থ কোন জষ্টিসের ও পোলীসের কোন ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের ও পোলীসের কোন আসিস্টাণ্ট ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের প্রতি সেই বিচারাধিপত্য ও ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

কোন২ কর্ম্মকারকদের প্রতি ৫, ৭, ৮, ৯ ধারামতে জষ্টিসদের বিচারাধিপত্য প্রদান করিবার কথা।

তৃতীয় খণ্ড।

গবর্ণমেন্টের ছরিনবাড়ীর বিধি।

১১ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট যে২ স্থান উপযুক্ত বোধ করেন, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লইয়া এমত স্থানে২ বেটুয়াদের কিয়ৎকাল থাকিবার ছরিনবাড়ী নিরূপণ করিতে পারিবেন, ও তথার প্রয়োজনমতে সওয়াজিমা ও চাকরপ্রভৃতি নিযুক্ত করিয়া রাখিতে পারিবেন।

গবর্ণমেন্টের ছরিনবাড়ী নিরূপণ করিবার কথা।

অথবা কোন ঘর কিম্বা ঘরের কোন অংশ এই ধারার পূর্ব্ব ভাগানুসারে ছরিনবাড়ীর মত সাজাইয়া রাখা না গেলেও ঐ গবর্ণমেন্টের এক জন সেক্রেটরী সাহেব ঐ ঘর কি ঐ ঘরের এক অংশ এই আইনের কার্য্যপক্ষে ছরিনবাড়ীর উপযুক্ত বলিয়া আপনার স্বাক্ষর করা সর্টিফিকট দিতে পারিবেন। ঐ প্রত্যেক সর্টিফিকট তৎস্থানের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। তাহা হইলে স্থানীয় গবর্ণমেন্ট যত কাল অন্যরূপ আজ্ঞা না করেন তত কাল সেই ঘর কিম্বা ঘরের সেই অংশ এই আইনমতে গবর্ণমেন্টের ছরিনবাড়ী বলিয়া জ্ঞান হইবে।

The Local Government shall allow the same scale of diet for the support of vagrants received in such work-houses as is for the time being allowed for Europeans confined in the local prisons or penitentiaries.

Scale of diet.

12. Every such work-house shall be under the immediate charge of a Governor, who shall be appointed, and may be suspended or removed, by the Local Government.

Superintendence of work-houses.

Every such Governor shall, if the Local Government think fit, be subject to the orders of a Committee of Management appointed from time to time by such Government, or, in the absence of a Committee, to the orders of such officer as the Local Government from time to time appoints in this behalf.

13. Every such Governor may order that any vagrant admitted to the work-house under his charge shall be searched, and that the vagrant's bundles, packages and other effects shall be inspected, and may direct that any money then found with or on the vagrant, shall be applied (subject to the orders of the Local Government) towards the expense of carrying this Act into execution, and may order that all or any of the said effects shall be sold, and that the produce of the sale be applied as aforesaid, but subject to the like orders.

Search of vagrants.

14. Vagrants admitted to work-houses under this Act shall be subject to such rules of management and discipline as may from time to time be prescribed by the Local Government with the previous sanction of the Governor General in Council.

Discipline.

The Local Government may authorize any Governor of a work-house to punish (under or not under the supervision and direction of a Committee of Management, as the Local Government thinks fit) any vagrant who knowingly disobeys or neglects any such rule with any one of the following punishments (namely)—

(*a*) solitary confinement within the work-house for any time not exceeding seven days;

(*b*) solitary confinement within the work-house for any time not exceeding three days upon a diet reduced to such extent as the Local Government may prescribe;

(*c*) hard labour for any time not exceeding seven days;

(*d*) reduction of diet to such extent as the Local Government may prescribe for any time not exceeding five days.

ইউরোপীয় লোক স্থানীয় কারাগারে কিম্বা চরিত্র সংশোধনালয়ে বদ্ধ হইলে যে সময়ে যে হারানুসারে আহার পাইয়া থাকে, স্থানীয় গবর্ণমেণ্ট হরিনবাড়ীতে সেই বেটুয়াদের সেই হারানুসারে আহারাদি পাইবার অনুমতি দিবেন ইতি।

আহারের নিয়মের কথা।

১২ ধারা। তদ্রূপ প্রত্যেক হরিনবাড়ী অব্যবহিত-রূপে কর্ত্তার অধীন থাকিবে। স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে নিযুক্ত করিবেন এবং কিয়ৎ-কালের কি চিরকালের নিমিত্তে অবসরও করিতে পারিবেন।

হরিনবাড়ীর কর্তৃত্বের কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে সময়েং ঐ হরিনবাড়ীর কার্য্যাধ্যক্ষস্বরূপ কমিটী নিযুক্ত করিতে পারিবেন, তাহা হইলে ঐ কর্ত্তা ঐ কমিটীর আজ্ঞাধীনে থাকিবেন, অথবা কমিটী না থাকিলে স্থানীয় গবর্ণমেণ্ট এতৎপক্ষে সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার আজ্ঞাধীনে থাকিবেন ইতি।

১৩ ধারা। তদ্রূপ প্রত্যেক কর্ত্তার অধীন যে হরিন-বাড়ী থাকে তম্মধ্যে বেটুয়াকে লওয়া গেলে, কর্ত্তা তাহার গাত্রতল্লাশী ও তাহার গাঁটরি বোচকা প্রভৃতি সকল দ্রব্য খুলিয়া দেখিবার আজ্ঞা করিতে পারিবেন। তাহার নিকট কি তাহার কাছে টাকা থাকিলে তিনি স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা ক্রমে সেই টাকা লইয়া এই আইনমত কার্য্যের খরচের জন্যে প্রয়োগ করিবার আজ্ঞা দিতে পারিবেন। এবং উক্ত দ্রব্যাদির সমুদয় কি কোন অংশ বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহাও সেই কর্ম্মে প্রয়োগ করিবার আজ্ঞা দিতে পারিবেন। এমত স্থলে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার অপেক্ষা থাকিবে ইতি।

বেটুয়াদের গাত্রতল্লাশীর কথা।

১৪ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি লইয়া, সময়েং ঐ হরিনবাড়ীর কার্য্য চালাইবার ও শাসনাদির যেং বিধি করেন, বেটুয়ারা এই আইনমতে হরিনবাড়ীতে প্রাপ্ত হইলে, সেইং বিধি মানিবে।

শাসনের কথা।

কোন বেটুয়া জানিয়া শুনিয়া উক্ত কোন বিধি না মানিলে কি তুচ্ছ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট ঐ হরিন-বাড়ীর কর্ত্তাকে (স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনামতে কার্য্যাধ্যক্ষ কমিটীর তত্ত্বাবধানে ও আদেশক্রমে কিম্বা তদ্ভিন্নও) নিম্নলিখিত কোন এক প্রকারে ঐ বেটুয়ার দণ্ড করিবার অনুমতি দিতে পারিবেন।

(ক) হরিনবাড়ীর মধ্যে সাত দিনের অনধিক তাহাকে একলা বদ্ধ রাখিতে পারিবেন।

(খ) স্থানীয় গবর্ণমেণ্ট তাহার যত কম আহার পাইবার অনুমতি দেন তাহাকে তত কম আহার দিয়া হরিনবাড়ীর মধ্যে তিন দিনের অনধিককাল একলা বদ্ধ করিয়া রাখিতে পারিবেন।

(গ) সাত দিনের অনধিককাল তাহাকে কঠিন পরিশ্রম করাইতে পারিবেন।

(ঘ) স্থানীয় গবর্ণমেণ্ট যত কম আহার পাইবার অনুমতি দেন, পাঁচ দিনের অনধিক কাল তাহাকে তত কম আহার দিতে পারিবেন।

Or in lieu of any such punishment any such vagrant may, on conviction before a Magistrate of such disobedience or neglect, be punishable with rigorous imprisonment in jail for a term which may extend to three months.

Refusal to accept employment.

15. The Governor and the Committee of Management (if any) of every such work-house shall use his and their best endeavours to obtain outside the work-house suitable employment for the vagrants admitted thereto.

When such employment is obtained, any such vagrant refusing or neglecting to avail himself thereof, shall, on conviction before a Magistrate, be punishable with rigorous imprisonment for a term which may extend to one month.

PART IV.

REMOVAL FROM INDIA.

Removal of vagrants.

Cost of removal.

16. If after the lapse of a reasonable time no suitable employment is obtainable for any such vagrant, the Local Government may either (when he has entered into such agreement as hereinafter mentioned) cause him to be removed from British India in manner hereinafter provided, the cost of such removal being paid by Government;

or it may cause sections twenty-three and thirty to be read to him and may then release him.

Agreements with vagrants.

17. Any vagrant or other person of European extraction may enter into an agreement in writing with the Secretary of State for India in Council, binding himself—

(*a*) to proceed to such port in British India as shall be mentioned in the agreement;

(*b*) there to embark on board such ship and at such time as is directed by an officer appointed in this behalf by the Local Government of the territories in which such port is situate, for the purpose of being removed from India at the expense of the said Secretary of State in Council;

(*c*) to remain on board such ship until she has arrived at her port of destination; and

(*d*) not to return to India until five years have elapsed from the date of such embarkation.

Form of agreement.

Every such agreement may be on unstamped paper and shall be in the form set forth in the second schedule to this Act annexed, or as near thereto as circumstances admit.

কিম্বা কোন মাজিষ্ট্রেটের সম্মুখে আজ্ঞা না মাননের কি তুচ্ছ করণের অপরাধ প্রমাণ হইলে, উক্ত কোন দণ্ডের পরিবর্ত্তে বেটুয়ার কঠিন পরিশ্রম সহিত তিন মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

কর্ম্ম লইতে স্বীকার না করিলে তাহার কথা।

১৫ ধারা। বেটুয়াদিগকে হরিনবাড়ীতে আনা গেলে, হরিনবাড়ীর কর্ত্তা, এবং কার্য্যাধ্যক্ষ কমিটী থাকিলে সেই কমিটী, সাধ্যমতে যত্ন করিয়া, ঐ হরিনবাড়ীর বাহিরে ঐ বেটুয়াদের জন্যে উপযুক্ত কর্ম্মের চেষ্টা করিবেন।

তদ্রূপ কর্ম্ম পাওয়া গেলে যদি বেটুয়া তাহা লইতে না চাহে কিম্বা লইতে শৈথিল্য করে, তবে মাজিষ্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে তাহার কঠিন পরিশ্রম সহিত এক মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

চতুর্থ খণ্ড।

দেশান্তরে পাঠাইবার বিধি।

বেটুয়াদিগকে দেশান্তরে পাঠাইবার কথা।

দেশান্তরে পাঠাইবার খরচের কথা।

১৬ ধারা। উপযুক্ত সময় গত হইলেও যদি উক্ত কোন বেটুয়ার জন্যে উপযুক্ত কর্ম্ম পাওয়া যাইতে না পারে, তবে সেই ব্যক্তি নিম্নলিখিত নিয়মপত্র লিখিয়া দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট নিম্নলিখিতমতে তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষহইতে ভিন্নদেশে পাঠাইতে পারিবেন। দেশান্তরে পাঠাইবার খরচ গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবে।

অথবা তাহার নিকটে ২৩ ও ৩০ ধারার কথা পাঠ করাইয়া তাহাকে ছাড়িয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

বেটুয়াদের সহিত নিয়মপত্রের কথা।

১৭ ধারা। ইউরোপীয় লোকদের বংশজ কোন বেটুয়া কি অন্য ব্যক্তি এই নিয়মপত্র লিখিয়া ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট আপনাকে বদ্ধ রাখিতে পারিবে,

(ক) নিয়মপত্রে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে বন্দরের কথা লেখা থাকে তথায় যাইবে ও,

(খ) সেই বন্দর স্থানীয় যে গবর্ণমেণ্টের শাসিত দেশের মধ্যে থাকে, এই কার্য্যাপক্ষে সেই গবর্ণমেণ্টের নিযুক্ত কর্ম্মকারক যে সময় ও যে জাহাজ নিরূপণ করেন, মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের খরচে ভারতবর্ষহইতে যাইবার জন্যে সেই সময়ে সেই জাহাজে উঠিবে,

(গ) ও সেই জাহাজ লক্ষিত বন্দরে যত কাল না পঁহুছে ততকাল জাহাজে থাকিবে ও,

(ঘ) জাহাজে উঠিবার তারিখ অবধি পাঁচ বৎসর গত না হইলে, ভারতবর্ষে ফিরিয়া আসিবে না।

নিয়মপত্রের পাঠ।

প্রত্যেক নিয়মপত্র ইষ্টাম্প বিনা শাদা কাগজে লেখা যাইতে পারিবে। ও এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা গতিক বিবেচনায় তদনুসারে লেখা যাইবে ইতি।

18. The Local Government of the territories in which the said port is situate, may enter into such contracts for conveyance or otherwise, and perform such other acts as may be necessary to carry out such agreement on the part of the said Secretary of State in Council.

Power to perform agreement.

PART V.

PENALTIES.

19. Any person refusing or failing to accompany a Police officer to, or to appear before, a Magistrate of Police or Justice of the Peace, for the purpose of preliminary inquiry, when required so to do under section four, may be arrested without warrant and shall be punishable, whether he be, or be not, an European British subject, on conviction before a Magistrate, with imprisonment for a term which may extend to one month, or with fine, or with both.

Refusal to go before Magistrate.

And any person who, when required under section four to accompany a Police officer to, or to appear before, a Magistrate of Police or Justice of the Peace, commits an offence punishable under section three hundred and fifty-three of the Indian Penal Code, may, whether he be, or be not, an European British subject, be tried by a Magistrate for such offence.

Assaulting Police.

20. Any vagrant who escapes from the Police while committed to their charge under the orders specified in sections five and six,

Escaping from Police.

or who leaves a work-house, under this Act, without permission from the Governor,

Quitting work-house without leave.

or who having with such permission left a work-house for a limited time or a specified purpose, fails to return on the expiration of such time or when such purpose has been accomplished or proves to be impracticable,

Failing to return to work-house.

shall for every such offence be punishable, on conviction before a Magistrate, with rigorous imprisonment for a term which may extend to two years.

21. Any person entering into an agreement under section seventeen, and failing to proceed in pursuance thereof to the port therein mentioned,

Failing to proceed to port of embarkation.

১৮ ধারা। উক্ত বন্দর স্থানীয় যে গবর্ণমেণ্টের শাসিত দেশের অন্তর্গত থাকে সেই গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত উক্ত ষ্টেট সেক্রেটরী সাহেবের পক্ষে, ঐ লোকদিগকে জাহাজে দিয়া পাঠাইবার চুক্তি করিতে পারিবেন, এবং ঐ নিয়মপত্র সফল করিবার জন্যে অন্য যের কার্য্য করা আবশ্যক, তাহাও করিতে পারিবেন ইতি।

নিয়মপত্র সফল করিবার ক্ষমতার কথা।

পঞ্চম খণ্ড।

দণ্ডের বিধি।

১৯ ধারা। প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার জন্যে কোন ব্যক্তির প্রতি ৪ ধারামতে পোলীসের কার্য্যকারকের সঙ্গে পোলীসের মাজিষ্ট্রেটের কিম্বা শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকটে যাইবার কিম্বা তাহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করা গেলে, যদি সেই ব্যক্তি যাইতে স্বীকার না করে কি না যায়, তবে তাহাকে পরওয়ানাবিনা ধরিয়া লওয়া যাইতে পারিবে ও ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক বা নাই হউক মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ প্রমাণ হইলে তাহার এক মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে।

মাজিষ্ট্রেটের সম্মুখে যাইতে স্বীকার না করিবার কথা।

কোন ব্যক্তির প্রতি ৪ ধারামতে পোলীসের কর্ম্মকারকের সঙ্গে পোলীসের মাজিষ্ট্রেটের কিম্বা শান্তিরক্ষার্থ জষ্টিসের নিকটে যাইবার কিম্বা তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা হইলে, যদি সে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৫৩ ধারামত দণ্ডনীয় অপরাধ করে, তবে ব্রিটনীয় প্রজা হউক বা নাই হউক সেই অপরাধ হেতু মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা তাহার বিচার হইতে পারিবে ইতি।

পোলীসের উপর আক্রমণ করিবার কথা।

২০ ধারা। কোন বেটুয়া ৫ ও ৬ ধারার নির্দ্দিষ্ট আজ্ঞাক্রমে পোলীসের জিম্মায় থাকিতে পলায়ন করিলে,

পোলীসের হাতহইতে পলায়নের কথা।

কিম্বা এই আইনমত হরিনবাড়ীর কর্ত্তার অনুমতি না লইয়া ঐ বাড়ীহইতে চলিয়া গেলে,

অনুমতিবিনা হরিনবাড়ীহইতে চলিয়া যাইবার কথা।

কিম্বা পূর্ব্বোক্ত অনুমতি লইয়া নিরূপিত সময়ের কিম্বা নির্দ্দিষ্ট কর্ম্মের নিমিত্ত হরিনবাড়ীর বাহিরে গিয়া, সেই সময় গত হইলেও কিম্বা সেই কর্ম্ম সাঙ্গ করিলেই কি সাঙ্গ করিতে না পারিলেই হরিনবাড়ীতে ফিরিয়া না আইলে,

হরিনবাড়ীতে ফিরিয়া না যাইবার কথা।

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইয়া তাহার ঐ প্রত্যেক অপরাধের জন্যে কঠিন পরিশ্রমের সহিত দুই বৎসরের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

২১ ধারা। কোন ব্যক্তি ১৭ ধারামত নিয়মপত্র লিখিয়া দিয়া তদনুসারে ঐ পত্রের লিখিত বন্দরে না গেলে,

যে বন্দরে জাহাজে উঠিবে সেই বন্দরে না যাইবার কথা।

Refusing to go on boardship.

or refusing to embark when directed so to do under the same section,

Escaping from ship.

or escaping from the ship in which he has so embarked before she has reached her port of destination,

shall for every such offence be punishable, whether he be, or be not, an European British subject, on conviction before a Magistrate, with rigorous imprisonment for a term which may extend to six months.

Returning to India.

22. Any person returning to India within five years of the date of his embarkation pursuant to any agreement entered into under section seventeen, unless specially permitted so to do by the Secretary of State for India, shall for every such offence be punishable, whether he be, or be not, an European British subject, on conviction before a Magistrate, with rigorous imprisonment for a term which may extend to two years.

Begging.

23. Any person of European extraction found asking for alms when he has sufficient means of subsistence,

or asking for alms in a threatening or insolent manner,

or continuing to ask for alms of any person after he has been required to desist,

shall be punishable, whether he be, or be not, an European British subject, on conviction before a Magistrate, with rigorous imprisonment for a term not exceeding one month for the first offence, two months for the second, and three months for any subsequent offence.

Procedure on close of imprisonment.

24. Every person imprisoned under section nineteen, twenty, twenty-one, twenty-two or twenty-three, shall, at the end of his term of imprisonment, be placed before the nearest Magistrate of Police or Justice of the Peace exercising powers as aforesaid, who shall, if he think fit, forthwith deal with him in the manner prescribed by sections five and six.

The order of transmission shall certify the fact of the previous conviction.

Penalty on shipmaster bringing European convicts to India.

25. Every master of a ship landing or allowing to land in any part of British India any person of European extraction who has been convicted in any other part of Her Majesty's dominions of felony, or of an offence which, if committed in England, would be felony, shall, on conviction before a Magistrate, be liable, for every such person so landed or allowed

জাহাজে যা যাইবার কথা।

কিম্বা সেই ধারামতে জাহাজে উঠিবার আজ্ঞা পাইয়া যাইতে স্বীকার না করিলে,

জাহাজহইতে পলাইবার কথা।

কিম্বা যে জাহাজে উঠিয়াছে লক্ষিত বন্দরে পঁহুছিবার পূর্ব্বে সেই জাহাজহইতে পলায়ন করিলে,

মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, সেই ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক বা নাই হউক, ঐ প্রত্যেক অপরাধের জন্যে তাহার কঠিন পরিশ্রম সহিত ছয় মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

ভারতবর্ষে ফিরিয়া আসিবার কথা।

২২ ধারা। কোন ব্যক্তি ১৭ ধারামতে নিয়মপত্র লিখিয়া দিয়া ঐ নিয়মপত্রমতে জাহাজে উঠিয়া যাইবার পর, ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের স্থানে বিশেষ অনুমতি না পাইয়া ও পাঁচ বৎসরের মধ্যে ভারতবর্ষে ফিরিয়া আইলে, ব্রিটনীয় প্রজা হউক বা নাই হউক মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে উক্ত প্রত্যেক অপরাধের জন্যে তাহার কঠিন পরিশ্রমসহিত দুই বৎসরের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

ভিক্ষার কথা।

২৩ ধারা। ইউরোপীয় লোকদের বংশজ কোন ব্যক্তির জীবিকা নির্ব্বাহের উপযুক্ত উপায় থাকিতেও সে ভিক্ষা করিলে,

কিম্বা ভয় দেখাইয়া কি ঔদ্ধত্য দিয়া ভিক্ষা চাহিলে,

কিম্বা নিষেধ করা গেলে পর কোন ব্যক্তির নিকট ভিক্ষা চাহিতে থাকিলে,

সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক বা নাই হউক, মাজিস্ট্রেটের সম্মুখে প্রমাণ হইলে প্রথমবার সেই অপরাধ হেতুক তাহার কঠিন পরিশ্রম সহিত এক মাসের অনধিক, দ্বিতীয়বার দুই মাসের অনধিক, পরেও সেই অপরাধ করিলে তিন মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে ইতি।

কারাদণ্ডের সময় গত হইলে কার্য্যপ্রণালীর কথা।

২৪ ধারা। ১৯, ২০, ২১, ২২ কি ২৩ ধারামতে কোন ব্যক্তির কারাদণ্ড হইয়া সেই দণ্ডের মেয়াদ গত হইলে, তাহাকে তৎক্ষণাৎ পোলীসের মাজিস্ট্রেটের কিম্বা পূর্ব্বোক্ত ক্ষমতামত কর্ম্মকারি শান্তিরক্ষার্থ জষ্টিসের সম্মুখে উপস্থিত করা যাইবে। তিনি বিহিত বোধ করিলে সেই ব্যক্তিকে লইয়া ৫ ও ৬ ধারামতে কার্য্য করিবেন।

তাহাকে চালান করিবার আজ্ঞাপত্রে তাহার উক্ত অপরাধ নির্ণয় হইবার সর্টিফিকেট লেখা থাকিবে ইতি।

ইউরোপীয় বন্দিদিগকে ভারতবর্ষে আনিলে জাহাজের অধ্যক্ষের দণ্ডের কথা।

২৫ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারগত অন্য দেশে ইউরোপীয় লোকদের বংশজ কোন ব্যক্তির ফেলোনী, অপরাধের, কিম্বা যে অপরাধ ইংলণ্ডে করা গেলে ফেলোনী হয় এমত অপরাধের প্রমাণ হইলেও, যদি কোন জাহাজের অধ্যক্ষ সেই ব্যক্তিকে আনিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে পঁহুছাইয়া দেন কি জাহাজ

to land, to pay a fine not exceeding five hundred rupees and not less than one hundred rupees, and in default of payment, to imprisonment for any term not exceeding two months,

unless the defendant satisfy the Magistrate by evidence (which the defendant is hereby declared competent to give), that he had made due enquiry as to the person so landed, or allowed to land, and that he had no reason to believe that such person had been convicted as aforesaid.

Power to exempt certain shipmasters.

The Governor General in Council may from time to time, by notification in the *Gazette of India*, exempt from the operation of the former part of this section the masters of any class of ships, on such terms as to the Governor General in Council seem fit, and either in respect of all or of any of the persons on board such ships.

The Governor General in Council may in like manner revoke any exemption made under this section.

Recovery of fines.

26. All fines imposed under this Act may be recovered, if for offences committed outside the local limits of the towns of Calcutta, Madras and Bombay, in the manner prescribed by the Code of Criminal Procedure, and if for offences committed within those limits, in the manner prescribed by any Act regulating the Police of such towns in force for the time being.

Payment of fines.

All fines recovered under this Act shall be paid to the credit of the Government of India, or as the Governor General in Council from time to time directs.

Prosecutions.

27. All prosecutions under this Act may be instituted and conducted by such officer as the Local Government from time to time appoints in this behalf.

Limits of jurisdiction.

28. In imposing penalties under this Part and Part III of this Act, no person shall exceed the limits of jurisdiction prescribed for him by the Code of Criminal Procedure in the case of offenders not being European British subjects.

হইতে নামিতে দেন, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হইলে, উক্ত যে প্রত্যেক ব্যক্তিকে উত্তরাইয়া দেন কি নামিয়া যাইতে দেন তাহার নিমিত্ত ঐ জাহাজাধ্যক্ষের পাঁচ শত টাকার অনধিক ও এক শত টাকার অন্যূন অর্থদণ্ড হইতে পারিবে, দণ্ডের টাকা না দিলে তাঁহার দুই মাসের অনধিক কারাদণ্ড হইতে পারিবে।

কিন্তু যে ব্যক্তিকে উক্ত প্রকারে উত্তরাইয়া দিলেন কি নামিয়া যাইতে দিলেন তাহার বিষয়ে যথোপযুক্ত সন্ধান লইয়া, সে পূর্ব্বোক্তমতে অপরাধী বলিয়া যে নির্ণয় হইয়াছে এমত জ্ঞান করিবার কোন কারণ পাইলেন না, প্রতিবাদী প্রমাণদ্বারা এই বিষয়ে মাজিষ্ট্রেটের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, তাহার উক্ত দণ্ড হইবে না। এতৎক্রমে প্রতিবাদিকে তদ্রূপ প্রমাণ উপস্থিত করিবার অনুমতি দেওয়া গেল।

কোন২ জাহাজের অধ্যক্ষকে মুক্ত করিবার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, সময়েং যে নিয়ম বিহিত বোধ করেন এমত নিয়মমতে, কোন শ্রেণীর জাহাজের সকল ব্যক্তির কিম্বা তন্মধ্যে কোন ব্যক্তির সম্পর্কে, এই ধারার পূর্ব্বভাগের বিধানহইতে ঐং জাহাজের অধ্যক্ষদিগকে মুক্ত করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই ধারামতে যে ক্ষমা দেন, তাহা পূর্ব্বোক্তমতে রহিতও করিতে পারিবেন ইতি।

অর্থদণ্ডের টাকা আদায় করিবার কথা।

২৬ ধারা। এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা হইলে, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের সীমার বহির্ভূত স্থানে অপরাধ করা গেলে, সেই অর্থদণ্ড ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে আদায় করা যাইতে পারিবে, এবং ঐ সীমার অন্তর্গত স্থানে অপরাধ করা গেলে ঐ নগরের পোলীসসম্বন্ধীয় যে আইন যে সময়ে প্রবল থাকে অর্থদণ্ড সেই আইনের বিধানমতে আদায় করা যাইতে পারিবে।

অর্থদণ্ডের টাকা যাহাকে দেওয়া যাইবে তাহার কথা।

এই আইনমতে অর্থদণ্ডের যে টাকা আদায় করা যায়, তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে জমা হইবে, কিম্বা ঐ গবর্ণমেণ্ট সময়েং যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

অভিযোগের কথা।

২৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনিই এই আইনমত সকল অভিযোগ উপস্থিত করিতে ও চালাইতে পারিবেন ইতি।

বিচারাধিপত্যের সীমার কথা।

২৮ ধারা। কোন ব্যক্তি এই আইনের এই খণ্ড কিম্বা তৃতীয় খণ্ডমতে দণ্ডের আজ্ঞা করিলে, অপরাধিরা ইংরেজীয় বিটনীয় প্রজা না হইলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে তাঁহার যে সীমা পর্য্যন্ত দণ্ড করিবার ক্ষমতা থাকে তিনি সেই সীমা উলঙ্ঘন করিবেন না ইতি।

29. No proceeding under this Act shall be deemed invalid by reason only that the Magistrate of Police or Justice, before whom a person, apparently a vagrant, was required to appear, or before whom a person was placed under section twenty-four, was not the nearest.

Validity of proceedings where Magistrate is not the nearest.

PART VI.

MISCELLANEOUS.

30. Any European British subject who, upon the summary enquiry mentioned in section five, has been determined to be a vagrant, or who has been convicted under section twenty-two or section twenty-three, shall, so long as he remains in India, be subject, beyond the limits of the said towns, to the provisions of the Code of Criminal Procedure (other than those contained in Chapter XXXVIII of the same Code) applicable to an European not being a British subject.

Deprivation of privileges of European British subjects under Criminal Procedure Code.

If from any cause he is committed or held to bail by a Justice of the Peace to take his trial before a High Court, he shall not be at liberty to object to the jurisdiction of such Justice of the Peace or High Court on the ground of anything contained in the former part of this section.

Save as aforesaid nothing herein contained shall be deemed to confer jurisdiction over European British subjects on Magistrates who if this Act had not been passed, would have had no such jurisdiction.

31. Whenever any person of European extraction lands in India, or, being a Non-Commissioned Officer or Soldier in Her Majesty's Army, leaves that Army in India, under an engagement to serve any other person, or any Company, Association or body of persons in any capacity,

Liability of importers of Europeans or employers of soldiers becoming vagrants.

and whenever a sailor of European extraction not being a British subject, is discharged from his ship in any British Indian port,

and becomes chargeable to the State as a vagrant within one year after his arrival in India or leaving the Army, or discharge from his ship, as the case may be, then the person, or Company, Association or Body, to serve whom he has so landed in India or left the Army, or, in the case of

২৯ ধারা। যে ব্যক্তিকে বেট্টুয়া বলিয়া জ্ঞান হয়, ২৪ ধারামতে তাহাকে পোলীসের যে মাজিষ্ট্রেটের কিম্বা যে জষ্টিসের সম্মুখে যাইবার আদেশ হয় কিম্বা যাঁহার সম্মুখে তাহাকে উপস্থিত করা যায়, তিনি অতি নিকট মাজিষ্ট্রেট কি জষ্টিস না হইলেও এই আইনমত কোন কার্য্য অসিদ্ধ জ্ঞান হইবে না ইতি।

অতি নিকট মাজিষ্ট্রেট না হইলেও কার্য্যসিদ্ধির কথা।

ষষ্ঠ খণ্ড।

বিবিধ বিধি।

৩০ ধারা। ৫ ধারার সরাসরীমতে যে সন্ধান লইবার কথা আছে, তদ্রূপ সন্ধান লওয়া গেলে পর ইউরোপীয় ব্রিটনীয় প্রজা বেট্টুয়া নির্ণয় হইলে, কিম্বা ২২ কি ২৩ ধারাক্রমে তাহার অপরাধ নির্ণয় হইলে, সে যত দিন ভারতবর্ষের মধ্যে থাকে ব্রিটনীয় প্রজা ছাড়া ইউরোপীয় অন্য ব্যক্তির প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের যে সকল বিধান খাটে, উক্ত নগরের সীমার বহির্ভূত স্থানে সেই ব্যক্তির প্রতি তত দিন ঐ আইনের ৩৮ অধ্যায়ের বিধান ছাড়া, সকল বিধান খাটিবে।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে ব্রিটনীয় প্রজাদের পক্ষে যে বিশেষ অনুগ্রহের বিধি আছে তাহা রহিত হইবার কথা।

শান্তিরক্ষার্থ জষ্টিস তাহাকে কোন কারণে হাই কোর্টের সম্মুখে বিচার হইবার জন্যে সমর্পণ করিলে, কিম্বা তাহার স্থানে সেই কোর্টে উপস্থিত হইবার হাজিরজামিন লইলে, এই ধারার পূর্ব্বাংশের কোন কথা হেতুক ঐ শান্তিরক্ষার্থ জষ্টিসের কি হাই কোর্টের বিচার করিবার ক্ষমতা নাই বলিয়া সে আপত্তি করিতে পাইবে না।

এই আইন প্রচলিত না হইলে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের উপর যে মাজিষ্ট্রেটদের তদ্রূপ বিচারাধিপত্য না থাকে, পূর্ব্বোক্ত স্থল ছাড়া অন্য স্থলে যে তাঁহারদের প্রতি বিচারাধিপত্য প্রদান করা গিয়াছে, এই আইনের কোন কথার দ্বারা এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

৩১ ধারা। ইউরোপীয় লোকদের বংশজ কোন ব্যক্তি ভারতবর্ষে আইলে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর সৈন্যদলভুক্ত সনদঅপ্রাপ্ত জমাদার কি সেনা হইয়া ভারতবর্ষে সেই দল ছাড়িয়া অন্য ব্যক্তির কিম্বা কোন কোম্পানির কি সভার কি লোকসমাজের নিকট কোন পদে কর্ম্ম করিবার নিয়ম করিলে,

ঐ কোর্টের অধিবেশন নিয়ত যে স্থানে হইয়া থাকে হাই কোর্ট তাভিন্ন কোন স্থানে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবার আদেশ করিলে মাজিষ্ট্রেট সাহেব সেই নির্দ্দিষ্ট স্থানে বিচার হইবার নিমিত্ত তাহার উপস্থিত হইবার মুচলকা লেখাইয়া লইবেন, কিম্বা যে স্থানে বিচার হইবার আজ্ঞা হইল প্রয়োজনমতে তাহাকে সেই স্থানের কি তাহার অতিনিকট অন্য স্থানের ফৌজদারী জেলখানায় পাঠাইবেন ইতি।

11. The High Court may direct that all European British subjects committed or bailed for trial by it within certain specified districts or during certain specified periods of the year, shall be tried at the ordinary place of sitting of the Court,

Intermediate custody of European British subjects.

১১ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদিগকে নির্দ্দিষ্ট কোনং জিলায় কিম্বা বৎসরের নির্দ্দিষ্ট কোনং সময়ে বিচারার্থে সমর্পণ করা গেলে কিম্বা তাহাদের হাজির জামিন লওয়া গেলে, হাই কোর্ট ঐ কোর্টের নিয়ত অধিবেশনের স্থানে তাঁহারদের বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন,

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার বিচার না হওন পর্য্যন্ত হেফাজতে রাখিবার কথা।

or direct that they shall be tried at a particular place named, and may also order that they shall, if not bailed, be committed for intermediate custody to a particular jail, being one of the jails appointed by the Government for the reception of such prisoners.

অথবা নির্দ্দিষ্ট অন্য স্থানে তাহারদের বিচার হইবার আজ্ঞা দিতে পারিবেন, ইতিমধ্যে সেই ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের স্থানে হাজির জামিন লওয়া না গেলে, গবর্ণমেন্ট সেই প্রকার কয়েদিদের থাকিবার জন্যে যেং জেল নিরূপণ করেন তাহার অন্যতর জেলে তাহারদের সমর্পণ হইবার আজ্ঞা দিবেন ইতি।

CHAPTER IV.

OF JURIES.

(a) Of Juries generally.

12. All trials under this Act shall be by jury;

Trials to be by jury.

চতুর্থ অধ্যায়।

১ ম কথা।

(ক) জুরির সাধারণ কথা।

১২ ধারা। এই আইনমতে যত মোকদ্দমার বিচার হয় সকলই জুরির সহযোগে হইবে।

জুরির দ্বারা বিচার হইবার কথা।

and, notwithstanding anything contained in section sixty-four of the Code of Criminal Procedure, in all criminal cases transferred to a High Court under that section or under the Letters Patent of

এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৪ ধারামতে, কিম্বা মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ক্রমে যে হাই কোর্ট স্থাপিত হইয়াছে কি হইবে তাহার পেটন্ট-

any High Court established or to be established under the 24th and 25th of Victoria, Chapter 104, the trial may, if the High Court so direct, be by jury.

পত্রমতে যে সকল ফৌজদারী মোকদ্দমা হাই কোর্টের প্রতি অর্পিত হয়, উক্ত আইনের ঐ ধারায় ভাবান্তরের বিধান থাকিলেও, ঐ হাই কোর্ট আদেশ করিলে জুরির সংযোগে ঐ মোকদ্দমার বিচার হইবে ইতি।

Number of jurors.

13. The jury shall consist of nine persons.

যত জনকে লইয়া জুরী হইবে তাহার কথা।

১৩ ধারা। নয় জনকে লইয়া জুরী হইবে।

Verdict when to be delivered.

14. A verdict of guilty or not guilty, as the case may be, shall be delivered either when the jury are unanimous in their opinion, or when as many as six are of one opinion and the Judge agrees with them.

মীমাংসা যে সময়ে প্রকাশ করা যাইতে পারিবে তাহার কথা।

১৪ ধারা। জুরির সকল ব্যক্তি আপনাদের মত সম্পর্কে একবাক্য হইলে, কিম্বা তাঁহারদের ছয় জনপর্যান্ত একবাক্য ও জজ সাহেব তাহারদের মতে সম্মত হইলে, ব্যক্তিকে অপরাধী কিম্বা বিষয়বিশেষে নিরপরাধী বলিয়া তাঁহারদের মীমাংসা প্রকাশ করা যাইতে পারিবে ইতি।

Discharge of jury in default of unanimity or majority of six with Judge's concurrence.

15. When the jury are satisfied that they will not be unanimous, but six of them are of one opinion, the foreman shall so inform the Judge.

If the Judge disagrees with the majority, he shall then discharge the jury.

If there are not so many as six who agree in opinion, the Judge shall, after the lapse of such time as he thinks reasonable, discharge the jury.

সকলেই এক বাক্য না হইলে কিম্বা ৬ জনপর্য্যন্ত তাঁহাদের অধিকাংশ ব্যক্তি একবাক্য না হইলে ও জজ সাহেব সম্মত না হইলে তাঁহাদের বিদায় করিয়া দিবার কথা।

১৫ ধারা। জুরির সকল ব্যক্তি একবাক্য হইবেন না তাঁহারা ইহা হৃদ্বোধমতে জানিলে, কিন্তু ছয় জন একবাক্য হইলে, তাঁহাদের প্রধান ব্যক্তি জজ সাহেবকে সেই কথা জানাইবেন।

সেই অধিকাংশ ব্যক্তিদের মতে জজ সাহেব সম্মত না হইলে তিনি জুরিকে বিদায় করিয়া দিবেন।

তাঁহাদের ছয়জন পর্য্যন্ত একবাক্য না হইলে, জজ সাহেব যত কাল যুক্তিসিদ্ধ জ্ঞান করেন তত কাল অপেক্ষা করিয়া জুরিকে বিদায় করিয়া দিবেন ইতি।

Discharge of jury in case of sickness of juror or prisoner.

16. The Judge may also discharge the jury whenever by reason of illness a juryman becomes incapable of attending through the trial or the prisoner becomes incapable of remaining at the bar.

জুরির কোন ব্যক্তির কি আসামীর পীড়া হইলে জুরিকে বিদায় করিয়া দিবার কথা।

১৬ ধারা। জুরির কোন ব্যক্তি পীড়াপ্রযুক্ত মোকদ্দমার বিচার হইবার তাবৎকাল উপস্থিত থাকিতে না পারিলে, কিম্বা আসামী পীড়াপ্রযুক্ত আদালতের সম্মুখে থাকিতে না পারিলে, জজ সাহেব জুরিকে বিদায় করিয়া দিতে পারিবেন ইতি।

Re-trial of prisoner after discharge of jury.

17. Whenever the jury is discharged, the prisoner shall be detained in custody or on bail (as the case may be) and shall be tried by another jury unless the Judge considers that he should not be retried, in which case the Judge shall make an entry to that effect on the charge and the prisoner shall be set at liberty.

জুরিকে বিদায় করিয়া দিবার পর আসামীর পুনশ্চ বিচার হইবার কথা।

১৭ ধারা। জুরিকে বিদায় করিয়া দেওয়া গেলে, আসামীকে হেফাজতে কিম্বা বিষয় বিশেষে হাজির জামিনিতে রাখা যাইবে, ও অন্য জুরিদ্বারা তাহার বিচার হইবে। কিন্তু তাহার পুনশ্চ বিচার হওয়া উচিত নয় জজ সাহেবের এই বিবেচনা হইলে, তিনি অভিযোগপত্রে সেই মর্ম্মের কথা লিখিবেন, ও আসামীকে ছাড়িয়া দেওয়া যাইবে ইতি।

Successive trials by same jury.

18. Subject to the right of challenge hereinafter mentioned, the same jury may try as many accused persons successively as the Judge thinks fit.

একি জুরিদ্বারা ক্রমশ অনেক ব্যক্তির বিচার হইবার কথা।

১৮ ধারা। ইহার পর আপত্তি করিবার যে অধিকারের কথা লেখা আছে, সেই অধিকার প্রবল মানিয়া, জজ সাহেব একি জুরির সংযোগে অভিযুক্ত যত ব্যক্তির বিচার হওয়া উচিত বোধ করেন, ঐ একি জুরির সংযোগে ক্রমশঃ তত ব্যক্তির বিচার হইতে পারিবে ইতি।

19. If any European British subject charged as aforesaid so require before the first juror is called and accepted, the majority of the jurors shall consist of Europeans or Americans, or both Europeans and Americans.

Majority of jurors for trial of European British subjects.

20. In any case in which a European British subject is accused jointly with a person not being a European British subject, and such European British subject is committed for trial before a High Court, the person so jointly accused shall also be committed for trial before such High Court, notwithstanding any provision to the contrary in the Code of Criminal Procedure.

Trial of European British subject and Native jointly charged.

Such persons may be tried together, and the procedure on the trial shall be the same as it would have been had the European British subject been tried separately.

21. Provided that if before the jury is empannelled the European British subject requires the majority of the jurors to consist of Europeans or Americans, or both Europeans and Americans, and the person not being a European British subject requires that he shall be tried separately by a jury of which at least one-half shall consist of persons not being Europeans or Americans, the latter person shall be tried separately.

Provisions for European British subject requiring majority of Europeans in jury.

Native may claim separate trial.

(b) Of Juries in the Presidency Towns.

22. Every person tried in Calcutta, Madras or Bombay, shall be tried before a special jury

Trials before special jury.

(*a*) if charged with having committed an offence punishable with death, or

(*b*) if in any other case a Judge of the High Court so direct.

23. The jurors' book for the year current when this Act comes into force, shall be taken as containing a correct list of persons qualified and liable to serve as jurors under this Act;

Jurors' book.

১৯ ধারা। পূর্ব্বোক্তমতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে অভিযোগ হইলে, ও জুরির কোন ব্যক্তিকে ডাকিয়া গ্রাহ্য করিবার পূর্ব্বে তাহার আদেশ থাকিলে, ইউরোপীয় কিম্বা আমেরিকা দেশীয় লোক, অথবা ইউরোপীয় ও আমেরিকা দেশীয় লোক লইয়া জুরির অধিকাংশ ব্যক্তি হইবে ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থে জুরির অধিকাংশ লোক যাহাদিগকে লইয়া হইবে তাঁহাদের কথা।

২০ ধারা। যে ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহে কোন স্থলে তাহারই সঙ্গে২ ইউরোপীয় ব্রিটনীয় প্রজারও নামে অভিযোগ হইলে, ও হাই কোর্টের সম্মুখে বিচার হইবার নিমিত্ত ঐ ইউরোপীয় ব্রিটনীয় প্রজাকে সমর্পণ করা গেলে, তাহার সঙ্গে যে ব্যক্তির নামে অভিযোগ হইল, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে তদ্বিপরীত বিধান থাকিলেও, তাহাকেও সেই হাই কোর্টে বিচার হইবার নিমিত্ত সমর্পণ করা যাইবে।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার সহিত এদেশীয় ব্যক্তির নামে অভিযোগ হইলে বিচারের কথা।

ঐ দুই ব্যক্তির একত্র বিচার হইতে পারিবে এবং ইউরোপীয় ব্রিটনীয় প্রজার স্বতন্ত্র বিচার হইলে যে প্রণালীমতে কার্য্য চলিত সেই প্রণালীমতে চলিবে ইতি।

২১ ধারা। কিন্তু জুরির অধিকাংশ লোক ইউরোপীয় কি আমেরিকা দেশীয় হন কিম্বা ইউরোপ ও আমেরিকা উভয় দেশীয় লোক হন, জুরিকে নিযুক্ত করিবার পূর্ব্বে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার এমত আদেশ থাকিলে, এবং যাহাদের মধ্যে ন্যূনকল্পে অর্দ্ধেক লোক ইউরোপ কি আমেরিকা দেশীয় নহেন এমত জুরির সহযোগে আমার বিচার হয় উক্ত অন্য যে ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহে তাহার এমত আদেশ থাকিলে, তাহার স্বতন্ত্র বিচার হইবে ইতি।

জুরির অধিকাংশ লোক ইউরোপীয় হয় ইউরোপীয় ব্রিটনীয় প্রজার এই আদেশ থাকিলে তদ্বিষয়ের বিধান।

এদেশীয় লোকের স্বতন্ত্র বিচার হইবার দাওয়ার কথা।

(খ) রাজধানীর জুরীর কথা।

২২ ধারা। কলিকাতায় কি মান্দ্রাজে কি বোম্বাইয়ে কোন ব্যক্তির বিচার হইলে,

বিশেষ জুরির সহযোগে বিচার হইবার কথা।

(ক) যে অপরাধের প্রাণদণ্ড হইতে পারে তাহার নামে এমত অপরাধের অভিযোগ হইলে, কিম্বা

(খ) অন্য কোন স্থলে হাই কোর্টের এক জন জজ আদেশ করিলে,

বিশেষ জুরির সহযোগে তাহার বিচার হইবে ইতি।

২৩ ধারা। এই আইন যে বৎসরে প্রচলিত করা যায় সেই বৎসরের জুরীর বহীতে নানা ব্যক্তিদের নামের যে ফর্দ্দ থাকে, এই আইনমতে সাধারণ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তিদের ঠিক ফর্দ্দ বলিয়া তাহা জ্ঞান হইবে।

জুরির বহীর কথা।

and those persons whose names are entered in the said book as being privileged to serve on special juries only, shall be deemed to be persons privileged and liable to serve only as special jurors under this Act during the year for which the said list has been prepared.

Number of special jurors.

24. The names of not more than two hundred persons shall at any one time be entered in the Special Jurors' list.

Exemption of special jurors.

25. All persons whose names are entered in the Special Jurors' List shall be exempted from serving on any other than special juries, but so long only as their names are contained in such list.

Lists of common and special jurors.

26. The Clerk of the Crown, or such other officer as the Chief Justice directs, shall, before the first day of April in each year, and subject to such rules as the High Court from time to time prescribes, prepare

(*a*) a list of all persons qualified and liable to serve as common jurors;

(*b*) a list of persons qualified and liable to serve as special jurors only.

Regard shall be had, in the preparation of the latter list, to the property, character and education of the persons whose names are entered therein.

No person shall be entitled to have his name entered in the special jurors' list, merely because he may have been entered in the special jurors' list for a previous year.

The Governor General in Council may exempt any salaried officer of Government from serving as a juror.

Discretion of officer preparing lists.

27. The Clerk of the Crown or other officer appointed by the Chief Justice shall, subject to such rules as aforesaid, have full discretion to prepare the said lists as seems to him to be proper, and there shall be no appeal from, or review of, his decision.

Publication of lists.

28. Preparatory lists of persons qualified or liable to serve as common jurors and as special jurors, respectively, signed by the officer by whom the same have been prepared, shall be published once in the local official Gazette before the fifteenth day of April next after their preparation.

[*Government Gazette*, 28*th April* 1874.]

ও সেই বহীতে কেবল বিশেষ জুরীর কর্ম্ম করিবার যোগ্য বলিয়া যে ব্যক্তিদের নাম লেখা থাকে, তাঁহারদিগকে বিশেষ অনুগ্রহ প্রাপ্ত বলিয়া জ্ঞান হইবে, ও যে বৎসরের নিমিত্ত ঐ ফর্দ্দ প্রস্তুত করা যায় সেই বৎসরে তাঁহারা কেবল বিশেষ জুরীর কর্ম্ম করিবার যোগ্য বলিয়া জ্ঞান হইবেন ইতি।

বিশেষ জুরির সংখ্যার কথা।

২৪ ধারা। বিশেষ জুরির নামের ফর্দ্দে এককালে দুই শতের অধিক ব্যক্তির নাম লেখা যাইবে না ইতি।

বিশেষ জুরীর মুক্ত থাকার কথা।

২৫ ধারা। বিশেষ জুরির নামের ফর্দ্দে যে ব্যক্তিদের নাম লেখা থাকে তাঁহারা বিশেষ জুরিভিন্ন অন্য জুরির কর্ম্ম করিতে পাইবেন না। কিন্তু ঐ বিশেষ জুরীর ফর্দ্দে তাঁহারদের নাম যত কাল লেখা থাকে তাঁহারদের পক্ষে কেবল ততকাল সেই অনুগ্রহ বর্ত্তিবে ইতি।

সাধারণ ও বিশেষ জুরীর নামের ফর্দ্দের কথা।

২৬ ধারা। হাই কোর্ট সময়েং যে বিধি নির্দ্দেশ করেন, ক্লার্ক অফ দি ক্রৌন, অথবা চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাক্রমে অন্য ব্যক্তি, প্রতিবৎসর আপ্রিল মাসের প্রথম দিনের পূর্ব্বে সেই বিধিমতে,

(ক) সাধারণ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য সকল ব্যক্তির নামের ফর্দ্দ,

(খ) যাঁহারা বিশেষ জুরির কর্ম্ম করিবার যোগ্য ও উপযুক্ত তাঁহারদেরও নামের ফর্দ্দ প্রস্তুত করিবেন।

কিন্তু শেষোক্ত ফর্দ্দ প্রস্তুত করণকালে তিনি ব্যক্তিদের সম্পত্তি ও সদাচার ও বিদ্যাবত্তা লক্ষ করিয়া নাম লিখিবেন।

পূর্ব্বে কোন বৎসরে বিশেষ জুরির নামের ফর্দ্দের মধ্যে নাম লেখা গিয়াছে, কেবল এই কারণে কোন ব্যক্তি বিশেষ জুরির নামের মধ্যে আপনার নাম লেখাইবার দাওয়া রাখিতে পারিবেন না।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব গবর্ণমেণ্টের বেতন ভোগী কোন কার্য্যকারককে জুরির কর্ম্ম করণহইতে মুক্ত করিতে পারিবেন ইতি।

যে কর্ম্মকারক ফর্দ্দ প্রস্তুত করেন তাঁহার স্ববিবেচনামতে কর্ম্ম করিবার কথা।

২৭ ধারা। ক্লার্ক অফ দি ক্রৌন কিম্বা চীফ জষ্টিস সাহেবের নিযুক্ত অন্য কর্ম্মকারক পূর্ব্বোক্ত বিধি মানিয়া স্বীয় বিবেচনামতে যদ্রূপে উচিত বোধ করেন তদ্রূপে ঐ ফর্দ্দ প্রস্তুত করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হইবেন। তাঁহার নিষ্পত্তির উপর আপীল নাই, তাহার পুনরালোচনাও নাই ইতি।

ফর্দ্দ প্রকাশ করিবার কথা।

২৮ ধারা। যে কর্ম্মকারক সাধারণ জুরির এবং বিশেষ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তিদের নামের ফর্দ্দ প্রস্তুত করেন, তিনি সেইং ফর্দ্দের পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিয়া, তাহা প্রস্তুত হইবার পর আপ্রিল মাসের ১৫ তারিখের পূর্ব্বে, স্থানীয় রাজকীয় গেজেটে একবার প্রকাশ করিবেন।

Revised lists of persons qualified or liable to serve as common jurors and special jurors, respectively, signed as aforesaid, shall be published once in the local official Gazette before the first day of May next after their preparation.

Copies of the said lists shall be affixed to some conspicuous part of the Court-house.

Number of jurors to be summoned.

29. Out of the names contained in the list aforesaid, there shall be summoned for each sessions twenty-seven of those who are qualified and liable to serve on special juries, and fifty-four of those who are qualified and liable to serve on common juries.

Failure of jurors to attend.

30. Any person so summoned who without lawful excuse fails to attend as required by the summons or who having attended departs without having obtained the permission of the Judge, or fails to attend after an adjournment of the Court after being ordered to attend, shall be deemed guilty of a contempt and be liable by order of the Judge to such fine as he thinks fit, and, in default of payment of such fine, to imprisonment in the civil jail until the fine is paid.

Peremptory challenges.

31. Challenges without cause shown shall be allowed to the number of eight on behalf of the Crown and eight on behalf of the person charged.

Challenges on cause.

The following and no others shall be good causes of challenge, whether on behalf of the Crown or by the person charged :—

(1) Some personal objection, such as alienage, infancy, old age, or deficiency in the qualification required by any law or rule having the force of law for the time being in force :

(2) Some presumed or actual partiality in the juror :

(3) A previous conviction of the juror of a non-bailable offence under the Indian Penal Code, or of a felony under the criminal law administered in the Supreme Courts of Judicature or the Courts of the East India Company previously to the enactment of such Code.

সাধারণ জুরির ও বিশেষ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য ব্যক্তিদের নামের সংশোধিত ফর্দ্দ পূর্ব্বোক্তমতে স্বাক্ষরিত হইয়া প্রস্তুত হইলে পর যে মাসের প্রথম দিবসের পূর্ব্বে স্থানীয় রাজকীয় গেজেটে একবার প্রকাশ করা যাইবে।

উক্ত ফর্দ্দের নকল কোর্ট হৌসের নানা প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়া যাইবে ইতি।

জুরির কর্ম্ম করিতে যত জনকে সমন করিতে হইবে তাহার কথা।

২৯ ধারা। যেং সময়ে কোর্টের সেশন হয় সেইং সময়ের নিমিত্ত, উক্ত ফর্দ্দের লিখিত ব্যক্তিদের মধ্যে যাঁহারা বিশেষ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য, তাহাদের সাতাইশ জনকে, ও যাঁহারা সাধারণ জুরির কর্ম্ম করিবার উপযুক্ত ও যোগ্য তাঁহারদের চৌয়ান্ন জনকে সমন করা যাইবে ইতি।

জুরির কোন ব্যক্তি উপস্থিত না হইলে তাঁহার কথা।

৩০ ধারা। কোন ব্যক্তিকে তদ্রূপে সমন করা গেলে, ও উপযুক্ত কারণ না থাকিতেও তিনি সমনের আদেশ মতে উপস্থিত না হইলে, কিম্বা উপস্থিত হইলেও জজ সাহেবের অনুমতি না পাইয়া চলিয়া গেলে, কিম্বা আদালতের কার্য্য স্থগিত হইয়া অন্য সময়ে উপস্থিত হইবার আজ্ঞা পাইলেও উপস্থিত না হইলে, তাঁহাকে অবজ্ঞার অপরাধী বলিয়া জ্ঞান হইবে, ও জজ সাহেব যত টাকা দণ্ড উচিত বোধ করেন তাঁহার আজ্ঞামতে ঐ ব্যক্তির তত টাকা দণ্ড হইতে পারিবে, ও সেই দণ্ডের টাকা না দিলে, যত দিন না দেন তত দিন তাহার দেওয়ানী জেলে কারাদণ্ড হইতে পারিবে ইতি।

কারণ না জানাইয়া আপত্তি করিবার কথা।

৩১ ধারা। মহারাণীর পক্ষে আট পর্য্যন্ত ব্যক্তির বিষয়ে, ও অভিযুক্ত ব্যক্তির পক্ষে আট পর্য্যন্ত ব্যক্তির বিষয়ে, কারণ না জানাইয়া আপত্তি করিবার অনুমতি থাকিবে।

কারণ জানাইয়া আপত্তি করিবার কথা।

নিম্নলিখিত কারণভিন্ন, মহারাণীর পক্ষে, কিম্বা অভিযুক্ত ব্যক্তির পক্ষে কোন কারণ, আপত্তির উপযুক্ত কারণ হইবে না।

(১) ব্যক্তি বিশেষের বিষয়ে আপত্তি, যথা তিনি ভিন্নদেশীয় লোক, কিম্বা বয়ঃপ্রাপ্ত হন নাই, কিম্বা বৃদ্ধ, কিম্বা যৎকালে যে ব্যবস্থা কি বিধি চলন থাকে আইনের তুল্য বলবৎ সেই বিধি কি ব্যবস্থামতে যেং গুণ থাকা আবশ্যক তাঁহার এমত কোন গুণের অভাব আছে বলিয়া যে আপত্তি।

(২) কোন ব্যক্তির পক্ষপাতী হওয়া অনুভব কিম্বা তিনি পক্ষপাতী আছেন বলিয়া যে আপত্তি।

(৩) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনমতে যে অপরাধ করিলে হাজিরজামিন লইয়া ব্যক্তিকে ছাড়িয়া দেওয়া যাইতে না পারে, জুরির কোন ব্যক্তি পূর্ব্বে এমত অপরাধী, কিম্বা ঐ আইন প্রচলিত হইবার পূর্ব্বে সুপ্রিম কোর্টে কিম্বা কোম্পানী বাহাদুরের আদালতে যে আইনমতে ফৌজদারী মোকদ্দমার বিচার হইত, তদনুসারে পূর্ব্বে ফেলোনীর অপরাধী নির্ণয় হইয়াছে বলিয়া যে আপত্তি ইতি।

32. The Judge before whom the person charged is about to be tried shall try any challenge, other than a challenge without cause shown, and if he allow the challenge, the juror shall be set aside.

Trial of challenges.

The decision of the Judge as to any challenge shall be final.

৩২ ধারা। যে জজ সাহেবের সম্মুখে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে, কারণ না জানাইয়া যে আপত্তি হইতে পারে তিনি তদ্ভিন্ন কোন আপত্তির বিচার করিবেন, ও তিনি সেই আপত্তি গ্রাহ্য করিলে জুরির ঐ ব্যক্তিকে পৃথক করা যাইবে।

আপত্তির বিচারের কথা।

কোন আপত্তির বিষয়ে জজ সাহেবের যে নিষ্পত্তি তাহা চূড়ান্ত হইবে ইতি।

33. Save as herein provided, the High Courts of Judicature at Fort William, Madras and Bombay shall retain all their present powers respecting the summoning, empannelling, qualification, challenging, and service of jurors,

Powers of Presidency High Courts as to jurors.

and shall have power to make such rules on these subjects (consistent with the provisions of this Act) as seem to it to be proper.

All rules relating to jurors now in force in the same High Courts shall (so far as they are consistent with this Act) remain in force until repealed or altered by new rules made under this section.

৩৩ ধারা। এই আইনে যে স্থলের অন্য বিধান হইয়াছে তদ্ভিন্ন স্থলে, জুরির অন্তর্গত ব্যক্তিদিগকে সমন কি গ্রাহ্য করণ বিষয়ে কিম্বা যোগ্যতাগুণ বিষয়ে কিম্বা আপত্তি করণ বিষয়ে ও তাঁহারদের কর্ম্ম বিষয়ে কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের হাই কোর্টের এইক্ষণে যে সকল ক্ষমতা আছে তাহাই থাকিবে।

জুরির অন্তর্গত ব্যক্তিদের বিষয়ে রাজধানীর হাই কোর্টের ক্ষমতার কথা।

এবং ঐ কোর্ট সেই২ বিষয়ের যে বিধি করা উচিত বোধ করেন, এই আইনের বিধানের সঙ্গত এমত কোন বিধি করিতে সক্ষম হইবেন।

জুরির বিষয়ে যে সকল বিধি এইক্ষণে সেই হাই কোর্টে প্রবল আছে, এই ধারামতে নূতন বিধি করিয়া তাহা যত দিন রহিত কি পরিবর্ত্তন না করা যায়, তত দিন এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর সম্পূর্ণ বলবৎ থাকিবে ইতি।

(c) *Of Juries in the Mofussil.*

(গ) মফঃসলে জুরির কথা।

34. Whenever a High Court has given notice of its intention to hold sittings at any place (other than the towns of Calcutta, Madras and Bombay) for the exercise of its original criminal jurisdiction, the Court of Session at such place shall take and cause to be taken the measures prescribed by sections 407, 409, 410, 411 and 412 of the Code of Criminal Procedure for the summoning of jurors.

Summoning jurors.

৩৪ ধারা। কোন হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতানুসারে কার্য্য করণার্থে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরভিন্ন কোন স্থানে অধিবিষ্ট হইবার মনস্থের নোটিস দিলে পর, তৎস্থানের সেশন আদালত জুরির ব্যক্তিদিগকে সমন করণার্থে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪০৭ ও ৪০৯ ও ৪১০ ও ৪১১ ও ৪১২ ধারার নির্দ্দিষ্ট কার্য্য করিবেন ও করাইবেন ইতি।

জুরির ব্যক্তিদিগকে সমন করিবার কথা।

35. In addition to the persons so summoned as jurors, the said Court of Session shall, if it think needful, after communication with the Commanding Officer, cause to be summoned such number of Commissioned and Non-Commissioned Officers in the military service, resident within ten miles of its place of sitting, as the Court considers to be necessary to make up the juries required for the trial of European British subjects charged with offences before the High Court as aforesaid.

Military jurors.

All Commissioned and Non-Commissioned Officers so summoned shall be liable to serve on such juries notwithstanding anything contained in the Code of Criminal Procedure; but no Commissioned or Non-Commissioned Officer shall be summoned whom his Commanding Officer desires

৩৫ ধারা। উক্ত সেশন আদালত জুরির ব্যক্তি বলিয়া যত জনকে সমন করিলেন, তদ্ভিন্ন পূর্ব্বোক্ত হাইকোর্টের সম্মুখে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের নামে অপরাধের অভিযোগ হইলে তাহার বিচারের জন্যে আর যত জনকে লইয়া জুরি হইবে, তাঁহারদের সংখ্যা পূর্ণ করিবার নিমিত্ত প্রয়োজন বোধ করিলে, কোর্ট যে স্থানে অধিবেশন করিবেন তথাহইতে দশ মাইলের মধ্যবাসি প্রধান সেনাপতি সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া সনদ প্রাপ্ত ও সনদ অপ্রাপ্ত কএক জন সৈনিককে সমন করাইবেন।

সৈনিকদের জুরির কথা।

সনদপ্রাপ্ত ও সনদ অপ্রাপ্ত যত জন সৈনিককে তদ্রূপে সমন করা যায়, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও, তাঁহারা ঐ জুরির কর্ম্ম করিবার যোগ্য হইবেন। কিন্তু সনদপ্রাপ্ত কি সনদ অপ্রাপ্ত কোন সৈনিকের সৈন্য-মধ্যে থাকা অত্যাবশ্যক কার্য্য থাকাতে, কিম্বা সৈন্য-

to have excused on the ground of urgent military duty, or for any other special military reason.

36. The juries for the trial of European British subjects as aforesaid shall be formed in the manner required by the Code of Criminal Procedure and by this Act from the persons summoned under the said sections of the Code of Criminal Procedure, and from the Commissioned and Non-Commissioned Officers summoned as aforesaid, or, if no such officers have been summoned, then solely from the persons summoned under the same sections.

Juries for trial of European British subjects.

CHAPTER V.

General Provisions.

37. The High Courts shall try as Courts of Session all cases committed to them, and the trial of all such cases shall be subject to the provisions of this Act.

High Courts to try as Courts of Sessions.

38. The High Courts are exempt from the operation of the following parts of the Code of Criminal Procedure (namely)—

Exemption of High Courts from certain parts of Criminal Procedure Code.

Sections.

235 (Conduct of trial);

255, the last paragraph (Judge's charge);

263, the three last paragraphs (Procedure where the Court concurs and where it disagrees with the verdict);

287 (Sentence of death);

307, the last paragraph (Who may issue warrant for levy of fine);

332, 334, 335 } (Manner of recording evidence);

337 (Language in ordinary use);

338 (Form of record of evidence);

339 (Procedure where evidence of a witness is complete);

340 (Interpretation of evidence);

341 (Remarks respecting demeanour of witness);

346 (Recording examination of accused);

363 (Right of accused as to examining and summoning witnesses);

সংক্রান্ত অন্য বিশেষ কারণে, প্রধান সেনাপতি সাহেব তাঁহার মুক্ত থাকার ইচ্ছা প্রকাশ করিলে তাঁহাকে সমন করা যাইবে না ইতি।

৩৬ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের পূর্ব্বোক্ত কএক ধারামতে যাহারদিগকে সমন করা যায় তাঁহাদিগকে ও সনদপ্রাপ্ত ও সনদঅপ্রাপ্ত যে সৈনিকদিগকে পূর্ব্বোক্তমতে সমন করা যায় তাঁহাদিগকে লইয়া, কিম্বা তদ্রূপ সৈনিকদিগকে সমন না করা গেলে উক্ত কএক ধারামতে যাঁহারদিগকে সমন করা যায় কেবল তাঁহারদিগকে লইয়া, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ও এই আইনের বিধানমতে পূর্ব্বোক্ত ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থ জুরী নিযুক্ত হইবেন ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচারার্থ জুরির কথা।

পঞ্চম অধ্যায়।

সাধারণ বিধি।

৩৭ ধারা। হাই কোর্টের প্রতি যে সকল মোকদ্দমা সমর্পণ করা যায়, হাই কোর্ট সেশন আদালতের ন্যায় তাহার বিচার করিবেন। এবং উক্ত সকল মোকদ্দমার বিচার এই আইনের বিধান মতে চলিবে ইতি।

সেশন আদালতের ন্যায় হাই কোর্টের বিচার কার্য্য চলিবার কথা।

৩৮ ধারা। হাই কোর্ট ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের এই২ ধারার বিধানহইতে মুক্ত হন। যথা

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোন২ ধারা হাই কোর্টের প্রতি না বর্ত্তিবার কথা।

ধারা।

২৩৫, (বিচারের কার্য্যানুষ্ঠান বিষয়ক।)

২৫৫, শেষ পদ (জজসাহেবের আদেশ বিষয়ক।)

২৬৩, শেষ তিনটি পদ। (জুরির মীমাংসায় আদালতের সম্মতি হইলে ও অসম্মতি হইলে কার্য্যপ্রণালী বিষয়ক।)

২৮৭, (প্রাণদণ্ডের আজ্ঞা বিষয়ক।)

৩০৭, শেষ প্রকরণ (জরীমানা আদায় করণার্থ ওয়ারেন্ট কে দিতে পারেন তদ্বিষয়ক।

৩৩২, ৩৩৪, ৩৩৫, } (সাক্ষ্য লিখিবার নিয়মবিষয়ক।)

৩৩৭, (চলিতভাষা বিষয়ক।)

৩৩৮, সাক্ষ্য যে পাঠে লিখিতে হইবে তদ্বিষয়ক)

৩৩৯, (সাক্ষ্য লওয়া সমাপ্ত হইলে যাহা কর্ত্তব্য তদ্বিষয়ক)

৩৪০, (সাক্ষ্য অনুবাদ করণ বিষয়ক।)

৩৪১, (সাক্ষির আচরণ বিষয়ক মন্তব্য কথা)

৩৪৬, (অভিযুক্ত ব্যক্তির সাক্ষ্য লিখিবার নিয়ম বিষয়ক।

৩৬৩, (সাক্ষিদের পরীক্ষা লইতে ও তাহাদিগকে সমন করাতে অভিযুক্ত ব্যক্তির অধিকার বিষয়ক)

405 and 406 (Disqualifications and exemptions of jurors);

461 to 464, both inclusive (Of the judgment, order, and sentence);

and in the case of High Courts established under the twenty-fourth and twenty-fifth of Victoria, chapter one hundred and four,

435 to 438, both inclusive (Contempts of Court).

473 (Offences in contempt of Court);

The Court may, if it think fit, from time to time, by general rule prescribe the manner in which evidence shall be taken down in cases coming before the Court in the exercise of its ordinary or its extraordinary original criminal jurisdiction, and the Judges of such Court shall take down the evidence or the substance thereof in accordance with the rule (if any) so prescribed.

Power to prescribe mode in which evidence shall be taken down.

39. When any person has in a trial before a Judge of the High Court acting in the exercise of its original criminal jurisdiction, been convicted of an offence, the Judge, if he think proper, may reserve for the decision of a Court, consisting of two or more Judges of the High Court, any question of law which has arisen in the course of the trial of such person.

Power to reserve questions.

If the Judge reserve any such question the person convicted shall, pending the decision thereon, be remanded to jail, or, if the Judge think fit be admitted to bail,

Procedure when question reserved.

and the High Court shall have power to review the case, or such part of it as may be necessary, and finally determine such question, and thereupon to alter the sentence passed by the Court of original jurisdiction, and to pass such judgment and sentence as to the High Court seem fit.

40. Whenever any petition, application or motion is made in any matter coming before a High Court in the exercise of its criminal jurisdiction, the Court shall have power

Power to award costs on petitions, &c.

৪০৫ ও ৪০৬, (জুরীর কর্ম্ম করিবার অযোগ্যতা ও নিষ্কৃতি বিষয়ক)

৪৬১ অবধি ৪৬৪ পর্য্যন্ত সকল ধারা (নিষ্পত্তিপত্র ও আজ্ঞা ও দণ্ডাজ্ঞা বিষয়ক)

এবং মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে হাই কোর্ট স্থাপন হইলে তৎসম্পর্কে,—

৪৩৫ অবধি ৪৩৮ পর্য্যন্ত সকল ধারা (আদালতের অবজ্ঞা বিষয়ক)

৪৭৩ (আদালতের অবজ্ঞা করণরূপ অপরাধ বিষয়ক)

ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণার্থ কোর্টের সাধারণ কিম্বা সাধারণাতিক্ত যে ক্ষমতা থাকে, সেই ক্ষমতা ক্রমে ঐ কোর্টের সম্মুখে যে সকল মোকদ্দমা উপস্থিত হয়, সেই২ মোকদ্দমায় সাক্ষ্য যেরূপে লিখিয়া লওয়া যাইবে, ঐ কোর্ট বিহিত বোধ করিলে সময়ে২ তাহার সাধারণ বিধি করিতে পারিবেন, ও তদ্রূপ কোন বিধি করা গেলে ঐ কোর্টের জজেরা তদনুসারে ঐ সাক্ষ্য কি তাহার মর্ম্ম লিখিয়া লইবেন ইতি।

সাক্ষ্য যে রূপে লিখিয়া লওয়া যাইবে তাহার বিধান করিবার ক্ষমতার কথা।

৩৯ ধারা। ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কর্ম্ম করণকালে হাই কোর্টের কোন জজের সম্মুখে কোন ব্যক্তির বিচার হইয়া অপরাধ সপ্রমাণ হইলে, তাহার বিচার কালে আইনঘটিত কোন প্রশ্ন উত্থিত হইলে সেই জজ সাহেব বিহিত বোধ করিলে হাই কোর্টের দুই কি তদধিক জন জজকে লইয়া কোর্ট করিয়া ঐ কোর্টের নিষ্পত্তির নিমিত্ত ঐ প্রশ্ন অর্পণ করিতে পারিবেন।

পশ্চাৎ বিবেচনার নিমিত্ত কোন প্রশ্ন রাখিবার কথা।

উক্ত জজ সাহেব তদ্রূপ কোন প্রশ্ন পশ্চাৎ বিবেচনার নিমিত্তে রাখিলে, যে ব্যক্তির অপরাধের প্রমাণ হইল ঐ প্রশ্ন নিষ্পত্তি হইবার অপেক্ষায় তাহাকে পুনশ্চ জেলে পাঠান যাইবে, কিম্বা জজ সাহেব উচিত বোধ করিলে ব্যক্তির জামীন লইয়া তাহাকে ছাড়িয়া দেওয়া যাইতে পারিবে,

বিবেচনার নিমিত্ত রাখা গেলে তাহার কথা।

এবং হাই কোর্ট সেই মোকদ্দমা কিম্বা তাহার যে অংশ আবশ্যক তাহা পুনর্দৃষ্টি করিতে ও সেই প্রশ্ন চূড়ান্তরূপে নিষ্পত্তি করিতে পারিবেন। তাহা করিলে আদৌ যে আদালতের নিষ্পত্তি করিবার ক্ষমতা আছে সেই আদালতের দণ্ডাজ্ঞা পরিবর্ত্তন করিতে ও হাই কোর্ট যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা করা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

৪০ ধারা। ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাক্রমে হাই কোর্টের কর্ম্ম করণ কালে, তাহার সম্মুখে উপস্থিত কোন বিষয়ে কোন দরখাস্ত কি

দরখাস্ত প্রভৃতির উপর খরচার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

to award and apportion costs in any manner it may think fit.

প্রার্থনাপত্র কিম্বা কোন কার্য্য হইবার প্রস্তাব করা গেলে, ঐ কোর্ট যদ্রূপে বিহিত বোধ করেন তদ্রূপে খরচা দিবার কিম্বা অংশাংশমতে খরচা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

41. Whenever any verified declaration in writing is filed in Court or used in support of any such petition, application or motion, the person making such verification shall if any such statement is false, and if he either knows or believes it to be false, or does not believe it to be true, be deemed to have intentionally given false evidence in a stage of a judicial proceeding.

False statements in support of petitions, &c.

৪১ ধারা। তদ্রূপ কোন দরখাস্তের কি প্রার্থনার কি প্রস্তাবের পোষকতায় সত্যাকৃত কোন নির্দ্দেশ লিপি কোর্টে অর্পণ করা গেলে কি তাহার ব্যবহার হইলে, উক্ত কোন উক্তি সত্য না হইলে কিম্বা যে ব্যক্তি ঐ নির্দ্দেশ পত্র লিখিয়া দেয় সে তাহা অসত্য জানিলে কিম্বা অসত্য বলিয়া জ্ঞান করিলে কিম্বা সত্য বলিয়া না জানিলে, সে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইবার সময়ে ইচ্ছাপূর্ব্বক মিথ্যা প্রমাণ দিল এমত জ্ঞান হইবে ইতি।

দরখাস্ত প্রভৃতির পোষকতায় মিথ্যা উক্তির কথা।

42. Save as is hereinbefore otherwise provided, the Code of Criminal Procedure shall apply to the constitution and formation of juries for the purpose of trials before the High Court acting in the exercise of its original criminal jurisdiction, whether within or without the towns of Calcutta, Madras, and Bombay, and to trials before such Court, and to the carrying into execution of such sentences by such Court.

Criminal Procedure Code generally applicable.

৪২ ধারা। পূর্ব্বোক্ত সেই২ স্থলের ভিন্নপ্রকারের বিধান হইয়াছে তাহাছাড়া অন্য সকল স্থলে, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের মধ্যে কিম্বা বাহিরেও, ফৌজদারী মোকদ্দমার আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কার্য্য করণকালে হাই কোর্টের সম্মুখে বিচার করিবার নিমিত্ত যে জুরী থাকিবেন, তাঁহাদের সংস্থিতির ও গ্রাহ্য হওনবিষয়ে, ও সেই কোর্টের সম্মুখে বিচার কার্য্য বিষয়ে, ও ঐ২ কোর্টের দণ্ডাজ্ঞানুসারে কার্য্য হওন বিষয়ে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইন খাটিবে।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সচরাচর খাটিবার কথা।

And in particular it is hereby expressly declared that the provisions as to lunatics contained in chapter XXXI of the said Code, and the following sections of the said Code (namely)—

308 (payment of fine in compensation);

418 (as to the disposal of property regarding which an offence has been committed);

446 (how Court may deal with charge);

489 (as to requiring, in case of conviction, a personal recognizance for keeping the peace); and

534 (as to restoring possession of immoveable property),

shall apply to the High Court, as if the words "High Court" were substituted for "Court of Sessions" wherever those words occur in the same chapter and sections.

এতৎক্রমে ইহা বিশেষমতে স্পষ্ট নির্দ্ধার্য্য হইল যে উক্ত আইনের ৩১ অধ্যায়ে ক্ষিপ্তমনা ব্যক্তিদের বিষয়ে যেই বিধান আছে তন্মধ্যে, ও ঐ আইনের নিম্নলিখিত সকল ধারায়, অর্থাৎ

ক্ষতিপূরণস্বরূপ অর্থদণ্ডের টাকা দেওনবিষয়ক ৩০৮ ধারা।

যে দ্রব্য সম্পর্কে অপরাধ করা যায় তাহা লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ক ৪১৮ ধারা।

অভিযোগ লইয়া আদালতের যদ্রূপ কার্য্য করিতে হইবে তদ্বিষয়ক ৪৪৬ ধারা।

অপরাধ প্রমাণ হইলে শান্তিভঙ্গ না করিবার মুচলকা লওন বিষয়ক ৪৮৯ ধারা।

ও স্থাবর দ্রব্যের অধিকার ফিরিয়া দিবার ক্ষমতা বিষয়ক ৫৩৪ ধারা

এই সকল ধারায় "সেশন আদালত" শব্দ যেই স্থানে আছে সেইই স্থানে "হাই কোর্ট" শব্দ থাকার মত সেই অধ্যায় ও সেইই ধারা হাই কোর্টের প্রতি খাটিবে।

Nothing in this section shall be deemed to affect the provisions of the Prisoners' Act, 1871, sections seven and eight.

বন্দিবিষয়ক ১৮৭১ সালের আইনের ৭ ও ৮ ধারায় যেই বিধান আছে, এই ধারার কোন কথাক্রমে সেই বিধানের কোন ব্যতিক্রম হইবে না ইতি।

CHAPTER VI.

MISCELLANEOUS.

Advocate General may exhibit informations.

43. The Advocate General at the several Presidencies of Fort William, Fort St. George and Bombay, and the Government Advocate of the North-Western Provinces, may, with the previous sanction of the Governor General in Council or the Local Government, exhibit to the local High Court, against persons subject to the jurisdiction of the said Court, informations for all purposes for which Her Majesty's Attorney-General may exhibit informations on behalf of the Crown in the Court of Queen's Bench or Exchequer.

Such proceedings may be taken upon every such information as may lawfully be taken, in case of similar informations filed by Her Majesty's Attorney-General in England, so far as the circumstances of the case and the course and practice of proceeding in the said High Courts respectively will admit.

All fines, penalties, forfeitures, debts and sums of money recovered or levied under or by virtue of any such information shall belong to the Government of India.

Power of High Court to transfer to itself cases from Police Magistrates.

44. Whenever it appears to the High Court of Judicature at Fort William, Madras or Bombay that the direction next hereinafter mentioned will promote the ends of justice, it may direct the transfer to itself of any particular case from any criminal court situate within the local limits of its ordinary original criminal jurisdiction, and the High Court shall have power to determine the case so transferred, and to quash or affirm any conviction or other proceeding which may have been had therein, but so that the same be not quashed for want of form, but on the merits only.

Judges of High Courts to be Justices of the Peace virtute officii.

45. Every Judge of a High Court shall, by virtue of his office, be a Justice of the Peace within and for the whole of British India.

[*Government Gazette*, 28*th April* 1874.]

ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

আডবোকেট জেনরল সাহেবের সন্ধান প্রকাশ করিবার কথা।

৪৩ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর আটর্ণি জেনরল সাহেব শ্রীশ্রীমতীর সপক্ষে যে সকল কার্য্য ধরিয়া কুইনস বেঞ্চ কি এক্সচেকর কোর্টে সন্ধান প্রকাশ করিতে পারেন, কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের আডবোকেট জেনরল সাহেব ও উত্তর পশ্চিম দেশের গবর্ণমেন্টের আডবোকেট সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক, স্থানীয় হাই কোর্টে ঐ২ কোর্টের বিচার করণের ক্ষমতার অধীন কোন ব্যক্তিদের নামে সেই২ সন্ধান প্রকাশ করিতে পারিবেন।

শ্রীশ্রীমতী মহারাণীর আটর্ণি জেনরল সাহেব ইঙ্গলণ্ডে তদ্রূপ সন্ধানের কথা উপস্থিত করিলে যে কার্য্যানুষ্ঠান হইতে পারে, বিষয়ের ভাবগতিক বিবেচনায় এবং উক্ত কোর্টের কার্য্যধারা ও রীতি বিবেচনায় আইনমতে যত দূর হইতে পারে, উক্ত তিন রাজধানীর হাই কোর্টে পূর্ব্বোক্ত সন্ধানঅনুসারে তত দূর তদ্রূপ কার্য্যানুষ্ঠান হইবে।

তদ্রূপ সন্ধান দ্বারা বা তাহার বলে অর্থদণ্ডের কি দণ্ডের কি সম্পত্তি দণ্ডের কি ঋণের যে টাকা ও অন্য যে টাকা পাওয়া যায় কি আদায় হয় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে ইতি।

পোলীস মাজিষ্ট্রেটদের স্থানে মোকদ্দমা লইয়া আপনার সম্মুখে উপস্থিত করিবার বিষয়ে হাই কোর্টের ক্ষমতার কথা।

৪৪ ধারা। ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণ সম্পর্কে হাই কোর্টের সাধারণ ক্ষমতা যেং স্থানে ব্যাপ্ত হয়, সেই২ স্থানের কোন ফৌজদারী আদালত হইতে কোন বিশেষ মোকদ্দমা উঠাইয়া আপনার সম্মুখে উপস্থিত করাইবার আজ্ঞা দিলে ন্যায় বিচারের ফলোৎপাদন হওয়া সম্ভাবনা, কোর্ট উলিয়মের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের হাই কোর্টের এমত অনুভব থাকিলে, উক্ত হাই কোর্ট সেই আজ্ঞা করিতে পারিবেন ও তদ্রূপে যে মোকদ্দমা অর্পণ করা যায় তাহা নিষ্পত্তি করিতে পারিবেন, ও উক্ত আদালতে যে অপরাধ নির্ণয় কিম্বা অন্য যে কার্য্যানুষ্ঠান হইয়াছে তাহা অন্যথা করিতে কি দৃঢ় রাখিতে পারিবেন। কিন্তু দাঁড়ামতে কার্য্য না হওয়া প্রযুক্ত যেন অন্যথা না করেন, কেবল দোষগুণ বিবেচনায় করিতে পারিবেন ইতি।

হাই কোর্টের জজ সাহেবদের পদোপলক্ষে শান্তি রক্ষার্থ জষ্টিস হওয়ার কথা।

৪৫ ধারা। হাই কোর্টের প্রত্যেক জন জজ আপন পদের বলে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সমস্ত স্থানের শান্তিরক্ষার্থ জষ্টিস হইবেন ইতি।

SCHEDULE.

(See section 2.)

ACTS.

No. and year.	Subject or Title or abbreviated Title.	Extent of repeal.
XXXI of 1838.	Supreme Courts, Criminal Law.	So much as has not been repealed.
XXII of 1839.	An Act for enabling persons charged with offences to make their defence more effectually.	So much as has not been repealed.
IV of 1849	Criminal lunatics ...	So much as has not been repealed.
XVI of 1852.	An Act for further improving the administration of Criminal Justice in Her Majesty's Courts of Justice in the territories of the East India Company.	So much as has not been repealed.
XVIII of 1862.	An Act to repeal Act XVI of 1852 in those parts of British India in which the Indian Penal Code is in force, and to re-enact some of the provisions thereof with amendments, and further to improve the administration of Criminal Justice in Her Majesty's Supreme Courts of Judicature.	Sections 1 to 46 (both inclusive), and sections 54 to 57 (both inclusive).
XIII of 1865.	An Act to amend the procedure of Her Majesty's High Courts of Judicature in the exercise of their original jurisdiction, and to provide for the exercise of such jurisdiction at places other than the Presidency Towns.	So much as has not been repealed.
IV of 1866	An Act to amend the constitution of the Chief Court of Judicature in the Panjáb and its Dependencies.	Sections 21 to 41 (both inclusive), and section 20, except the first twenty-two words.

তফসীল ।

(২ ধারা দেখ ।

আইন ।

নম্বর ও সাল	নাম কি মর্ম্ম কি সংক্ষেপ নাম	যত দূর রহিত করা গেল ।
১৮৩৮ সা. ৩১ আ.	সুপ্রীম কোর্টের ফৌজদারী আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই ।
১৮৩৯ সা. ২২ আ.	কোন ব্যক্তিদের নামে অভিযোগ হইলে তাহাদের নির্দ্দোষতা প্রকাশ করিবার সুবিধা করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই ।
১৮৪৯ সা. ৪ আ.	ক্ষিপ্তমনা অপরাধি বিষয়ক	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই ।
১৮৫২ সা. ১৬ আ.	কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্তর্গত শ্রীশ্রীমতী মহারাণীর আদালতে ফৌজদারী মোকদ্দমার সুবিচারের বিধান করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই ।
১৮৬২ সা. ১৮ আ.	ভারতবর্ষের দণ্ডবিধির আইন ব্রিটনীয় ভারতবর্ষের যেং স্থানে প্রচলিত আছে সেইং স্থানে ১৮৫২ সালের ১৬ আইন রদ করিবার ও সেই আইনের কোনং বিধান সংশোধন পূর্ব্বক পুনশ্চ বন্ধ করিবার ও শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রীম কোর্টে ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্যের সৌষ্ঠব করিবার আইন	১ অবধি ৪৬ পর্য্যন্ত ও ৫৪ অবধি ৫৭ পর্য্যন্ত সমস্ত ধারা ।
১৮৬৫ সা. ১৩ আ.	শ্রীশ্রীমতী মহারাণীর সর্ব্বাধিকরণ বিশিষ্ট হাইকোর্টের প্রথম স্থানীয় ফৌজদারী বিচারাধিপত্য প্রয়োগে তাহার কার্য্য প্রণালী সংশোধনার্থ ও প্রেসীডেন্সী নগরভিন্ন অন্যং স্থানে সেই বিচারাধিপত্য প্রয়োগের বিধান করণার্থ আইন	যে পর্য্যন্ত পূর্ব্বে রহিত হয় নাই সে পর্য্যন্ত ।
১৮৬৬ সা. ৪ আ.	পঞ্জাবে ও তদধীন দেশে প্রধান আদালত স্থাপন করণার্থ আইন সংশোধন করিবার আইন	২১ অবধি ৪১ পর্য্যন্ত সমস্ত ধারা ও ২০ ধারার প্রথম বাইশটি শব্দ ছাড়া ঐ ধারা ।

No. and year.	Subject or Title or abbreviated Title.	Extent of repeal.
XVI of 1866	An Act to relieve the Governor General of India in Council from the duty of signing the commissions mentioned in sections 22 and 44 of the High Courts Criminal Procedure Amendment Act, 1865.	The whole.
XXIV of 1866.	An Act to amend the procedure of the High Court of Judicature for the North-Western Provinces of the Presidency of Fort William.	Sections 2 to 17 (both inclusive).
XIII of 1869.	An Act further to amend the procedure of the High Court of Judicature for the North-Western Provinces.	Sections 1 and 2, and so much of sections 3 and 4 as relates to criminal jurisdiction.
XXII of 1870	An Act to confirm certain laws affecting European British subjects.	Section three.

STATUTES.

No. and year.	Title.	Extent of repeal.
13 Geo. III, c. 63.	An Act for establishing certain regulations for the better management of the affairs of the East India Company, as well in India as in Europe.	Section 34. In section 38 the words "and the Chief Justice and other Judges of the said Supreme Court of Judicature."
33 Geo. III, c. 52.	*An Act whose title begins with the words* An Act for continuing, *and ends with the words* and Bombay.	Sections 153 and 154.
35 Geo. III, c. 155.	*An Act whose title begins with the words* An Act for continuing, *and ends with the words* Company's Charter.	Sections 100, 102, 103.
9 Geo. IV, c. 74.	An Act for improving the administration of Criminal Justice in the East Indies.	Sections 1, 2, 3, 4, 9, 10, 13, 14, 15, 21, 23, 24, 51 and 52.

সাল ও নম্বর	নাম কি মর্ম্ম কি সংক্ষেপ নাম	যত দূর রহিত করা গেল।
১৮৬৬ সা. ১৬ আ.	হাই কোর্টে ফৌজদারী কার্য্যপ্রণালী সংশোধনার্থ ১৮৬৫ সালের আইনের ২২ ও ৪৪ ধারাতে যেং কমিশ্যনরের কথা আছে তাহাতে স্বাক্ষর করণের কর্ম্ম হইতে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবকে মুক্ত করণার্থ আইন-	সম্পূর্ণ।
১৮৬৬ সা. ২৪ আ.	ফোর্ট উলিয়ম রাজধানীর উত্তর পশ্চিম দেশের হাই কোর্টের কার্য্যপ্রণালী সংশোধনার্থ আইন	২ অবধি ১৭ পর্য্যন্ত সমস্ত ধারা।
১৮৬৯ সা. ১৩ আ.	উত্তর পশ্চিম দেশের হাই কোর্টের কার্য্যপ্রণালী অধিকতর সংশোধনার্থ আইন	১ ও ২ ধারা এবং ৩ ও ৫ ধারায় ফৌজদারী মোকদ্দমার বিচারাধিপত্য বিষয়ক যে কথা আছে সেই কথা।
১৮৭০ সা, ২২ আ.	ইউরোপীয় ব্রিটনীয় প্রজা সংক্রান্ত কোনং আইন দৃঢ় করণার্থ আইন	৩ ধারা।

ইঙ্গলণ্ডের ব্যবস্থা।

নম্বর ও সাল	নাম	যত দূর রহিত করা গেল।
৩ জর্জের ১৩ বৎ. ৬৩ অ.	ভারতবর্ষে এবং ইউরোপ খণ্ডে কোম্পানি বাহাদুরের কার্য্য ব্যাপারের অধ্যক্ষতা করিবার কোনং বিধান দৃঢ়রূপে স্থাপন করিবার আইন	৩৪ ধারা।
৩ জার্জের ৩৩ বৎ. ৫২ অ.	যে আইনের আরম্ভে "An Act forcontin uing এবং শেষে and Bombay. এইং কথা আছে তাহা,	১৫৩ ও ১৫৪ ধারা।
৩ জর্জের ৩৫ বৎ ১৫৫ অ.	যে আইনের আরম্ভে "An Act for continuing এবং শেষে Compay's Charter, এইং কথা আছে সেই আইন	১০০, ১০২ ও ১০৩ ধারা।
৪ জর্জের ৯ বৎ. ৭৪ অ.	ভারতবর্ষে ফৌজদারী মোকদ্দমার বিচার করিবার সুবিধান করণার্থ, আইন	১, ২, ৩, ৪, ৯, ১০, ১৩ ১৪, ১৫, ২১, ২৩, ২৪, ৫১, ও ৫২ ধারা।

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

উইটলি ষ্টোকস,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

[*Government Gazette, 28th April* 1874.]

The following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 7th April 1874, and was referred to a Select Committee with instructions to make their report thereon in two months:—

No. 6 of 1874.

A Bill to extend certain parts of the Code of Criminal Procedure to the Courts of the Police Magistrates in the Presidency Towns.

Preamble.

For the purpose of extending certain parts of the Code of Criminal Procedure to the Courts of the Magistrates of Police in the Towns of Calcutta, Madras and Bombay; It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Presidency Police Magistrates Act, 1874:"

Local extent.

It extends to all places within the local limits of the ordinary original criminal jurisdiction of the High Courts of Judicature at Fort William, Madras and Bombay;

Commencement.

And it shall come into force at once.

Repeal of enactments.

2. The enactments specified in the second schedule hereto annexed shall be repealed to the extent mentioned in the third column of the same schedule.

Parts of Criminal Procedure Code to apply to Presidency Police Courts.

3. The parts of the Code of Criminal Procedure mentioned in the first schedule hereto annexed shall apply (so far as they are applicable and subject to the modifications shewn in the second column of the same schedule) to the Courts of the Magistrates of Police in the towns of Calcutta, Madras and Bombay.

Nothing in this section shall be deemed to restrict any power conferred by any special or local law.

'Magistrate of District' to include 'Magistrate of Police.'

4. In the parts of the said Code so applied, the expressions 'Magistrate,' 'Magistrate of a District,' 'Magistrate of a Division of a District,' 'Magistrate of the first class,' 'a competent Magistrate,' 'Magistrate having jurisdiction,' and every other expression applicable to a Magistrate of the District, shall be deemed to include a Magistrate of Police.

আইনের এই পাণ্ডুলিপি ১৮৭৪ সালের আপ্রিল মাসের ৭ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভায় পঠিত হইলে মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইয়া দুই মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আদেশ হইল।

১৮৭৪ সালের ৬ নম্বর।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোনং অংশ রাজধানীর পোলীস মাজিষ্ট্রেট সাহেবদের আদালতে বর্ত্তাইবার আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের পোলীস মাজিষ্ট্রেট সাহেবদের আদালতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোনং অংশ বর্ত্তাইবার জন্যে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন রাজধানীর পোলীস মাজিষ্ট্রেট বিষয়ক ১৮৭৪ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণার্থে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের হাই কোর্টের সাধারণ ক্ষমতা যেং স্থানে বর্ত্তে এই আইনও সেইং স্থানে ব্যাপ্ত হইবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন একেবারে প্রচলিত হইবে ইতি।

কএক বিধান রহিত হইবার কথা।

২ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যেং বিধানের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল তাহা তত দূর রহিত হইবে ইতি।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের কোনং অংশ পোলীসের আদালতের প্রতি বর্ত্তাইবার কথা।

৩ ধারা। এই আইনের প্রথম তফসীলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের যেং অংশের উল্লেখ হইয়াছে, তাহা কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের পোলীস মাজিষ্ট্রেট সাহেবদের আদালতে যত দূর খাটিতে পারে, ঐ তফসীলের দ্বিতীয় ঘরের মতান্তরিত বিধানানুসারে, তত দূর খাটিবে।

কোন বিশেষ কি স্থানীয় আইনদ্বারা যে কোন ক্ষমতা প্রদান করা গিয়াছে, এই ধারার কোন কথাক্রমে সেই ক্ষমতা খর্ব্ব হইবে না ইতি।

জিলার মাজিষ্ট্রেট এই শব্দের মধ্যে পোলীস মাজিষ্ট্রেট ধরিতে হইবার কথা।

৪ ধারা। উক্ত কার্য্যবিধানের আইনের যেং অংশ উক্ত প্রকারে বর্ত্তান গেল তাহার মধ্যে 'মাজিষ্ট্রেট', 'জিলার খণ্ডের মাজিষ্ট্রেট' জিলার মাজিষ্ট্রেট 'প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট,' 'উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেট,' 'বিচারাধিপত্য বিশিষ্ট মাজিষ্ট্রেট, এইং শব্দের মধ্যে, এবং জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অন্য যে কথা খাটে, সেই কথার মধ্যে পোলীসের মাজিষ্ট্রেট সাহেবও গণ্য এমত জ্ঞান করিতে হইবে ইতি।

THE FIRST SCHEDULE.

(See section 3).

Parts of the Code applied.	Modifications.
Chapter I, sections three (*Pending cases*) and four (*Definitions*):	
Chapter VI (*The place of Inquiry and Trial*), the first sentence of section sixty-three and sections sixty-five to seventy, both inclusive:	
Chapter XI (*Of Complaints to a Magistrate*):	*Omit* the second clause of section one hundred and forty-four, and the whole of section one hundred and forty-six: In section one hundred and forty-eight, *after* the words "such Magistrate," *insert* the words "as may then be there."
Chapter XII (*Of the Summons*):	In section one hundred and fifty-two, *omit* the words "in duplicate." In section one hundred and fifty-four, *for* the words "one of the copies" *read* "the original" and *for* the words "the other copy" *read* "a copy."
Chapter XIII (*Of the Warrant*), sections one hundred and fifty-nine to one hundred and seventy-four, both inclusive:	Except so far as they relate to the issue of warrants to persons other than Police officers.
Chapter XIV (*Preliminary*):	
Chapter XV (*Of Inquiry into Cases triable by the Court of Session or High Court*):	*Omit* the last sentence of the first clause of section one hundred and ninety-eight. *Omit* section two hundred and one and the second clause of section two hundred and two.
Chapter XVI (*Of the Trial of Summons Cases by Magistrates*):	To be applicable to all cases (whether summons cases or warrant cases) tried and disposed of by the Courts of the Police Magistrates. *Omit* in section two hundred and six the last fourteen words. *Omit* in section two hundred and twelve the second clause.
Chapter XXIII, sections three hundred and seven, three hundred and eight (except the penultimate clause), three hundred and nine, three hundred and eleven to three hundred and eighteen (both inclusive) and three hundred and twenty-two:	
Chapter XXIV (*Special Rules of Evidence in Criminal Cases*):	*Omit* the last proviso in section three hundred and twenty-eight.
Chapter XXV (*Evidence how taken*), sections three hundred and thirty-one, three hundred and forty, three hundred and forty-two to three hundred and forty-five (both inclusive), three hundred and forty-seven and three hundred and forty-nine:	
Chapter XXVI (*Of securing the Attendance of Witnesses*):	*Omit* the last sentence of the second paragraph of section three hundred and sixty-two.
Chapter XXVII (*Of Search Warrants*):	*Omit* section three hundred and seventy-nine to section three hundred and eighty-seven (both inclusive).
Chapter XXVIII (*Bail*):	*Omit* section three hundred and ninety, and the last two paragraphs of section three hundred and ninety-eight.
Chapter XXX (*Miscellaneous Provisions*), sections four hundred and eighteen, four hundred and twenty-one and four hundred and twenty-two:	
Chapter XXXI (*Lunatics*):	
Chapter XXXII (*Contempts of Court*):	
Chapter XXXIII (*Of the Charge*):	
Chapter XXXIV (*Of the Judgment, Order and Sentence*), section four hundred and sixty-one:	*Omit* section four hundred and fifty-one.
Chapter XXXV (*Prosecutions in certain Cases*):	
Chapter XXXVII (*Of Security for keeping the Peace*):	*Omit* the two last clauses of section four hundred and eighty-nine.

[*Government Gazette, 28th April* 1874.]

প্রথম তফসীল।

(৩ ধারা দেখ।)

উত্তরাংশের বন্দর।			
১৭। গোলবদ	মাছুয়া নৌকা ছাড়া সমুদ্রগামি যে জাহাজে ১০ টন ও তাহার অধিক ধরে	টনপ্রতি ৵০ দুই আনার অধিক নয়	একি বন্দরে ত্রিশ দিনের মধ্যে এক বার। কিন্তু সমুদ্র ধারে২ যে ষ্টীমর যায় তা হ কোন অংশের কোন বন্দরে বন্দরীয় মাসুল দিলেপর ত্রিশ দিনের মধ্যে সেই অংশের সেই কি অন্য কোন বন্দরে তাহার আবার ঐ মাসুল দিতে হইবে না।
১৮। ধেনুখাল	ঐ	ঐ	ঐ
১৯। তারাপুর	ঐ	ঐ	ঐ
২০। আলিওয়াদা নওয়াপুর	ঐ	ঐ	ঐ
২১। সাতপাটী খাল	ঐ	ঐ	ঐ
২২। মহীম। (কেলয়)	ঐ	ঐ	ঐ
২৩। কেলয় ...	ঐ	ঐ	ঐ
২৪। দাঁতেওরা খাল ও নদী	ঐ	ঐ	ঐ
২৫। আরনালা ও বাসেন কিল্লা পর্য্যন্ত সমুদ্রাঞ্চল	ঐ	ঐ	ঐ
দক্ষিণাংশেবন্দর।			
১। বান্দোরা..	ঐ	ঐ	ঐ
২। বরসুয়া ..	ঐ	ঐ	ঐ
৩। মনোরী ...	ঐ	ঐ	ঐ
৪। উতন ...	ঐ	ঐ	ঐ
৫। বাসেন কিল্লার পূর্ব্বদিগে বাসেন খাল ও নদী	ঐ	ঐ	ঐ
৬। ভেউদী খাল ও নদী	ঐ	ঐ	ঐ
৭। কল্যান খাল ও নদী	ঐ	ঐ	ঐ

THE FIRST SCHEDULE.—continued.

Part IV.—The Bombay Presidency.

Names of Port.	Vessels chargeable.	Rate of Port-dues per ton or per maund.	Due how often chargeable in respect of same vessel.
8. Tanna Creek and River.	Sea-going vessels of ten tons and upwards (except fishing boats).	Not exceeding two annas for every ton.	Once in thirty days at the same port. Provided that no coasting steamers having paid port-dues at any port shall be required to pay port-dues again at the same or any other port of the same group within thirty days.
9. Trombay ...	Ditto ...	Ditto ...	Ditto.
10. Panwell Creek and River.	Ditto ...	Ditto ...	Ditto.
11. Carinja .	Ditto ...	Ditto ...	Ditto.
12. Rewas . .	Ditto ...	Ditto ...	Ditto.
13. Nagotna Creek and River.	Ditto ..	Ditto ...	Ditto.
14. Thull ...	Ditto . .	Ditto ...	Ditto.
15. Alibaugh ..	Ditto ...	Ditto ...	Ditto.
16. Rewdunda ...	Ditto . .	Ditto ...	Ditto.
17. Tull Kharree ..	Ditto ...	Ditto ...	Ditto.
18. Bankote Creek and River.	Ditto ...	Ditto ...	Ditto.
19. Kelsee .	Ditto ...	Ditto . .	Ditto.
20. Hurnee ..	Ditto ...	Ditto ...	Ditto.
21. Unjunwell Creek and River.	Ditto ...	Ditto ...	Ditto.
22. Boria ...	Ditto ...	Ditto ...	Ditto.
23. Jygurh Creek and River.	Ditto ...	Ditto ...	Ditto.
24. Rutnagherry ...	Ditto ...	Ditto ...	Ditto.
25. Poorungurh ...	Ditto ...	Ditto ...	Ditto.
26. Eshwuntgurh Creek and River.	Ditto ...	Ditto ...	Ditto.
27. Viziadroog Creek and River.	Ditto ...	Ditto ...	Ditto.

[*Government Gazette*, 12*th May* 1874.]

প্রথম তফসীল।—(চলিতেছে।)

চতুর্থ ভাগ।—বোম্বাই দেশ।

বন্দরের নাম।	যেং জাহাজের উপর মাসুল লাগে।	বন্দরীয় মাসুল টন কি মণ প্রতি যে হারে লওয়া যাইবে।	একি জাহাজের সেই মাসুল যত বার দিতে হইবে।
৮। টানা খাল ও নদী ...	মাছুয়া নৌকা ছাড়া সমুদ্রগামি যে জাহাজে ১০ টন ও তাহার অধিক ধরে।	টন প্রতি ⁄০ দুই আনার অধিক নয়।	একি বন্দরে ত্রিশ দিনের মধ্যে এক বার। কিন্তু সমুদ্র ধারেং যে ষ্টীমর যায় তাহা কোন অংশের কোন বন্দরে বন্দরীয় মাসুল দিলে পর ত্রিশ দিনের মধ্যে সেই অংশের সেই কি অন্য কোন বন্দরে তাহার আবার ঐ মাসুল দিতে হইবে না
৯। ট্রম্বে ...	ঐ	ঐ	ঐ
১০। পান্বুয়েল খাল ও নদী	ঐ	ঐ	ঐ
১১। করিঞ্জা ...	ঐ	ঐ	ঐ
১২। রেওয়াস	ঐ	ঐ	ঐ
১৩। নাগোটনা খাল ও নদী	ঐ	ঐ	ঐ
১৪। থল ...	ঐ	ঐ	ঐ
১৫। আলিবাগ	ঐ	ঐ	ঐ
১৬ রেওদাণ্ডা ...	ঐ	ঐ	ঐ
১৭। ভল খাড়ী	ঐ	ঐ	ঐ
১৮। বাণকোট খাল ও নদী	ঐ	ঐ	ঐ
১৯। কেলসী ..	ঐ	ঐ	ঐ
২০। হরণী ...	ঐ	ঐ	ঐ
২১। অঞ্জনওয়েল খাল ও নদী	ঐ	ঐ	ঐ
২২। বোরিয়া	ঐ	ঐ	ঐ
২২। জয়গড় খাল ও নদী	ঐ	ঐ	ঐ
২৪। রত্নগিরি	ঐ	ঐ	ঐ
২৫। পুরনগড়	ঐ	ঐ	ঐ
২৬। ঈশ্বন্তগড় খাল ও নদী	ঐ	ঐ	ঐ
২৭। বিজ্যাদ্রুগ খাল ও নদী	ঐ	ঐ	ঐ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

THE FIRST SCHEDULE.—concluded.

PART IV.—THE BOMBAY PRESIDENCY.

Name of Port.	Vessels chargeable.	Rate of Port-dues per ton or per maund.	Due how often chargeable in respect of same vessel.
28. Dewgurh	Sea-going vessels of ten tons and upwards (except fishing boats).	Not exceeding two annas for every ton.	Once in thirty days at the same port. Provided that no coasting steamers having paid port-dues at any port shall be required to pay port-dues again at the same or any other port of the same group within thirty days.
29. Achray	Ditto	Ditto	Ditto.
30. Malwan	Ditto	Ditto	Ditto.
31. Newtee	Ditto	Ditto	Ditto.
32. Vingorla	Ditto	Ditto	Ditto.
33. Rairee	Ditto	Ditto	Ditto.
34. Tirakol Creek and River.	Ditto	Ditto	Ditto.
35. Karwar, including Beitkul.	Ditto	Ditto	Ditto.
36. Chendia	Ditto	Ditto	Ditto.
37. Aukola	Ditto	Ditto	Ditto.
38. Gungavuli	Ditto	Ditto	Ditto.
39. Tuddry	Ditto	Ditto	Ditto.
40. Coompta	Ditto	Ditto	Ditto.
41. Honore	Ditto	Ditto	Ditto.
42. Shiralee	Ditto	Ditto	Ditto.
43. Moordeshwur	Ditto	Ditto	Ditto.
44. Bhutkal	Ditto	Ditto	Ditto.
Karáchi	Ditto	Not exceeding four annas per ton.	Once in three months.
	Tug steamers and river steamers.	Ditto	Once between the 1st January and the 30th day of June and once between the 1st July and the 31st December in each year.
Aden	Sea-going vessels of the burden of 10 tons and upwards.	Not exceeding three annas per ton.	Once a month.

[*Government Gazette*, 12*th May* 1874.]

প্রথম তফসীল।—(চলিতেছে।)

চতুর্থ ভাগ।—বোম্বাইদেশ।

বন্দরের নাম	যে২ জাহাজের উপর মাসুল লাগে।	বন্দরীয় মাসুল টন কি মণ প্রতি যে হারে লওয়া যাইবে।	একি জাহাজের সেই মাসুল যত বার দিতে হইবে।
২৮। দেবগড় ...	মাছুয়া নৌকা ছাড়া সমুদ্রগামি যে জাহাজে ১০ টন ও তাহার অধিক ধরে	টনপ্রতি ৵০ দুই আনার অধিক নয়	একি বন্দরে ত্রিশ দিনের মধ্যে এক বার। কিন্তু সমুদ্র ধারে২ যে ষ্টীমর যায় তাহ কোন অংশের কোন বন্দরে বন্দরীয় মাসুল দিলে পর ত্রিশ দিনের মধ্যে সেই অংশের সেই কি অন্য কোন বন্দরে তাহার আবার ঐ মাসুল দিতে হইবে না।
২৯। আচরে ...	ঐ	ঐ	ঐ
৩০। মালওয়ান	ঐ	ঐ	ঐ
৩১। নেওতী ...	ঐ	ঐ	ঐ
৩২। বিজরলা ...	ঐ	ঐ	ঐ
৩৩। রায়রী ..	ঐ	ঐ	ঐ
৩৪। তিরাকোল খাল ও নদী	ঐ	ঐ	ঐ
৩৫। কারওয়ার ও বৈতকুল	ঐ	ঐ	ঐ
৩৬। চেন্দিয়া ...	ঐ	ঐ	ঐ
৩৭। আঙ্কোলা	ঐ	ঐ	ঐ
৩৮। গঙ্গাবলি..	ঐ	ঐ	ঐ
৩৯। তন্দরী ...	ঐ	ঐ	ঐ
৪০। কুম্পতা ...	ঐ	ঐ	ঐ
৪১। হনোরে ..	ঐ	ঐ	ঐ
৪২। শিরালি ...	ঐ	ঐ	ঐ
৪৩। মুর্দেশ্বর ...	ঐ	ঐ	ঐ
৪৪। ভুতকাল ...	ঐ	ঐ	ঐ
করাচী ...	ঐ	টনপ্রতি ।০ চারি আনার অধিক নয়।	তিন মাসান্তর একবার।
	টগষ্টীমর ও নদীর ষ্টীমর	ঐ	প্রতিবৎসর জানুআরিমাসের ১ পয়লা ও জুন মাসের ৩০ তারিখের মধ্যে একবার ও জুলাই মাসের ১ ও ডিসেম্বর মাসের ৩১ তারিখের মধ্যে এক বার।
আদেন ...	সমুদ্রগামি যে জাহাজে ১০ টন ও তাহার অধিক ধরে	টনপ্রতি তিন আনার অধিক নয়।	মাসে এক বার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

THE SECOND SCHEDULE.

See Section 3.

Number and year.	SUBJECT.	Extent of repeal.
Act XIII of 1839 ...	Port-duties.	So much as has not been repealed.
Act XXII of 1855 .	Ports and Port-dues.	Ditto.
Act XIII of 1856 ..	Police in Presidency Towns.	Section 117.
Act XXX of 1857 ..	Port-dues and Fees (Calcutta).	The whole.
Act XXXI of 1857 ..	Port-dues and Fees (Bombay).	Ditto.
Act XXXV of 1857 .	Port-dues and Fees. (Maulmain, Rangoon, &c.)	Ditto.
Act II of 1858 ..	Port-dues and Fees in certain Ports in the Province of Cuttack.	Ditto.
Act VIII of 1858. ...	Port-dues and Fees (Karáchi).	Ditto.
Act XV of 1858 ..	Port-dues and Fees (Port of Aden).	Ditto.
Act XVIII of 1858 ..	Port-dues and Fees (certain Madras Ports.)	Ditto.
Act XIX of 1860 .	Amending Act XXII of 1855.	Ditto.
Act XXV of 1860 .	Bassein.	Ditto.
Act XIII of 1867 .	Amending Act XXV of 1860.	In the title, the words "*for the levy of enhanced Port-dues in the Ports of Moulmain and Bassein, and*" The preamble down to and including the words "mentioned; And" Section one down to and including the word "Bassein."
Act VII of 1873 ...	Burma Port-dues.	The whole.
Bengal Act I of 1863 ..	Port-dues and Fees in the Port of Canning on the River Mutlah.	Ditto.
Bengal Act III of 1865 ...	Fire in Ports.	Sections 3 and 4. Section 8, clauses 1 and 2. Section 10.
Bengal Act IV of 1866 ..	Amending Act XIII of 1856.	Section 103.
Bengal Act III of 1867 ...	Ships in Ports.	Sections 7, 11, 12 and 13.
Madras Act I of 1864 ...	Extension of parts of Act XXII of 1855.	The whole.
Madras Act VII of 1867 ...	Port-dues.	The whole.
Madras Act VIII of 1867 ..	Madras Police.	Section 80.
Bombay Act IV of 1863 ...	Amending Act XV of 1858 (Port-dues, Aden.)	The whole.
Bombay Act XI of 1866 ...	Port-dues.	The whole.
Bombay Act I of 1873 ..	Bombay Port Trust Act 1873.	Section 75.

[*Government Gazette*, 12*th May* 1874.]

দ্বিতীয় তফসীল।
৩ ধারা দেখ।

সাল ও নম্বর।	বিষয়।	যত দূর রহিত হইল।
১৮৩৯ সা. ১৩ আ. ...	বন্দরীয় মাসুল বিষয়ক ...	যে অংশ পূর্ব্বে রহিত হয় নাই সেই অংশ।
১৮৫৫ সা. ২২ আ. ...	বন্দর ও বন্দরীয় মাসুল বিষয়ক ...	ঐ
১৮৫৬ সা. ১৩ আ. ...	রাজধানীর পোলীস বিষয়ক ..	১১৭ ধারা।
১৮৫৭ সা. ৩০ আ. ...	কলিকাতার বন্দরীয় মাসুল ও ফী বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৫৭ সা. ৩১ আ. ...	বোম্বাইয়ের ঐ ঐ	ঐ
১৮৫৭ সা. ৩৫ আ. ...	মৌলমেন ও রঙ্গুনের ঐ	ঐ
১৮৫৮ সা. ২ আ. ...	কটকপ্রদেশের অন্তর্গত কোন২ বন্দরের বন্দরীয় মাসুল ও ফী বিষয়ক	ঐ
১৮৫৮ সা. ৮ আ. ...	করাচীর বন্দরীয় মাসুল ও ফী বিষয়ক।	ঐ
১৮৫৮ সা. ১৫ আ. ..	আদেন বন্দরে বন্দরীয় মাসুল ও ফী বিষয়ক	ঐ
১৮৫৮ সা. ১৮ আ. ...	মান্দ্রাজের কোন২ বন্দরে বন্দরীয় মাসুল ও ফী বিষয়ক	ঐ
১৮৬০ সা. ১৯ আ. ...	১৮৫৫ সালের ২২ আইন সংশোধন করিবার আইন	ঐ
১৮৬০ সা. ২৫ আ. ...	বাসেন বিষয়ক ..	ঐ
১৮৬১ সা. ১৩ আ. ...	১৮৬০ সালের ২৫ আইন সংশোধনার্থ ...	নামের এই২ কথা, "মৌলমেন ও বাসেন বন্দরে ও.........বন্দরীয়মাসুল বাড়াইয়া লইবার নিমিত্ত" হেতুবাদের প্রথমঅবধি "mentioned; And" এই পর্য্যন্ত সকল কথা। ১ ধারার প্রথমঅবধি "Bassein" শব্দপর্য্যন্ত সকল কথা।
১৮৬৩ সা. ৭ আ. ...	বর্ম্মার বন্দরীয় মাসুল ..	সম্পূর্ণ আইন।
১৮৬৩ সা. বঙ্গীয় ১ আ. ...	মাতলা নদীর ক্যানিং বন্দরে বন্দরীয় মাসুল ও ফী বিষয়ক।	ঐ
১৮৬৫ সা. বঙ্গীয় ৩ আ. ...	বন্দরে অগ্নি বিষয়ক ...	৩ ও ৪ ধারা। ৮ ধারার ১ ও ২ প্রকরণ। ১০ ধারা।
১৮৬৬ সা. বঙ্গীয় ৪ আ. ...	১৮৫৬ সালের ১৩ আইন সংশোধনার্থ	১০৩ ধারা।
১৮৬৭ সা. বঙ্গীয় ৩ আ. ...	বন্দরগত জাহাজ বিষয়ক ..	৭, ১১, ১২ ও ১৩ ধারা।
১৮৬৪ সা. মান্দ্রাজীয় ১ আ. ...	১৮৫৫ সালের ২২ আইনের কোন২ অংশ বর্ত্তাইবার	সম্পূর্ণ আইন।
১৮৬৭ সা. মান্দ্রাজীয় ৭ আ....	বন্দরীয় মাসুল বিষয়ক ...	সম্পূর্ণ আইন।
১৮৬৭ সা. মান্দ্রাজীয় ৮ আ. ..	মান্দ্রাজের পোলীস বিষয়ক ..	৮০ ধারা।
১৮৬৩ সা. বোম্বাইয়ের ৪ আ.	আদেনের বন্দরীয় মাসুল বিষয়ক ১৮৫৮ সালের ১৫ আইন সংশোধনার্থ	সম্পূর্ণ আইন।
১৮৬৬ সা. বোম্বাইয়ের ১১ আ.	বন্দরীয় মাসুল বিষয়ক ..	সম্পূর্ণ আইন।
১৮৭৩ সা. বোম্বাইয়ের ১ আ.	বোম্বাই পোর্টট্রষ্ট বিষয়ক ১৮৭৩ সালের আইন।	৭৫ ধারা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

STATEMENT OF OBJECTS AND REASONS.

The primary objects of this Bill are three: one to empower the Local Governments in all the principal ports of British India to levy a moderate duty for the support of local hospitals to which seamen resort for medical aid. The duty will in no case exceed one anna per ton, and will be leviable in respect of all merchant-ships lying in such ports. Under Bengal Act III of 1867, the Lieutenant-Governor of Bengal has already this power as regards vessels lying in the port of Calcutta.

In ports to which the present Port Act extends, ships of over 200 tons burden cannot be moved without having a pilot, &c., on board, and smaller vessels cannot be moved without the authority of the Conservator. The second object of the Bill is to extend this rule to the navigable channels leading to those ports.

Its third object is to provide for the arrest of foreign deserters in any port of British India on the application of the Consul of any foreign power to which the Foreign Deserters Act, 1852, has been declared applicable. Similar provisions are in force in the ports of Bombay (Act XIII of 1856, s. 117), Calcutta (Bengal Act IV of 1866, s. 103) and Madras (Madras Act VIII of 1867, s. 80.)

As the law relating to ports and port-dues is now contained in no less than twenty-two Acts, it has been thought more desirable to consolidate these laws with the additions above specified than to add a twenty-third to their number.

The Bill is divided into eight chapters:

Chapter I contains the usual preliminary matter.

Chapter II empowers the Local Governments to extend the proposed Act to any port to which it will not in the first instance apply, to alter the limits of any port in which the proposed Act may be in force, and to make port-rules for the purposes mentioned in Act XXII of 1855, section 7. The opportunity has been taken to define 'high-water mark' as the medium high tide between the springs and the neaps (*Atty. Gen.* v. *Chambers*, 4 DeG. Mac. & G. 206, 218).

Chapter III deals with the Conservator and other Port-officers and describes their powers and duties. A clause (17) taken from the Bengal Act III of 1865 empowers any Conservator, for the purpose of extinguishing fires in his port, to require the master of any ship of more than 500 tons burden to place at his disposal three-fourths of the crew then under such master's orders. In other respects this chapter makes no substantial change in the law.

Chapter IV contains sundry rules for the safety of shipping and the preservation of ports. There is nothing substantially new, except a clause (copied from Bengal Act III of 1867) imposing a penalty on any master who wilfully omits to take order to extinguish fire on board his ship; and another clause (taken from Bengal Act III of 1865) empowering the Local Government to make rules for the prevention of fire from petroleum and other inflammable oils.

Chapter V relates to the subject of salvage in ports and is equivalent to sections 38 and 39 of Act XXII of 1855.

Chapter VI relates to Port-dues. The provisions of Act VII of 1873, under which the Local Government extending the proposed Act to any port may declare the maximum amount of dues to be levied therein, (but within the limits of a statutory maximum), and the conditions and modifications under which such dues shall be levied, have been made applicable to all ports of British India not now subject to Act XXII of 1855.

[*Government Gazette*, 12*th May* 1871.]

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

এই পাণ্ডুলিপির মুখ্য উদ্দেশ্য তিনটি। প্রথম নাবিকেরা নানা স্থানে যে হাস্পাতালে গিয়া ঔষধাদি পাইতে পারে, বৃটিনীয় ভারতবর্ষের অন্তর্গত সকল প্রধান বন্দরে এমত হাস্পাতালের ব্যয়পোষণের জন্যে স্থানীয় নানা গবর্ণমেণ্টের প্রতি সামান্য মাসুল আদায় করিবার ক্ষমতা প্রদান করা। ঐ মাসুল টনপ্রতি /০ আনার অধিক হইবে না, ও সওদাগরী যত জাহাজ তদ্রূপ বন্দরে থাকে তাহাহইতে আদায় হইবে। কলিকাতা বন্দরে যে২ জাহাজ থাকে ১৮৬৭ সালের বঙ্গীয় ৩ আইনমতে সেই২ জাহাজের পক্ষে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের সেই ক্ষমতা আছে।

বন্দর বিষয়ক প্রচলিত আইন যেং বন্দরে চলে, সেইং বন্দরের যে জাহাজে ২০০ টনের অধিক ধরে, সেইং জাহাজে আড়কাটী না থাকিলে তাহা এক স্থানহইতে অন্য স্থানে সরাইয়া লওয়া যাইতে পারে না। ও তাহার অপেক্ষা ক্ষুদ্র জাহাজ রক্ষক সাহেবের অনুমতি ছাড়া সরাইয়া লওয়া যায় না। নৌকাদি যাইবার উপযুক্ত যেং জলপথ দিয়া সেইং বন্দরে যাওয়া যায় সেইং জলপথের প্রতিও ঐ বিধি বর্ত্তান এই পাণ্ডুলিপির দ্বিতীয় উদ্দেশ্য।

ভিন্নদেশীয় পলাতক বিষয়ক ১৮৫২ সালের আইন যেং ভিন্নদেশের প্রতি বর্ত্তে বলিয়া প্রকাশ হয় সেইং দেশের কনসল সাহেব প্রার্থনা করিলে বৃটিনীয় ভারতবর্ষের কোন বন্দরে সেই ভিন্ন দেশীয় পলাতককে ধৃত করিয়া আনিবার বিধান করা এই পাণ্ডুলিপির তৃতীয় উদ্দেশ্য। বোম্বাই বন্দরে (১৮৫৬ সালের ১৩ আইনের ১১৭ ধারামতে) ও কলিকাতা বন্দরে (১৮৬৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১০৩ ধারামতে) ও মান্দ্রাজ বন্দরে (১৮৬৭ সালের মান্দ্রাজের ৮ আইনের ৮০ ধারামতে) তদ্রূপ বিধান প্রচলিত আছে

এইক্ষণে বন্দর ও বন্দরীয় মাসুলবিষয়ক আইন ২২ খানির কম নাই। অতএব উক্ত উদ্দেশ্য লক্ষ করিয়া আর এক খানি আইন প্রণয়ন করিয়া সংখ্যা বাড়াইয়া না দিয়া, উক্ত সমস্ত আইন সংগ্রহ করিয়া তন্মধ্যে ঐ২ উদ্দেশ্যও ধরিয়া নূতন একটি আইন করা শ্রেয় বোধ হইল।

এই পাণ্ডুলিপির আট অধ্যায়।

আইনে সচরাচর পারিভাষিক যেং বিষয় লেখা থাকে তাহা প্রথম অধ্যায়ে আছে।

দ্বিতীয় অধ্যায়ে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এই২ ক্ষমতা দেওয়া গেল, আইন প্রথমেই যেং বন্দরের প্রতি না বর্ত্তে ঐ গবর্ণমেণ্ট সেইং বন্দরের প্রতি তাহা বর্ত্তাইতে পারেন, ও প্রস্তাবিত আইন যেং বন্দরে প্রবল হইবে তাহার সীমা পরিবর্ত্তন করিতে এবং ১৮৫৫ সালের ২২ আইনের ৭ ধারার উল্লিখিত কার্য্যের নিমিত্ত বন্দরীয় বিধি করিতে পারিবেন। এই সুযোগে "জোয়ারের জলের দাগ" নির্ণয় করিয়া বড় কটালের ও মরা কটালের জল যত উচ্চ উঠিয়া থাকে তাহার মাঝামাঝি দাগ ধরা গেল।

তৃতীয় অধ্যায়ে বন্দর রক্ষকের ও বন্দরের অন্য২ কার্য্যকারকদের কথা আছে। তাহাদের ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্মও নিরূপণ হইয়াছে। ১৮৬৫ সালের বঙ্গীয় ৩ আইনহইতে একটি ধারা (১৭ ধারা বলিয়া) গ্রহণ করিলাম। তৎক্রমে কোন বন্দরে আগুন লাগিলে, যে কোন জাহাজে ৫০০ টনের অধিক ধরে তাহার মধ্যে যত জন নাবিক থাকে, রক্ষক সাহেব ঐ জাহাজের কাপ্তান সাহেবকে তাহাদের চারি অংশের তিন অংশ লোক আপনার আজ্ঞাধীন করিয়া দিতে আদেশ করিতে পারিবেন। এই কথা ছাড়া গুরুতরভাবে আইনের পরিবর্ত্তন হয় নাই।

চতুর্থ অধ্যায়ে জাহাজের নিরাপদে থাকার ও বন্দরের সুরক্ষার কএক বিধান আছে। ইহার মধ্যে নূতন প্রায় কিছুই নাই। কেবল জাহাজে আগুন লাগিলে ও জাহাজের কাপ্তান জানিয়াশুনিয়া তাহা নিবাইয়া ফেলিবার বিধান করিতে শৈথিল্য করিলে তাঁহার দণ্ড হইবে, ১৮৬৭ সালের বঙ্গীয় ৩ আইনহইতে এই বিষয়ের একটি ধারা গ্রহণ করা গিয়াছে। আর পিট্রোলিয়ম প্রভৃতি যে প্রকারের তৈল হঠাৎ জ্বলিয়া উঠে, সেই তৈল দ্বারা আগুন না লাগিবার বিধান করিতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি ক্ষমতা দেওয়া গেল, ১৮৬৫ সালের বঙ্গীয় ৩ আইনহইতে এই মর্ম্মের এক ধারা লওয়া গিয়াছে।

বন্দরে জাহাজ মারা পড়িলে তাহার দ্রব্যাদি তুলিয়া লইবার পুরস্কার বিষয়ক পঞ্চম অধ্যায় ১৮৫৫ সালের ২২ আইনের ৩৮ ও ৩৯ ধারার সদৃশ।

ষষ্ঠ অধ্যায়ে বন্দরীয় মাসুলের কথা আছে। অতি উচ্চ যে হারে ঐ মাসুল লওয়া যাইতে পারে তাহা আইনে নির্দ্ধারিত হইল। স্থানীয় গবর্ণমেণ্ট কোন বন্দরে এই প্রস্তাবিত আইন প্রচলিত করিলে, ঐ হারানুসারে উচ্চ মাসুল নির্দ্ধার্য্য করিতে পারিবেন, ও যে নিয়মানুসারে ও যে অংশটি মতান্তর করণপূর্ব্বক ঐ মাসুল আদায় হইবে ইহা স্থির করিতে পারিবেন, ১৮৫৫ সালের ২২ আইনের বিধান বৃটিনীয় ভারতবর্ষের যে সকল বন্দরে প্রচলিত নয়, সেইং বন্দরে ১৮৭৩ সালের ৭ আইনের উক্ত বিধান বর্ত্তান গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

Power has been given to the Local Governments to direct that for the purposes of port-fund accounts any number of ports shall be regarded as constituting a single port. Similar provisions are contained in Madras Act VII of 1867 and Bombay Act XI of 1866.

The rules relating to port-dues chargeable on vessels re-entering ports from stress of weather, entering in ballast, or not discharging or taking in cargo or passengers, which are now repeated in many local Acts, have been made of general application. A general power also has been given to compound for port-dues.

A general clause has been introduced fixing the maximum fees for certain services, such as hauling, remooring, removing from one part of the port to another, hooking and measuring. Similar clauses are to be found in Act XXX of 1857, Bengal Act I of 1863, and Madras Act VII of 1867.

A provision taken from Bengal Act III of 1867 has been introduced to authorise the refusal of port-clearances until the payment of the expenses attendant on the illness or death of masters, seamen and apprentices, which, under the Merchant Shipping Act (17 & 18 Vic., c. 104) s. 228, are to be defrayed by the ship-owner.

Chapter VII contains the general provisions as to penalties found in Act XXII of 1855, sections 55 to 59, 63 and 64. And Chapter VIII provides for the arrest of foreign deserters and contains a few other miscellaneous provisions.

The Bill is followed by two Schedules: The first shows in a tabular form—(*a*) all the ports in which Act XXII of 1855 is now in force, and to which the present measure will apply in the first instance; (*b*) the ships on which dues will be levied; (*c*) the maximum rate per ton; and (*d*) how often the rate will be leviable. The second schedule specifies the enactments which the Bill if it become law will remove from the Statute-book.

A. HOBHOUSE.

The 15*th April* 1874.

WHITLEY STOKES,
Secretary to the Govt. of India.

[*Government Gazette,* 12*th May* 1874.]

বন্দরের টাকার হিসাব রাখিবার জন্যে কএকটি বন্দর একত্র করিয়া একটি বন্দর বলিয়া জ্ঞান হইবে। স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি এমত আজ্ঞা করিবার ক্ষমতা দেওয়া গেল। মান্দ্রাজের ১৮৬৭ সালের ৭ আইনে ও বোম্বাইয়ের ১৮৬৬ সালের ১১ আইনে তদ্রূপ বিধান আছে।

ঝড়ের বেগপ্রযুক্ত বন্দরে কোন জাহাজের ফিরিয়া যাইতে হইলে, কিম্বা জাহাজ নিলাম বোঝাই হইয়া আইলে, কিম্বা মাল কি চড়নদার নামাইয়া না দিলে কি তুলিয়া না লইলে, তাহার উপর বন্দরীয় কত মাসুল লইতে হইবে, এই বিষয়ের বিধি স্থানীয় নানা আইনে আছে। তাহা সাধারণমতে বর্ত্তান গিয়াছে। আরো বন্দরীয় মাসুল ক্ষরণ করিয়া দিবার সাধারণ ক্ষমতা দেওয়া গিয়াছে।

জাহাজ টানিয়া কোন বয়াতে বাঁধা, ও এক বয়াহইতে খুলিয়া অন্য বয়াতে বাঁধা, ও বন্দরের এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাওয়া, ও ডক করা ও মাপ লওয়া ইত্যাদি কর্ম্মের নিমিত্ত অত্যুচ্চ যে হারে ফী লওয়া যাইবে ইহা নিরূপণের একটি সাধারণ ধারা করা গিয়াছে। ১৮৫৭ সালের ৩০ আইনে ও ১৮৬৩ সালের বঙ্গীয় ১ আইনে ও মান্দ্রাজের ১৮৬৭ সালের ৭ আইনেও সেই প্রকারের বিধান আছে।

মহারাণী বিকটোরিয়ার ১৭ ও ১৮ বৎসরের ১০৪ অধ্যায়ের সওদাগরী জাহাজ বিষয়ক আইনের ২২৮ ধারামতে জাহাজের কাপ্তান ও নাবিক ও প্রেণ্টিস পীড়িত হইলে কি মরিলে, তৎসম্পর্কীয় যে খরচ হয় জাহাজের স্বামির সেই খরচ দিতে হইবে সেই খরচ যত দিন না দেওয়া যায় তত দিন জাহাজের চলিয়া যাইবার অনুমতিপত্র না দেওয়ার ক্ষমতা থাকে, ১৮৬৭ সালের বঙ্গীয় ৩ আইনহইতে এই বিষয়ের বিধান গ্রহণ করা গেল।

১৮৫৫ সালের ২২ আইনের ৫৫ অবধি ৫৯ পর্য্যন্ত ও ৬৩, ৬৫ ধারায় দণ্ডবিষয়ক যে সাধারণ বিধান আছে, সপ্তম অধ্যায়ে তাহা লেখা হইয়াছে। অষ্টম অধ্যায়ে ভিন্ন দেশীয় পলাতকদের ধৃত করিবার ও বিবিধ বিষয়ের বিধান আছে।

এই পাণ্ডুলিপির দুই তফসীল। ১৮৫৫ সালের ২২ আইন যেং বন্দরে প্রচলিত আছে ও এই আইন বিধিবদ্ধ হইলেই প্রথমে যেং বন্দরে প্রচলিত হইবে, প্রথম তফসীলে (ক) ঐং বন্দরের নাম ও (খ) যে জাহাজের উপর মাসুল আদায় হইবে, ও (গ) টনপ্রতি যাহার অধিক মাসুল লওয়া যাইবে না, ও (ঘ) ঐ মাসুল কতবার লওয়া যাইতে পারিবে। তাহা লেখা আছে। এই পাণ্ডুলিপি বিধিবদ্ধ হইলেই ব্যবস্থাপুস্তকহইতে যেং বিধান উঠিয়া যাইবে তাহা দ্বিতীয় তফসীলে নির্দ্দিষ্ট হইল।

এ হবহৌস,

১৮৭৪ সাল ১৫ আপ্রিল।

উইটলি ষ্টোক্‌স,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 12, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১২ মে।

PART V.

Acts of the Bengal Council.

পঞ্চম খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার আইন।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act, passed by the Lieutenant-Governor of Bengal in Council, received the assent of His Honor on the 20th April 1874, and, having been assented to by His Excellency the Governor-General on the 4th May 1874, is hereby promulgated for general information :—

ACT No. II OF 1874.

An Act to amend Act VIII of 1871 (for the better regulation of Markets in Calcutta, and to empower the Justices to establish Municipal Markets).

Preamble.

WHEREAS it is expedient to amend the Calcutta Markets' Act, 1871, and to give further power to the Justices of the Peace for the Town of Calcutta to acquire land by purchase, lease, or otherwise, for the purpose of providing markets, and to borrow money for the like purpose, and to

বঙ্গদেশের গবর্ণমেণ্ট

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন বিষয়ে উক্ত মান্যবর সাহেব ১৮৭৪ সালের আপ্রিল মাসের ২০ তারিখে ও মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেব ১৮৭৪ সালের মে মাসের ৪ তারিখে সম্মত হইলে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১৮৭৪ সালের ২ আইন।

কলিকাতার বাজারের আরো উত্তম বিধান করিবার এবং জষ্টিসদের প্রতি মুনিসিপল বাজার স্থাপন করিবার ক্ষমতা প্রদানার্থ ১৮৭১ সালের ৮ আইন সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

কলিকাতার বাজার বিষয়ক ১৮৭১ সালের আইন সংশোধন করা, ও কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি বাজার স্থাপন করিবার জন্যে জমী ক্রয় করিয়া কি পাট্টা করিয়া লইয়া কি অন্য প্রকারে অধিকার করিবার, ও সেই উদ্দেশে ধণ লইবার, ও সেই২ বাজারের বিধান করিয়া তাহার খরচ পোষাইবার

regulate and maintain such markets, it is enacted as follows:—

1. In this Act, unless there be something repugnant in the subject or context—

Interpretation clause.

"The Justices" mean the Corporation of "the Justices of the Peace for the Town of Calcutta."

The Justices.

"Market" means a market vested in, or the property of, the Justices of the Peace for the Town of Calcutta.

Market.

"Lieutenant-Governor" means the Lieutenant-Governor of Bengal for the time being.

Lieutenant-Governor.

2. The following words and sections in Bengal Act VIII of 1871 are hereby repealed:

Repeal of Acts.

In the preamble the words "for the sale of meat, fish, fruit, and vegetables."

In Section 2 the words "and the said Justices shall grant such license whenever it shall be certified to them in writing, under the hand of the Health Officer of the Justices, that such place is fit to be used as a market."

Section 3.

3. Every license to be granted under the provisions of Bengal Act VIII of 1871 shall be in the absolute discretion of the Justices at a meeting, provided that before any application for such license shall be considered by the Justices at a meeting, the Chairman of the Justices shall cause the place, in respect of which application has been made, to be inspected by not less than three Justices, whose report shall be laid before the Justices at a meeting.

Grant of licenses to be discretionary.

4. It shall be lawful for the Justices from time to time, if they shall think fit, with the sanction of the Lieutenant-Governor, to acquire land by purchase, lease, or otherwise, in order to provide places within the limits of the Town of Calcutta for the purpose of being used as markets, and for the like purpose, to purchase, or take on lease any land now used within such limits as a market (other than a market as defined in this Act), or registered as such, upon such terms, or subject to such conditions as they may consider necessary, and to appropriate any land now vested in or belonging to them, and to set out the

Power to Justices to acquire land for markets;

ক্ষমতা বাড়াইয়া দেওয়া বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

১ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথার দ্বারা ভাবান্তর প্রকাশ না হইলে এই আইনে,

অর্থকরণের ধারা।

"জষ্টিস" শব্দে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের সমবায়িত সমাজ বুঝাইবে।

"জষ্টিস"

"বাজার" শব্দে কলিকাতা নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসদের প্রতি যে বাজার বর্ত্তে কিম্বা যে বাজার তাহাদেরই সম্পত্তি তাহা বুঝাইবে।

"বাজার"

"লেপ্টেনেন্ট গবরনর" শব্দে যিনি যৎকালে বঙ্গদেশের লেপ্টেনেন্ট গবরনর হন তাঁহাকে বুঝাইবে ইতি।

লেপ্টেনেন্ট গবরনর।

২ ধারা। ১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের এই২ কথা ও এই২ ধারা রহিত করা গেল।

আইন রহিত হইবার কথা।

হেতুবাদে "মাংস মাছ, ফল ও শাকসবজী বিক্রয়ের নিমিত্ত" এই কথা।

২ ধারার এই২ কথা, "জষ্টিসদের স্বাস্থ্যরক্ষক সাহেব আপনার স্বাক্ষরিত লিপিদ্বারা সেই স্থান, বাজারের উপযুক্ত স্থান বলিয়া সর্টিফিকট দিলে, উক্ত জষ্টিসেরা সেই অনুমতিপত্র দিবেন।"

৩ ধারা ইতি।

৩ ধারা। ১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের বিধানমতে যে অনুমতিপত্র দেওয়া যায়, তাহা দেওয়া বা না দেওয়া সভাগত জষ্টিসদের সম্পূর্ণ স্বেচ্ছাধীন থাকিবে, কিন্তু তদ্রূপ অনুমতিপত্রের নিমিত্ত প্রার্থনা হইলে যে স্থানের বিষয়ে ঐ প্রার্থনা করা যায় জষ্টিসদের সভাপতি সাহেব জষ্টিসদের সভায় ঐ প্রার্থনাপত্র বিবেচনা করিবার পূর্ব্বে, জষ্টিসদের অন্যূন তিন ব্যক্তির দ্বারা ঐ স্থানটি দেখিয়া লইবেন। জষ্টিসেরা সভাগত হইলে তাঁহাদের রিপোর্ট সম্মুখে অর্পণ করা যাইবে ইতি।

অনুমতিপত্র দেওয়া বা না দেওয়া স্বেচ্ছাধীন থাকার কথা।

৪ ধারা। কলিকাতা নগরের সীমার মধ্যে বাজারস্বরূপ যে স্থানের ব্যবহার হইবে, জষ্টিসেরা সময়ে২ বিহিত বোধ করিলে এমত স্থান নিরূপণ করিয়া দিবার নিমিত্ত, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া, ক্রয় করিয়া কি পাট্টা করিয়া কি অন্য প্রকারে ঐ ভূমি লইতে পারিবেন, ও এই আইনে বাজার বলিয়া যাহা নির্ণীত হইয়াছে তাহা ছাড়া সেই সীমার মধ্যে এইক্ষণে বাজার বলিয়া যে ভূমির ব্যবহার হইয়া থাকে কিম্বা যে ভূমির রেজিষ্টর হইয়াছে, তাঁহারা সেই উদ্দেশে যে বিধি ও যে নিয়ম আবশ্যক জ্ঞান করেন তদনুসারে সেই ভূমিও ক্রয় করিতে কি পাট্টা করিয়া লইতে পারিবেন, ও এইক্ষণে তাঁহাদের প্রতি যে

বাজার করিবার নিমিত্ত জষ্টিসদের ভূমি লইবার ক্ষমতার কথা।

whole or such parts thereof as they may think necessary for the purposes of such markets, and thereupon from time to time to build and maintain such markets and such stalls, sheds, pens, and other buildings or conveniences for the use of the persons frequenting such markets, and for weighing and measuring goods sold in such markets and on such land as aforesaid, or on other land purchased for that purpose to make and maintain all such roads and approaches thereto as they may think necessary, and from time to time to make such bye-laws as they may think fit for all or any of the following purposes:—

and to make bye-laws.

(*a*) For regulating the control and use of such markets, and the buildings, stalls, pens, and standings therein, and for preventing nuisances or obstructions therein, or in the immediate approaches thereto;

(*b*) For preventing the use therein of false or defective weights, scales, or measures;

(*c*) For preventing the sale or exposure for sale therein of unwholesome meat, fish, or provisions;

(*d*) For the establishment and publication of a price-current, and for prescribing the mode of sale of articles, whether by measure, weight, tale, or piece;

(*e*) For keeping such markets in a cleanly and proper state, and for removing filth and refuse therefrom.

5. It shall be lawful for the Justices to sell, or to let to tenants on lease or otherwise, on such terms as they may think fit, any market, or any part thereof, and to do all things necessary for carrying the provisions of this section into effect.

Power to Justices to sell or let markets.

6. It shall be lawful for the Justices to close any market, or any part thereof, or to sell, or to let out to tenants, on lease or otherwise, any land heretofore used as a market, or any part thereof, on such terms as they may think fit, and to do all things necessary for carrying the provisions of this section into effect.

Power to Justices to close markets or to sell or let land formerly used as markets.

ভূমি বর্ত্তে কি তাঁহারদের যে ভূমি আছে তাহাও ঐ কার্য্যে নিরূপণ করিতে পারিবেন, ও সেই সমুদয় ভূমি কি তাহার যে অংশ আবশ্যক বোধ করেন তাহা তদ্রূপ বাজারের উপলক্ষে নিরূপণ করিতে পারিবেন, তাহা করিলে তাঁহারা সময়ে২ ঐ২ বাজার নির্ম্মাণ ও রক্ষা করিয়া, যেং ব্যক্তিরা সর্ব্বদাই ঐ বাজারে গিয়া থাকে তাহাদের জন্যে মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার স্থান ও অন্যং ঘর, ও ঐ বাজারে যেং দ্রব্য বিক্রয় হয়, তাহার ওজন ও মাপ করিবার সুবিধাজনক উপায় করিয়া দিতে পারিবেন, ও সেই বাজারের মধ্যে কি তথায় যাইবার যেং পথ প্রস্তুত করা আবশ্যক জ্ঞান করেন পূর্ব্বোক্ত জমীতে কি অন্য জমী ক্রয় করিয়া সেই জমীতে, ঐ২ পথ প্রস্তুত করিয়া দিতে পারিবেন। ও নিম্নলিখিত সকল কি অন্যতর কার্য্যের নিমিত্ত যে উপবিধি করা উচিত জ্ঞান করেন তাহাও করিতে পারিবেন,—

ও উপবিধি করিবার কথা।

(ক) বাজারের ও তন্মধ্য ঘরের ও মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার স্থানের শাসন করিবার ও ব্যবহার হইবার, ও বাজারের মধ্যে কিম্বা বাজারে যাইবার পথে অনিষ্টজনক বা বাধাজনক কার্য্য না হইবার উপবিধি।

(খ) বাজারে অপ্রকৃত কি কম ওজনের বাটখারা কি দাঁড়িপাল্লা কি মাপিবার পাত্রাদি ব্যবহার না হইবার উপবিধি।

(গ) অস্বাস্থ্যজনক মাংস কি মাছ কি অন্য আহারীয় দ্রব্য বিক্রয় না হইবার কি বিক্রয়ার্থে না দেখাইবার উপবিধি।

(ঘ) বাজারে নিরিখের ফর্দ্দ করিয়া প্রকাশ করিবার ও যেং দ্রব্য যেরূপে অর্থাৎ মাপিয়া কি তৌল করিয়া কি গণতি করিয়া কি টুকরাং করিয়া বিক্রয় হইবে তাহার উপবিধি।

(ঙ) সেই বাজার পরিষ্কার ও উপযুক্ত ভাবে রাখিবার ও তথাহইতে জঞ্জাল ও ওঁচলা তুলিয়া ফেলিবার উপবিধি ইতি।

৫ ধারা। জষ্টিসেরা যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়ম করিয়া কোন বাজার কি বাজারের কোন অংশ বিক্রয় করিয়া কি রায়তদিগকে পাট্টা করিয়া কি অন্য প্রকারে দিতে পারিবেন এবং এই ধারার বিধান সফল করিবার জন্যে যাহা আবশ্যক তাহা করিতে পারিবেন ইতি।

জষ্টিসদের বাজার বিক্রয় করিবার কি পাট্টা করিয়া দিবার ক্ষমতার কথা।

৬ ধারা। জষ্টিসেরা যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়ম করিয়া কোন বাজার কিম্বা তাহার কোন অংশ বন্দ করিতে পারিবেন, কিম্বা বাজারের মত যে ভূমির ব্যবহার হইয়া আসিতেছে সেই ভূমি কি তাহার কোন অংশ বিক্রয় করিতে কিম্বা রায়তদিগকে পাট্টা করিয়া কি অন্য প্রকারে দিতে পারিবেন। ও এই ধারার বিধান সফল করিবার জন্যে যাহা আবশ্যক তাহা করিতে পারিবেন ইতি।

বাজার বন্দ করিবার কিম্বা পূর্ব্বে বাজারের মত যে জমীর ব্যবহার হইত তাহা বিক্রয় কি পাট্টা করিয়া দিতে জষ্টিসদের ক্ষমতার কথা।

[*Government Gazette*, 12*th May* 1874.]

7. The Justices shall, with regard to bye-laws under this Act, have the same and the like powers as are given to the Justices with regard to bye-laws under Section 218 of Bengal Act VI of 1863, and all bye-laws made under this Act shall be subject to the same and the like rules as to alteration, confirmation, and publication, as are enacted in Sections 219, 220, 221, and 223 of Bengal Act VI of 1863.

Justices to have the same power as to bye-laws as under Act VI (B.C.) of 1863.

8. All bye-laws made and sanctioned under this Act, in addition to being published as provided in Section 221 of Bengal Act VI of 1863, shall also be painted or placed on boards, and put up in the English and Bengalee languages in some conspicuous place in every market.

Bye-laws to be hung up in markets.

9. It shall be lawful for the Justices at a special general meeting, out of the Municipal Fund as defined by Section 6 of Bengal Act VI of 1863, and out of the monies borrowed under the provisions of this Act, and out of monies derived from the rents of buildings, stalls, pens, or standings in any market, and from any fees realized from any market, to expend such sums of money as they may think necessary for the construction, maintenance, and keeping such market in repair, and for any other purpose or purposes which the Justices may deem necessary for establishing or carrying on the same or conducive thereto, and all sums of money heretofore expended by the Chairman of the Justices, or by the Justices, towards establishing, completing, opening, maintaining, keeping in repair, or carrying on any market, are hereby declared and deemed to be considered and taken as if spent under the provisions of this Act.

Power to Justices to carry on markets.

Monies heretofore expended to be considered as expended under this Act.

10. For the acquisition of land for the purposes set out in Section 4 of this Act, and for the purposes mentioned in the last preceding Section of this Act, the Justices may, from time to time, with the sanction of the Lieutenant-Governor, borrow, in addition to the sums mentioned in Section 9 of Bengal Act IX of 1867, Section 15 of Bengal Act VIII of 1871, and Section 1 of Bengal Act I of 1872, at such

Power to Justices to borrow money to the extent of seven lakhs.

৭ ধারা। ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ২১৮ ধারামতে যে উপবিধি করা যায়, তৎসম্পর্কে জষ্টিসদের প্রতি যেং ও যদ্রূপ ক্ষমতা দেওয়া গেল, এই আইনমত উপবিধি সম্পর্কে তাঁহারদের সেইং ও তদ্রূপ ক্ষমতা থাকিবে। এবং ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ২১৯, ২২০, ২২১ ও ২২৩ ধারায় উপবিধি পরিবর্ত্তন ও দৃঢ় করণ ও প্রকাশ করণ বিষয়ে যেং বিধান আছে, এই আইনমত সকল উপবিধিরও প্রতি ঐং বিধান খাটিবে ইতি।

উপবিধি সম্পর্কে ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনমতে যে ক্ষমতা আছে জষ্টিসদের সেই ক্ষমতা থাকার কথা।

৮ ধারা। এই আইনমতে যে সকল উপবিধি করা যায় ও যাহার অনুমতি হয়, ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ২২১ ধারার বিধানমতে তাহা প্রকাশ করা যাইবে, তদ্ভিন্ন তক্তায় রং দিয়া লেখা হইবা বা তক্তায় বসাইয়া তাহা ইঙ্গ্রেজী ও বাঙ্গলা ভাষায় এই আইনমত স্থাপিত বাজারের কোন প্রকাশ স্থানে লটকান থাকিবে ইতি।

বাজারে উপবিধি টাঙ্গাইয়া রাখিবার কথা।

৯ ধারা। ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ৬ ধারায় মুনিসিপল ফণ্ড বলিয়া যাহা নির্দ্দিষ্ট হইল, জষ্টিসেরা সাধারণের বিশেষ সভায় সেই ফণ্ডের টাকা, এবং এই আইনের বিধানমতে কর্জ্জ করিয়া টাকা লইয়া, ও কোন বাজারে যেং ঘর ও মাংস মৎস্যাদি বিক্রয় করিবার ও মেষাদি রাখিবার যেং স্থান থাকে তাহার ভাড়া বলিয়া যে টাকা তোলেন, ও কোন বাজার হইতে যে ফী আদায় হয়, তাহা লইয়া, সেই বাজার নির্ম্মাণ করিবার ও তাহার খরচ পোষাইবার ও তাহা সারাইয়া রাখিবার নিমিত্ত, ও সেই বাজার দৃঢ়মতে স্থাপন করিবার কার্য্য চালাইবার নিমিত্ত কি তদুপযোগি অন্য যে কার্য্য বা যেং কার্য্য করা আবশ্যক বোধ করেন সেই কার্য্যে ঐ টাকা খরচ করিতে পারিবেন। এবং জষ্টিসদের সভাপতি কিম্বা জষ্টিসেরা ইহার পূর্ব্বে কোন বাজার দৃঢ়মতে স্থাপন ও সমাধা করিবার ও খুলিবার ও তাহার খরচ পোষাইবার ও তাহা সারাইয়া রাখিবার কি তাহার কার্য্য চালাইবার নিমিত্ত যে সকল টাকা খরচ করিলেন, তাহা এই আইনের বিধানমতে খরচ হইল এমত প্রকাশ করা যাইতেছে, ও এই আইনের বিধানমতে খরচ করা গেল বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

মুনিসিপল টাকা লইয়া বাজারের কর্ম্ম চালাইতে জষ্টিসদের ক্ষমতার কথা।

ইহার পূর্ব্বে যে টাকা খরচ হইল তাহা এই আইনমতে খরচ হইয়াছে বলিয়া জ্ঞান করিবার কথা।

১০ ধারা। এই আইনের ৪ ধারায় যেং অভিপ্রায় ব্যক্ত হইয়াছে সেইং অভিপ্রায়ে ভূমি গ্রহণ করিবার নিমিত্ত, এবং ইহার পূর্ব্ব ধারায় উল্লিখিত কারণে ১৮৬৭ সালের বঙ্গীয় ৯ আইনের ৯ ধারায় ও ১৮৭১ সালের বঙ্গীয় ৮ আইনের ১৫ ধারায় ও ১৮৭২ সালের ১ আইনের ১ ধারায় যেং টাকার কথা লেখা আছে, জষ্টিসেরা সময়েং শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া সেই টাকাছাড়া, পূর্ব্বোক্ত অভিপ্রায়ে

জষ্টিসদের সাত লক্ষ পর্য্যন্ত কর্জ্জ লইবার ক্ষমতার কথা।

rate of interest, and upon such terms as to the time of repayment or otherwise, as the Justices, with the previous sanction of the Lieutenant-Governor, may approve, any sums of money the Justices may require for the objects aforesaid, not exceeding in the aggregate seven lakhs of rupees.

Penalty to be recovered as under Act VI (B.C.) of 1863.

11. Every prosecution in pursuance of this Act, or of any Act incorporated therewith, shall be instituted before a Justice of the Peace, and every fine or penalty imposed by any bye-laws made in pursuance of this Act, or of any Act incorporated therewith, shall be recovered, enforced, and applied in the same manner as fines and penalties are directed to be recovered, enforced, and applied by Sections 233 and 234 of Bengal Act VI of 1863.

Construction of Act.

12. This Act shall be read with, and taken as part of, Bengal Act VI of 1863, and all Bengal Acts incorporated therewith, and all the powers, privileges, and rights conferred on the Justices by virtue of and for the purposes of such Acts, shall be deemed to be conferred on the Justices for the purposes of this Act, in so far as the same are applicable or necessary.

Short Title.

13. This Act may be called the "Calcutta Markets' Amendment Act, 1874."

H. MILLETT,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
Judicial and Legislative Depts.

তাঁহারদের আর যত টাকা প্রয়োজন হয় সর্ব্বশুদ্ধ সাত লক্ষের অনধিক তত টাকা কর্জ্জ করিয়া লইতে পারিবেন। ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক জষ্টিসেরা ঐ টাকার উপর যে হারে সুদ দিবেন ও সেই টাকা ফিরিয়া দিবার কি প্রকারান্তরের যে নিয়ম অনুমোদন করেন তাহার বিধান করিয়া ঐ কর্জ্জ লইবেন ইতি।

১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনমতে দণ্ড আদায় করিবার কথা।

১১ ধারা। এই আইন অনুসারে কিম্বা অন্য যে আইন এই আইনের অঙ্গীভূত হয় তদনুসারে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, তাহা শান্তিরক্ষার্থ জষ্টিসদের সম্মুখে উপস্থিত করিতে হইবে, ও এই আইন অনুসারে কিম্বা অন্য যে আইন এই আইনের অঙ্গীভূত হইয়াছে তদনুসারে যে উপবিধি করা যায় তাহার দ্বারা যেং জরীমানা কি দণ্ড ধার্য্য হয়, ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ২৩৩ ও ২৩৪ ধারামতে জরীমানার ও দণ্ডের টাকা আদায় করিবার ও ঐ দণ্ড প্রবল করিবার ও ঐ টাকা প্রয়োগ করিবার যে বিধান আছে, উক্ত দণ্ডও সেই প্রকারে প্রবল করা যাইবে ও তাহা সেই কার্য্যেও প্রয়োগ হইবে ইতি।

আইনের অর্থের কথা।

১২ ধারা। এই আইন ১৮৬৩ সালের বঙ্গীয় ৬ আইনের ও তৎসহিত বঙ্গীয় অন্য যেং আইন অঙ্গীভূত হইয়াছে তাহার অংশ বলিয়া তাহার সহিত পাঠ করিতে হইবে। এবং ঐং আইনের শক্তিক্রমে ও তাহার কার্য্যপক্ষে জষ্টিসদের প্রতি যে সকল ক্ষমতা ও বিশেষ অধিকার ও স্বত্ব প্রদান করা গিয়াছে তাহা যতদূর খাটে কি আবশ্যক হয়, ততদূর এই আইনের কার্য্যপক্ষেও জষ্টিসদের প্রতি অর্পণ করা গেল এমত জ্ঞান করিতে হইবে ইতি।

সংক্ষেপ নামের কথা।

১৩ ধারা। এই আইন "কলিকাতার বাজারের আইন সংশোধন করিবার ১৮৭৪ সালের আইন" নামে বলা যাইতে পারিবে ইতি।

এচ মিলেট,
জুডিশাল ও লেজিসলেটিব ডিপার্টমেন্টে.
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটরী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 12, 1874.

মঙ্গলবার ১৮৭৪ সাল ১২ মে।

PART VIII.

ADVERTISEMENTS

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা মালদহ।

[বাকি খাজানার জ্ঞাপন পত্রের পাঠ।]

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা মালদহের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৪ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকী মালগুজারী আদায় নিমিত্ত ১৮৭৪ সালের ১৯ মেই মোতাবেক, ১২৮১ সাল ৬ জ্যৈষ্ঠ মঙ্গলবার তারিখে ঐ জিলার কালেকটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ২ আপ্রিল ১৮৭৪ ইং মোতাবেক ১২৮০ সাল তারিখ ২১ চৈত্র।

কোন শ্রেণী	নম্বর তৌজি	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	লাগায়েদ কিস্তি ফাল্গুনের বাকি	মন্তব্য।
প্রথম	৫১৮	তরফ হোসেনপুর ওরফে মানিকচন্দিগর পরগনে কাকজোল	চন্দ্রাবতী দেব্যা	১৪৭৭৶	৯০০৲	
ঐ	৫১৯	তরফ খাষ কোল চণ্ডীপুর পরগনে কাকজোল	দর্শন খাওয়াস	৫০১/	৩০৪৲	এই মহাল ১৮৫৯ সালের ১১ আইনমত অংশিদার আপনাপন দেয় রাজস্বের হিসাব পৃথক করিয়াছে জমিদারগণ মধ্যে কেহই কোন অংশের রাজস্ব দাখিল করে নাই সুতরাং সামাক মহাল নীলাম আমলে আসিল।
			ও হনুমান দত্ত খাওয়াস	৫৭৩।৶	৩৪২৲	
			ও চেনগি খাওয়াস	৭০/	৪৩৲	
			ও চন্দ্রাবতী দেব্যা	৩৩২।৶	২১০৲	
				১৪৭৭৶	৮৯৯৲	

F. J. ALEXANDER, *Offg. Collector.*

জিলা ত্রিপুরা।

জমিদারী বিক্রয়ের এস্তাহার কাছারী কালেক্টরী জিলে ত্রিপুরা।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান অনুসারে ইহাদ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা ত্রিপুরার অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলায় কালেকটর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবি ১৮৭৪ সালের ২৮ মার্চ দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইন অনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭৪ সালের ৩ জুন মোং ১২৮১ সালের ২১ জ্যৈষ্ঠ দিবসে প্রকাশ্য নীলামে নিরবশেষে বিক্রয় হইবেক ইতি সন ১৮৭৪ ইং ইতি ১১ আপ্রিল।

তপফীল।

৩১০ নং চাপাতলা মৌজা পং বরদা খাত হিসো।৶১৩' ক্রান্ত সদর জমা মায় রাস্তা খরচ মং ১৭১০৸০ আনা।

বিতং

উক্ত মহাল মধ্যে ১৮৫৯ ইং ১১ আইনের ১০ ধারানতে হিস্যা স্বতন্ত্র /৫ হিস্যা মধ্যে ৩৸ কড়া হিস্যা দসর জমা মায় রাস্তা খরচ ২০৯ পাই মালীক শিবচন্দ্র পাল জের বাটওরায় আছে এই হিস্যা নীলাম হইবেক বাকী ৬৶৩

উক্ত মহাল মধ্যে ৶২ গণ্ডা হিস্যা অন্দর /১১। গণ্ডা হিস্যা সদর জমা মায় রাস্তা খরচ ৬৭/ আনা যাহা জের বাটওরায় আছে মালীক কুঞ্জমোহন পোদ্দার ও কালীশঙ্কর পোদ্দার আক্রামদ্দি আমজাদ আলি আক্রামদ্দি আমজাদ আলী বাকী ৫১। ৶৩

N. S. ALEXANDER, *Offg. Collector.*

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৭৪ সালের মাগাএদ কিস্তি মার্চের রাজস্বে বাকি আদায় কারণ সন ১৮৭৪ সালের ৫ জুন মোতাবক সন ১২৮১ সালের ২৩ জ্যৈষ্ঠ শুক্রবারে জেলা মুরশিদাবাদের কালেকুটরির কাছারিতে অব্যর্থ নিলাম হইবেক ইতি ১৮৭৪ সাল ৯ আপ্রিল মোতাবক সন ১২৮১। ২৮ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	তায়দাদ রকম যাহা নিলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মহাল	৯	কিঃ পঃ কাশিপুর পঃ কাশিপুর	কাশীনাথ চৌধুরী ভুবনেশ্বরী শ্যামাচরণ ভট্ট কমলমণি স্বর্ণময়ী দেব্যা ভোলানাথ চন্দ্রমুখী দাস্যা তারিণীপ্রসাদ মুখর্য্যা ঈশানচন্দ্র রায় গনেশলাল গুরুপ্রসাদ রঘুনাথ ওরফে রাজারাম রায় শ্যামাসুন্দরী দাস্যা রাধাচরণ সেন ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় নৃত্যকালী দেব্যা শতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় নাবালগের ওলি পিতা ব্রজরাজ বন্দ্যোপাধ্যায়।	৮০৭৪৶৹ বাদ পৃথক হওয়া ব্যক্তিগণের অংশ যাহা নিলাম হইবেক না রাধাচরণ সেন ৫৬৬ ৶৹ চন্দ্রমুখি দাস্যা ৪৬৬৷৶ নৃত্যকালী দেব্যা ১৬৩৭৷০ শতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় নাবালগের ওলি পিতা ব্রজরাজ বন্দ্যোপাধ্যায় ৪৬৮৴০ শ্যামাসুন্দরী দাস্যা ৯৬৪ ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় ৫০৮৸৶৫ শ্যামাচরণ ভট্ট ৭৮৭৷৶৬ ঈশানচন্দ্র রায় ৫২৪৸৶০ ——— ৫৮২৩৸/১১ বক্রী একমালি ২২৫০।/১	পৃথক হওয়া হিসাব বাদে এজমালি অংশ নিলাম হইবেক ২২৫০।/১
২	ঐ	১০০	কিঃ পঃ চুনাখালী পঃ চুনাখালী।	রাজকিশোর চন্দ্রচূড় রামকুমার হরপ্রসাদ কাশীশ্বর মহারাণী স্বর্ণময়ী জয়নারায়ণ রাধাকৃষ্ণ বিশ্বনাথ মৃত্যুঞ্জয় বৃন্দসুন্দরী দাস্যা জীবনকৃষ্ণ প্রামাণিক শারাধনী দাস্যা শ্যামাসুন্দরী দাস্যা আশুতোষ চারুচন্দ্র বসু শশধর চৌধুরী প্যারীসুন্দরী দাস্যা রাণী যমুনাকুণ্ডারী রাণী শুভদাকুণ্ডারী মাতা হরীন্দ্র সিংহ নাবালগ কামিনীসুন্দরী ওলি ভরঙ্গিনী ওরফে লুটমণি দাস্যা পুলিন বিহারী সেন গোকুলমণি চৌধুরাণী শারদাপ্রসাদ ওরফে রাধিকাপ্রসাদ রায় চৌধুরী	৩৫৫১৷৶৫ বাদ পৃথক হওয়া অংশ যাহা নিলাম হইবেক না তাহার সদর জমা মহারাণী স্বর্ণময়ী ১০৭৷৶৯ রাণী যমুনাকুণ্ডারী রাণী শুভদ্রাকুণ্ডারী মাতা হরীন্দ্র সিংহ নাবালগ ৪৪৩৸৶৯ চারুচন্দ্র বসু ৮৩৷৶৷৪ জয়নারায়ণ বসু ১৬৭৷৶ আশুতোষ বসু ৮৩৷৶১৷	এজমালি অংশ নীলাম হইবেক তাহার সদর জমা ১০৪৫৸৶৬

শ্রেণীর নম্বর।	মহালের শ্রেণী।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগণা	নাম তালুকদার।	সদর জমা।	তায়দাদ রকম যাহা নিলাম হইবেক।
২	প্রথম শ্রেণীর মহাল	১০০	কঃ পঃ চুনাখালী পঃ চুনাখালী	শ্যামাচরণ বসু কান্দারীমন দুর্গিচান্দ ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় যোগীন্দ্রমোহিনী দেব্যা শশীভূষণ মুখোপাধ্যায় গণেশলাল রায় ও সরস্বতী দেব্যা।	শশধর চৌধুরী ১০৪।৴১০ শ্যামাচরণ বসু ২০১।৵ শ্যামাসুন্দরী চৌধুরাণী ৬২৸৵ গোকুলমণি চৌধুরাণী অর্পিল মাতা অখিলনাথ রায় চৌধুরী ২৬২৸০ শারদাপ্রসাদ ওরফে রাধিকাপ্রসাদ রায় চৌধুরী ২।২৸০ ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায় যোগীন্দ্রমোহিনী দেব্যা ৯৬৬৸৶৩ তারাধনী দাস্যা ৬৻১১। কামিনীসুন্দরী দাস্যা অলি তরঙ্গিণী ওরফে লুটমণী দাস্যা ৬৻১১। শশিভূষণ মুখুর্য্যা ও সরস্বতী দেব্যা ৮৬। ১১ পুলিসবেহারি সেন ২৫১ ——— ২৫০৫ ৷১১ বকী এজমালি অংশ যাহা নিলাম হইবেক তাহার সদর জমা ১০৪৫৸৴৬	এজমালি অংশ নীলাম হইবেক তাহার সদর জমা ১০৪৫৸৴৬
৩	ঐ	ঐ	ঐ	শ্যামাসুন্দরী চৌধুরানী ...	৬২৸৵	এই পৃথক হওয়া অংশ নীলাম হইবেক।
৪	ঐ	২৩৪	পটী বাহাদুরপুর পঃ কাশিপুর	অঘোরনাথ চৌধুরী ..	৭৪২৸৶৮	সমুদয় মহাল।
৫	ঐ	২৫৮	কিঃ ভঃ কাজিলপুর পঃ মণ্ডয়ানগর	মদনমোহন মুখোপাধ্যায় শ্যামাসুন্দরী শশীমুখী দেব্যা মাহাতাপ সিংহ তিনকড়ি দেব্যা ও ত্রিলোচন মুখোপাধ্যায়	১২২৭।৶৯	ঐ

নীলামের নম্বর।	মহালের শ্রেণী।	তৌজির নম্বর।	নাম মহাল ও পরগনা।	নাম তালুকদার।	সদর জমা।	তায়দাদ একম যাহা নিলাম হইবেক।
৬	প্রথম শ্রেণীরমাহাল	৪৮৮	কিঃ তঃ হরির পাড়া পঃ কুলবাড়িয়া	তারিণীশঙ্কর গুরুপ্রসাদ স্বয়ং ওলি জানিবে রঘুনাথ ওবঙ্গে রাজারাম রায় গনেশ লাল রায় স্বর্ণময়ী কমলমণি দেবী। তারাগতী জয়দুর্গা চন্দ্রাদেবী গুরুদাসী দীনবন্ধু চৌধুরী রামচন্দ্র কৃষ্ণধন হরসুন্দরী দাস্যা ভগবতী দাস্যা ওলি কৃষ্ণপ্রমাধিনী ওরফে মাখনমণি নাবালগা রাজমোহন হরসুন্দরী ওলি মাতা ললিতমোহন খোদ তার প্রথম চৌধুরী শ্যামাসুন্দরী চৌধুরাণী মনমোহন চন্দ্রমোহন শ্রীশ্রী৺ রঘুনাথ দেব ঠাকুর সেঃ মহন্ত গোপাল দাস রঘুনাথ মুৎস্কী চারুচন্দ্র বসু হরিপ্রসাদ চৌধুরী নাবালগের পক্ষে ওয়ার্ডসের তরফ ঈশানচন্দ্র রায় মেনেজর।	৪২৯৯৵৯ বাদ হরিপ্রসাদ চৌধুরী নাবালগের পৃথক করিয়া লওয়া অংশের সদর জমা যাহা নিলাম হইবেক না ২৪৬৶২ কৃষ্ণপ্রম ধিনী ওরফে মাখনমনি দাস্যা ১৭২৵ দীনবন্ধু চৌধুরী ২৯১৶৭। ——— ৭১৬৮৯।। বাকী একমালি অংশ নিলাম হইবে তাহার জমা ৩৫৮২ ১১।।	একমালি অংশ নীলাম হইবেক তাহার সদর জমা ৩৫৮২ ১১।।
৭	ঐ	৫৫৭	গঞ্জ জঙ্গিপুর পঃ গণকর	বিনোদরাম সেন ও সেট গোপালচান্দ।	৭১৪।/১১	সমুদয় মহাল।
৮	ঐ	২৭৯০	তঃ কুমড়াপুর পঃ আনন্দনগর	মুনশী শাহামতালি ...	২০৬০।৯	ঐ

C. D. C. Winster,
Cord. Dy. Collector in charge Offg. Collector.

জিলা চট্টগ্রাম।

বাকী খাজানার জ্ঞাপনপত্রের পাঠ।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭৪ সালের ২৫ ফেব্রুআরি তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আক্টের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭৪ সালের ১ জুন তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭৪ ইংরেজী তারিখ ৯ আপ্রিল।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবে।

৩৯ নং তরফ আলী রোহল্লা মালিক ত্রিপুরাচরণ রায় মোট সদর জমা সমুদয় মহাল বিক্রী হইবে ৯৯৪৲৬

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবে।

৫৪ নং তরফ আনন্দীরাম কাননগোয় মালিক আনন্দময়ী ও দিগম্বর রায় কাননগোয় গয়রহ কিবল দিগম্বর রায় কাননগোয়ের অংশ বং ২৬৶৭ পাই সদর জমা বিক্রী হইবে সমুদয় মহালের মোট সদর জমা ৮৪৯৷৵৯

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবে

৪০১ নং কিসমত বলরাম সরকার বাবতে তরফ ছনাউল্লা মালিক দাতারাম চৌধুরী গয়রহ সমুদয় মহাল বিক্রী হইবে মোট সদর জমা ১০৬৩।৶৩

বাকী রাজস্ব আদায়ের নিমিত্ত বিক্রী হইবে।

২২০৩ নং তরফ নছির চৌধুরী মালিক জান আলী গয়রহ সমুদয় মহাল বিক্রী হইবে মোট সদর জমা ৬৫৯৷৶১

A. L. Clay, *Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

জিলা ঢাকা।

ইস্তিহার নামা কাছারি কালেক্টরি।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধান-মতে জেলা ঢাকার অন্তর্গত নিম্নলিখিত মহালাত ১৮৭৪ সালের ২৮ মার্চ তারিখে প্রাপ্য বাকি মালগুজারি আদায়ের নিমিত্তে ১৮৭৪ সালের ৮ জুন মোতাবেক ১২৮১ সালের ২৬ জ্যৈষ্ঠ তারিখে ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি ১৮৭৪ ২৫ আপ্রিল মোং ১২৮১ সাল ১১ বৈশাখ।

তৌজির নম্বর	পরগনা ও মহালের নাম	রেজেষ্টরির লিখিত মালীকের নাম	দসর জমা	বাকির পরিমাণ	কৈফিয়ত।
৯৫৪৮	পরগনা কাশীমনগর তং কালিকাপুর তালুক মুন্সী মহাম্মদ হাফেজ	মুন্সী মাহাম্মদ হাফেজ ও আতরন্নেছা জওজে মৌলবি সৈয়জদ্দিন আহাম্মদ ও আবদুল হক ও ফজলল হক ও অম্বল খএরাত জওজে মৌলবি আনওার জমা	৭১৯৭/৩	১৬১॥২	
৯৭০৩	পরগনা কাশীমনগর কিং গোপীনাথপুর তালুক রামনরসিংহ ঘোষ	রামনর সিংহ ঘোষ ও আতরন্নেছা জওজে মৌলবি সৈয়জদ্দিন আহাম্মদ ও আবদুল হক ও ফজলল হক ও অম্বল খএরাত জওজে মৌলবি আনওার জমা	৫০৮॥৶৮	৬৯।৫	

D. R LYALL, *Offg. Collector.*

জিলা চব্বিশ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগনা এই যে,

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৭৪ সালের ২৮ মার্চ কিস্তির মালগুজারির বাকি বাবত ইংরাজী সন ১৮৭৪ সালের ২৯ মে মোতাবেক বাঙ্গালা সন ১২৮১ সাল ১৬ জ্যৈষ্ঠ রোজ শুক্রবার ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৭৪ সাল তারিখ ২২ আপ্রিল মোতাবেক সন ১২৮১ সাল তারিখ ১০ বৈশাখ

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৩৫৩ নং। কিঃ পরগনে বালিয়া মৌজে নন্দনপুর ওগয়রহ লিখিত মালিক রামচন্দ্র ঘোষাল সদর জমা কোম্পানি ৩৫৭৮৶৫

৬০৫ নং। কিঃ পরগনে ভাতুকা কিঃ ভাতুকা লিখিত মালিক গৌরীচরণ ঘোষ ওগয়রহ সদর জমা কোং মায় পোলীস থানাদারি ১৪৯৪৷৶৮ টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা-মতে ৸৶১৩৶৭৶৫ চোদ্দ আনা তের গণ্ডা দুই কাগ সাত তিল তিলের দুই কাগ পাঁচ তিল রকম স্বতন্ত্র হিস্যা হওয়া বাদে অবশিষ্ট এজমালিতে গৌরীচরণ ঘোষ ওগয়রহর নামে রকম /৬৷/১২৷/১৫ এক আনা ছয় গণ্ডা তের কাগ বার তিল তিলের তের কাগ পাঁচ তিন আনার কাত সদর জমা কোম্পানি মায় পোলীস থানাদারি ১২৭৪/১ টাকা তাহার সন ১২৮০ সালের নাং ফাল্গুন কিস্তি সন ১৮৭৪ সালের ২৮ মার্চ পর্য্যন্ত আদায় বাদে ২২।/৮ টাকা বাকী হওয়ায় নিলাম ধরা গেল।

৯৯০ নং। ১৬৫ নং লাটের মধ্যগত চক রোমজাননগর লিখিত মালিক ভানুমতী চৌধুরাণী ও সদর জমা কোম্পানি .. .. ১৮৮৫৲

দ্বিতীয় শ্রেণীর গএর বন্দবস্তী হওয়া মহাল।

১৪১৮ নং। ৯৯ নং লাট রহিমনগর আবাদকার মুনসী বজনে রহীম সদরজমা কোম্পানি কিঃ রসদী ৮৫১৲ এই মহাল রসদমতে ক্রমশঃ বৃদ্ধি হইয়া সন ১৩১০ সাল হইতে সন ১৩১৮ সাল পর্য্যন্ত ২০৫৩৶০ টাকা জমা হইবেক।

১২০৮ নং। ১৬৭ নং লাটের অন্তর্গত খাষ রোমজাননগর আবাদকার ভানুমতী চৌধুরাণী ওগয়রহ সদর জমা কোম্পানি ... ... ৬০১৲

রোডফণ্ড ... ৬৲

৬০৭৲

[*Government Gazette, 12th May 1874.*]

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

২৩৬৯ নং। পরগনে দাতিয়া লিখিত মালিক জয়গোপাল পাল চৌধুরী ওগয়রহ সদরজমা কোম্পানি ৪৭৩২২।/৬। টাকার মধ্যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ।৶১৩।=৶৮/১০ ছয় আনা তেরগণ্ডা এক কড়া দুইক্রান্তি তিন কাগ আটতিল তিলের এককাগ দশ তিল রকম স্বতন্ত্র হিস্যা হওয়া বাদে অবশিষ্ট এজমালিতে জয়গোপাল পাল চৌধুরী ওগয়রহর নামে ।।/৬।—১১৸৶১০ নয় আনা ছয় গণ্ডা এক কড়া এক ক্রান্তি এগারো তিল তিলের চৌদ্দ কাগ দশতিল আনার কাত সদরজমা কোম্পানি ২৭৫৬০৸৶৫৫ টাকা তাহার সন ১২৮০ সালের নাং ফাল্গুন কিস্তী সন ১৮৭৪ সালের ২৮ মার্চ পর্য্যন্ত আদায় বাদে ৬২/১১। টাকা বাকী হওয়ায় নীলাম ধরা গেল।

F. B. Peacock, *Collector.*

জিলা বীরভূম।

ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জেলা বীরভূম এই যে,

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও ১৮৬৮ সালের ৭ আইনের ৩ ধারানুসারে জেলা বীরভূমের মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল ১৮৭৪ সালের ২৮ মার্চ তারিখের প্রাপ্য বাকী মালগুজারি ৩৮১৸/৯ আদায় নিমিত্ত ১৮৭৪ সালের ২০ মেই মোতাবক বাঙ্গলা ১২৮১ সালের ৭ জ্যৈষ্ঠ বুধবার ঐ জেলার কালেকটর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭৪।৬ আপ্রিল।

শ্রেণীর নম্বর	মহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মহাল ও পরগনা	নাম তালুকদার	সদর জমা	যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মহাল	১২৩	লাট রামপুর পঃ তপেপ মুনি	আশানন্দ দাস ঈশানচন্দ্র সেন দয়ারাম মজুমদার বনওয়ারিলাল সিংহ মাধবচন্দ্র মণ্ডল আতরমণী দাস্যা অলিমাতা নাবালগ যোগেন্দ্রলাল দাস	১৭৩০৶ বাদ যাহারা পৃথক হিসাব করিয়াছে দয়ারাম মজুমদার বনওয়ারিলাল সিংহ ৩২৪।৶ আতরমণী দাস্যা অলিমাতা নাবালগ যোগেন্দ্রলাল দাস ১৮২।।০ মাধবচন্দ্রমণ্ডল ৭৪।৶ ৭৯৭।।/৭। এজমালি অংশ যাহা নীলাম হইবেক তাহার সদর জমা ৯৩২।।৶৪।।	এই অংশ নীলাম হইবেক।

R. D. Hime, *Offg. Collector.*

বীরভূম কালেক্টরী। তারিখ ১৫ আপ্রিল ১৮৭৪।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৪। ১২ মে।]

জিলা পূর্ব্বাংশ বর্দ্ধমান।

